# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Shrabon 28, 1433 Bangla, August 12, 2026, Wednesday, No. 218, 56th year

# HIGHLIGHTS

Prime Minister Tarique Rahman has said that Bangladesh currently offers a favourable environment for investment and that the government stands ready to provide all necessary support to interested foreign investors.

(Radio Today: 21)

Home Minister Salahuddin Ahmed has said that, given the country's geographical and constitutional realities, all citizens residing within Bangladesh share a single identity as "Bangladeshis", adding that there are no indigenous groups in the country. (BBC:05)

Chief Whip Nurul Islam has said that Article 70 of the Constitution will apply in the upcoming presidential election, meaning that no member of parliament will be allowed to vote against the party's decision, and any violation could result in the loss of parliamentary membership. (BBC:04)

Power, Energy and Mineral Resources Minister Iqbal Hasan Mahmud Tuku has said that the government is investment-friendly, particularly in the energy sector, and is keen to encourage private investment.

(Jago News:13)

Water Resources Minister Shahiduddin Chowdhury Annie has identified the excavation of 20,000 kilometres of canals as the government's top priorities to implementation of the Teesta Master Plan, renewal of the Ganges Water Sharing Treaty and to protect groundwater levels. (Jago News:19)

Education Minister A N M Ehsanul Haque Milon has said that the country's education system remains in a highly fragile state, acknowledging that there is no scope to deny its weaknesses and that efforts are already underway to address them. (Radio Today:22)

Prime Minister's Adviser on Information and Broadcasting Dr Zahed Ur Rahman has said that former prime minister Sheikh Hasina will be provided full security if she returns to Bangladesh and will enjoy all rights guaranteed under the judicial process. (Jago News:13)

India has invited the Prime Minister of Bangladesh to visit the country on a bilateral trip and to attend the upcoming BRICS Summit, according to Indian Ministry of External Affairs spokesperson Randhir Jaiswal.

(Radio Today:23)

The Ministry of Public Administration has issued a 12-point directive, including biometric verification measures, to prevent impersonation and fraudulent candidates from participating in government recruitment examinations.

(Radio Today:24 )

A Syrian court has sentenced former president Bashar al-Assad to death in absentia after finding him guilty of war crimes and crimes against humanity committed during the country's civil war. (BBC:10)

# দৈনিক মনিটরিং রিপোর্ট

## মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা

## শ্রাবণ ২৮, বাংলা ১৪৩৩, আগস্ট ১২, ২০২৬, বুধবার, নং-২১৮, ৫৬তম বছর

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, বর্তমানে বাংলাদেশে বিনিয়োগের অনুকূল পরিবেশ রয়েছে। আগ্রহী বিদেশি বিনিয়োগকারীদের সব ধরনের সহযোগিতা করতে সরকার প্রস্তুত। [রেডিও টুডে:২১]

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, ভৌগোলিক ও সাংবিধানিক বাস্তবতায় বাংলাদেশের ভূখণ্ডে বসবাসকারী সকল নাগরিকের একটিই পরিচয়- সবাই 'বাংলাদেশি' এখানে কোনো 'আদিবাসী' গোষ্ঠী নেই। [বিবিসি:০৫]

আসন্ন রাষ্ট্রপতি নির্বাচনে সংবিধানের ৭০ অনুচ্ছেদ কার্যকর হবে, অর্থাৎ দলীয় সিদ্ধান্তের বাইরে গিয়ে কোনো সংসদ সদস্য ভোট দিতে পারবেন না; যদি করেন, তাহলে সদস্যপদ বাতিল হবে--- চিফ হুইপ নুরুল ইসলাম।[বিবিসি:০৪]

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু বলেছেন, "আমাদের সরকার প্রাইভেট ইনভেস্টমেন্ট ফ্রেন্ডলি। বিশেষ করে এনার্জি সেক্টরে প্রাইভেট ইনভেস্টমেন্ট নিয়ে আমরা আগ্রহী।" [জাগো নিউজ:১৩]

তিস্তা মহাপরিকল্পনা বাস্তবায়ন, গঙ্গা চুক্তি নবায়ন ও ভূগর্ভস্থ পানির স্তর রক্ষায় ২০ হাজার কিলোমিটার খাল খননকে বর্তমান সরকারের শীর্ষ অগ্রাধিকার হিসেবে উল্লেখ করেছেন পানিসম্পদমন্ত্রী শহীদউদ্দীন চৌধুরী এ্যানি। [জাগো নিউজ:১৯]

দেশের শিক্ষাব্যবস্থা অত্যন্ত নাজুক অবস্থায় রয়েছে উল্লেখ করে শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন বলেছেন, শিক্ষাব্যবস্থার ভঙ্গুর অবস্থাকে অস্বীকার করার কোনো সুযোগ নেই। ভঙ্গুর শিক্ষাব্যবস্থা নিয়ে কাজে নেমেছি। [রেডিও টুডে:২২]

প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচারবিষয়ক উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান জানিয়েছেন যে, সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশে ফিরলে তাকে পূর্ণ নিরাপত্তা দেওয়া হবে এবং তিনি বিচারিক প্রক্রিয়ায় অংশ নেওয়ার ক্ষেত্রে সব ধরনের অধিকার ভোগ করবেন। [জাগো নিউজ:১৩]

ভারত সরকারের পক্ষ থেকে বাংলাদেশের প্রধানমন্ত্রীকে দ্বিপাক্ষিক সফর এবং আসন্ন ব্রিকস সম্মেলনে অংশ নিতে ভারত সফরের আমন্ত্রণ জানানো হয়েছে---জানিয়েছেন ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সোয়াল। [রেডিও টুডে:২৩]

সরকারি নিয়োগ পরীক্ষায় ভুয়া বা প্রক্সি পরীক্ষার্থী ঠেকাতে বায়োমেট্রিক শনাক্তকরণসহ ১২ দফা নির্দেশনা দিয়ে পত্র জারি করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়। [রেডিও টুডে:২৪]

সিরিয়ায় গৃহযুদ্ধ চলাকালে যুদ্ধাপরাধ ও মানবতাবিরোধী অপরাধের অভিযোগে দোষী সাব্যস্ত করে দেশটির ক্ষমতাচ্যুত স্বৈরশাসক বাশার আল-আসাদকে তার অনুপস্থিতিতেই মৃত্যুদণ্ড দিয়েছে একটি আদালত। [বিবিসি:১০]

# বিবিসি

## 'র' প্রধানের ঢাকা সফর নিয়ে স্পেকুলেশনের কিছু নেই : প্রধানমন্ত্রীর উপদেষ্টা

বাংলাদেশের প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার বিষয়ক উপদেষ্টা জাহেদ উর রহমান বলেছেন ভারতীয় গোয়েন্দা সংস্থা র-এর প্রধানের ঢাকা সফর নিয়ে স্পেকুলেশনের কিছু নেই। "র-প্রধান চীন থেকে এসেছেন। এটা এক ধরনের সফর। তিনি এখানে তার কাউন্টার পার্টের সাথে বৈঠক করবেন। এ নিয়ে সরকার মনে করলে সফরের পর বিবৃতি দিতে পারে। এটা নিয়ে স্পেকুলেশনের কিছু নেই। আমাদের গোয়েন্দা প্রধানও ভারতে গেছেন, সফর করেছেন," সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে তিনি বলেছেন। তিনি বলেন, দুই দেশের সম্পর্ক তো নতুন করে রিঅ্যালাইনমেন্ট করতে হবে। "তবে আগে যেই সম্পর্ক তারা করতে চেয়েছে সেটি ছিল, একজনের সাথে। তাকে জনগণের সাথে সম্পর্ক করতে হবে। ভারতের কোনো সংস্থা, কোনো প্রতিষ্ঠান আগে যেভাবে কাজ করেছে যে অ্যাটিচুড করেছে, এখন সেভাবে হবে না। স্বাধীন সার্বভৌম দেশের সাথে যেভাবে হয়, সেভাবে হতে হবে। দুটি স্বাধীন সার্বভৌম দেশের মতো হতে হবে," বলেছেন মি. রহমান। ভারত বাংলাদেশ সম্পর্কের বিষয়ে তিনি বলেন, ভবিষ্যৎ সম্পর্কের যে রিয়েল অ্যালাইনমেন্ট-এর আলাপ তারা এখন করছেন তার অনুকূল পরিবেশ ভারতের দিক থেকে তৈরি করতে হবে। তিনি বলেন, বাংলাদেশের দীর্ঘকাল যে সমস্যা হয়েছে যে, আমরা দেখেছি নানা সময়ে ওই সরকার (শেখ হাসিনা সরকার) অপ্রেসিভ হয়ে উঠতে পেরেছিল, তার ক্ষমতা টিকিয়ে রাখতে পেরেছিল, তার সাথে ভারতের যোগাযোগের বিষয়ে জনগণের সন্দেহ আছে। "তাকে (শেখ হাসিনা) তো প্রত্যর্পণের কথা ছিল। মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামিকে ফেরত চাই। তাকে আইনের আওতায় আনতে চাই। তিনি সেখানে সংবাদ সম্মেলন করলেন। যাকে বিচার করতে চাই, তিনি ওখানে বসে ওটা করছেন। এটা ভারতকে আন্তরিকভাবে নিতে হবে যে, বাংলাদেশের সাথে ভবিষ্যৎ সম্পর্ক কেমন হবে, কী হবে," বলেছেন তিনি। বাংলাদেশের ক্রিকেটার সম্প্রতি রয়টার্সকে দেওয়া সাক্ষাৎকারে নিরাপত্তার বিষয়ে যা বলেছেন, সে বিষয়ে এক প্রশ্নের জবাবে জাহেদ উর রহমান বলেন, সাকিব আল হাসান ভালো খেলোয়াড় হতে পারে কিন্তু "তিনি একজন নষ্ট পচে যাওয়া মানুষ।" "উই ডোন্ট কেয়ার উনি কত নামী-দামি মানুষ। এসব ফালতু কথা উনি বলেন সরকারকে কিছুটা চাপে ফেলার জন্য। উনি বাংলাদেশে আসবেন মামলা ফেস করার জন্য। উনি আসলে কি এয়ারপোর্টে লোকজন মব করবে? নো ওয়ে। তার প্রত্যেকটি কথা সরকারের বিরুদ্ধে প্রোপাগান্ডা।" তিনি বলেন, শেখ হাসিনা বাংলাদেশে এলে পূর্ণ নিরাপত্তার সাথে আসবেন ও পূর্ণ অধিকার ভোগ করবেন বিচার প্রক্রিয়ায়। "এখানে বীভৎস অপরাধীও তার আইনগত অধিকার পাবেন, সেটা হাসিনাই হোক আর সাকিব আল হাসানই হোক।"

(বিবিসি ওয়েব পেজ : ১১.০৮.২০২৬ আলী আহমেদ)

## বিএসএফের হাতে বাংলাদেশি আটক হওয়ার পর এক ভারতীয়কে ধরে আনে স্থানীয়রা, যা জানা যাচ্ছে

ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর (বিএসএফ) সদস্যরা বাংলাদেশি এক প্রবীণকে আটক করে নিয়ে যাওয়ার তিনদিনের মাথায় বাংলাদেশ সীমান্তে ঢুকে পড়া এক ভারতীয়কে ধরে আটকে রাখেন স্থানীয় বাসিন্দারা। বাংলাদেশি নাগরিককে মুক্তি না দেওয়া পর্যন্ত ভারতীয় ওই যুবককেও ছাড়া হবে না বলে জানান তারা। পরে খবর পেয়ে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) ও পুলিশের সদস্যরা ঘটনাস্থলে গিয়ে ভারতীয় ওই নাগরিককে নিজেদের হেফাজতে নেন। ঘটনাটি ঘটেছে বাংলাদেশের পঞ্চগড় জেলার বিরাজোত সীমান্তে। পুলিশ বলছে, গত শনিবার গ্রামবাসীর হাতে আটক হওয়া ভারতীয় যুবকের নাম দীপঙ্কর গোপ। সীমান্তে অনুপ্রবেশের মামলায় গ্রেফতার দেখিয়ে সোমবার তাকে কোর্টে তোলা হয়। পরে আদালতের নির্দেশে তাকে কারাগারে পাঠানো হয়েছে বলে জানিয়েছেন পুলিশের কর্মকর্তারা। অন্যদিকে, বাংলাদেশের যে প্রবীণকে বিএসএফ আটক করেছে, তার নাম তমিজ উদ্দিন বলে জানিয়েছে পরিবার। প্রায় ৮০ বছর বয়সি মি. উদ্দিনকেও ভারতীয় পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে বলে জানা যাচ্ছে। পাল্টাপাল্টি এমন আটকের ঘটনার পর বেশ কয়েক দফায় পতাকা বৈঠক করেছে বিজিবি ও বিএসএফ। দুই দেশের আইন অনুযায়ী পরবর্তী পদক্ষেপ নেওয়া হচ্ছে বলে জানিয়েছেন কর্মকর্তারা।

### তমিজ উদ্দিনের আটক নিয়ে যা জানা যাচ্ছে

বিএসএফের হাতে আটক হওয়া তমিজ উদ্দিন বাড়ি পঞ্চগড় সদর উপজেলার অন্তর্গত সাতমেরা ইউনিয়নের বিরাজোত গ্রামে। স্বজনদের ভাষ্যমতে, মি. উদ্দিন গত ৫ আগস্ট সকালে ভারতীয় সীমান্ত সংলগ্ন একটি মাঠে গরু চরাতে গিয়েছিলেন। এক পর্যায়ে একটি গরু বাংলাদেশ সীমান্ত পেরিয়ে ভারতের ভূ-খণ্ডে ঢুকে পড়ে। সেই গরু আনতে গেলে বিএসএফের সদস্যরা মি. উদ্দিনকে আটক করে নিয়ে যায়। "আমার বাবার ৮০ বছর বয়স। সে ভালোমতো হাঁটতেও পারে না, ঠিকমত কানেও শোনে না। সে ইচ্ছা করে ওপারে যায়নি। গরু চলে গেছে বলে পিছে পিছে গেছে," সাংবাদিকদের বলেন তমিজ উদ্দিনের ছেলে আজাহার আলী। ঘটনার পর মি. উদ্দিনের আটক হওয়ার খবরটি স্থানীয় বিজিবিকে জানানো হয়। "কিন্তু এখন পর্যন্ত বাবাকে ফেরত আনা হয়নি। আমার বাবা না বুঝে ওপারে চলে গেছে। আমরা তার মুক্তি চাই," বলেন মি. আলী। বিজিবির কর্মকর্তারা জানিয়েছেন, আটকের পর বিএসএফ সদস্যরা তমিজ উদ্দিনকে পশ্চিমবঙ্গ পুলিশের কাছে হস্তান্তর করেছে।

### দীপঙ্কর গোপ আটক হলেন কীভাবে?

বাংলাদেশ সীমান্তে আটক দীপঙ্কর গোপ পশ্চিমবঙ্গের জলপাইগুড়ি জেলার রাজগঞ্জ ব্লকের আওতাধীন কুকুরজান গ্রামের বাসিন্দা বলে জানা যাচ্ছে। তার প্রতিবেশীরা জানান, বাংলাদেশ সীমান্তের কাছে মি. গোপের ছোটো একটি চা বাগান রয়েছে। গত শনিবার সকালে সেখানে কাজ করতে গিয়েছিলেন মি. গোপ। "অন্য দিনের মতোই সীমান্তের গেটে নথি দেখিয়ে নাম লিখিয়ে ও চা বাগানে কাজে গিয়েছিল। আরও কৃষকরাও ছিল কাছাকাছি। হঠাৎই তারা খেয়াল করে যে, দীপঙ্করকে দেখা যাচ্ছে না," বিবিসি বাংলাকে বলছিলেন বিশ্বনাথ রায় নামে মি. গোপের এক প্রতিবেশী। পরে তারা জানতে পারেন, বাংলাদেশ সীমান্তে ঢুকে পড়ার কারণে বিরাজোত গ্রামের বাসিন্দারা তাকে ধরে নিয়ে গেছে। "এরপর আমরা জানতে পারি যে, কয়েক দিন আগে যে বাংলাদেশি মানুষকে এদিকে চলে আসার জন্য ধরা হয়েছিল, তাকে না ছাড়লে দীপঙ্করকে ফেরত দেবে না," বলেন মি. রায়। পঞ্চগড়ের বিরাজোত গ্রামের বাসিন্দারা বলছেন, ভারতীয় সীমান্তের কাছে ফয়জুল ইসলাম নামের এক বাংলাদেশির একটি আখের ক্ষেত রয়েছে। মি. গোপ ওই ক্ষেত থেকে 'আখ চুরি করতে গেলে' তাকে আটক করা হয় বলে দাবি করেছেন বিরাজোত গ্রামের বাসিন্দারা। "ওই লোক এসে আখ ক্ষেত থেকে চুরি করে আখ ভাঙতেছিল। তখন সেখানে আমাদের এক ভাই ছিল পাহারায়। ও আমাদের ফোন দেয়। এরপর আমরা সবাই দৌড়ে যেয়ে ভারতের ওই লোকরে আটক করি," বলেন তমিজ উদ্দিনের ছেলে আজাহার আলী। "ওই জমি তো আজকের না, ওর বাপ ঠাকুরদার বিরাট জমি ছিল। কতদূর অবধি জমি, কোথায় বর্ডার পিলার, এসব আমাদের মুখস্থ। কেন ও সীমান্ত পেরিয়ে ওদিকে চলে যাবে?," প্রশ্ন বিশ্বনাথ রায়ের। "আমার বাবাকে আগে ফেরত দেবে, তাহলে আমরাও ভারতের লোককে ফেরত দেবো," গত শনিবার মি. গোপকে ধরে আনার পর সাংবাদিকদের বলেন মি. আলী। পরে খবর পেয়ে বিজিবি ও পুলিশের সদস্যরা ঘটনাস্থলে যান এবং ভারতীয় ওই নাগরিককে নিজেদের হেফাজতে নেন।

**বিক্ষোভ, পতাকা বৈঠক**

দীপঙ্কর গোপের আটকের খবর জানার পর তার মুক্তির দাবিতে স্বজন ও গ্রামের বাসিন্দারা বিক্ষোভ শুরু করে। "এ নিয়ে আমাদের গ্রামে যথেষ্ট ক্ষোভ তৈরি হয়েছে। গ্রামের নারীরা জড়ো হয়ে বিক্ষোভ দেখিয়েছে। স্থানীয় জনপ্রতিনিধিদেরও বিষয়টি জানিয়েছি আমরা। তারা গ্রামে এসেছিলেন আমাদের সঙ্গে কথা বলতে," বলছিলেন মি. গোপের প্রতিবেশী বিশ্বনাথ রায়। এ অবস্থায় বিজিবি ও বিএসএফের কর্মকর্তারা বিষয়গুলো নিয়ে দফায় দফায় পতাকা বৈঠক করেন। বিষয়টি নিয়ে বিজিবি কর্মকর্তারা আনুষ্ঠানিক কোনো মন্তব্য করতে রাজি হননি। তবে পঞ্চগড়ের স্থানীয় প্রশাসনের কর্মকর্তাদের সঙ্গে কথা বলে জানা যাচ্ছে যে, শুরুতে তারা পতাকা বৈঠকের মাধ্যমের সমস্যাটির সমাধান করতে চেয়েছিলেন। সেজন্য আটকের পরপরই দীপঙ্কর গোপের বিরুদ্ধে মামলা দায়ের না করে অপেক্ষা করছিলেন তারা। কিন্তু পতাকা বৈঠকের একপর্যায়ে বিএসএফের পক্ষ থেকে বিজিবিকে জানানো হয় যে, বাংলাদেশি নাগরিক তমিজ উদ্দিনকে পশ্চিমবঙ্গ পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে এবং তার বিরুদ্ধে মামলাসহ অন্যান্য আইনগত প্রক্রিয়া শুরু হয়েছে। এটি জানার পর গত রোববার ভারতের নাগরিক দীপঙ্কর গোপকেও পঞ্চগড় জেলা পুলিশের কাছে হস্তান্তর করেন বর্ডার গার্ড বাংলাদেশের কর্মকর্তারা। এরপর রাতেই তার বিরুদ্ধে বাংলাদেশ সীমান্তে অনুপ্রবেশের অভিযোগে মামলা করা হয়। "আমরা ওই লোকটাকে নিয়ে এসেছি গতকাল (রোববার) সন্ধ্যায়। নিয়ে এসে মামলা রেকর্ড করে তাকে কোর্টে চালান দেওয়া হয়," বিবিসি বাংলাকে বলছিলেন পঞ্চগড় জেলার পুলিশ সুপার (এসপি) মো. আবু সাইম। বিষয়টি নিয়ে বিবিসির তরফ থেকে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর সঙ্গে যোগাযোগ করা হলেও আনুষ্ঠানিক কোনো বক্তব্য পাওয়া যায়নি। তবে নাম প্রকাশ না করার শর্তে ঘটনার সঙ্গে সংশ্লিষ্ট এক কর্মকর্তা বিবিসি বাংলাকে জানিয়েছেন যে, নিয়মের মধ্যে থেকেই তারা উদ্ভূত পরিস্থিতি মোকাবিলার চেষ্টা চালাচ্ছেন। "যা হবে, আনুষ্ঠানিকভাবে দুই দেশের মধ্যে নিয়ম, আইন মেনেই করা হবে," বলেন ওই কর্মকর্তা। কিন্তু সেই আইনি প্রক্রিয়া শেষ করে তমিজ উদ্দিন এবং দীপঙ্কর গোপ ঠিক কবে নাগাদ বাড়ি ফিরতে পারবেন, সেটি এখনও নিশ্চিত করে বলতে পারছেন না বাংলাদেশ ও ভারতের কর্মকর্তারা।(বিবিসি ওয়েব পেজ : ১১.০৮.২০২৬ আলী আহমেদ)

## রাষ্ট্রপতি নির্বাচনে বিএনপির প্রার্থী নিয়ে যা বললেন চিফ হুইপ

জাতীয় সংসদের চিফ হুইপ নুরুল ইসলাম মনি বলেছেন, রাষ্ট্রপতি নির্বাচনে বিএনপি প্রার্থীর কে হবেন, সেটি প্রধানমন্ত্রী ঘোষণার পরই জানা যাবে। কবে সেটি জানানো হবে জানতে চাইলে তিনি বলেন, মনোনয়নপত্র দাখিলের সময়ই সবাই জানতে পারবেন। জাতীয় সংসদে রাষ্ট্রপতি নির্বাচন নিয়ে প্রস্তুতিমূলক এক বৈঠকের পর প্রেস ব্রিফিংয়ে রাষ্ট্রপতি নির্বাচনে বিএনপির প্রার্থী কে হচ্ছেন- এমন এক প্রশ্নের জবাবে তিনি একথা বলেন। চিফ হুইপ জানান, রাষ্ট্রপতি নির্বাচনে সংবিধানের ৭০ অনুচ্ছেদ কার্যকর হবে, অর্থাৎ দলীয় সিদ্ধান্তের বাইরে গিয়ে কোনো সংসদ সদস্য ভোট দিতে পারবেন না। "সংবিধানের ৭০ অনুচ্ছেদ অনুযায়ী দলের সিদ্ধান্তের বাইরে তারা কোনো সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে না। যদি করেন, তাহলে সদস্যপদ বাতিল হবে," বলেছেন তিনি। নূরুল ইসলাম বলেন, রাষ্ট্রপতি, সংসদ নেতা, বিরোধীদলীয় নেতা ও স্পিকারের ভোট দেওয়ার দৃশ্য গণমাধ্যমকে সরাসরি সম্প্রচারের সুযোগ দেওয়া হবে। ভোটগ্রহণ শেষে ব্যালট গণনা ও ফলাফল প্রস্তুতের কার্যক্রমও ফলাফল ঘোষণা পর্যন্ত সরাসরি সম্প্রচার করা যাবে। তিনি বলেন, সংসদে মোট ৩৪৯ জন ভোটার রয়েছেন। নির্ধারিত সময়ের আগেই ভোটগ্রহণ শেষ হলে গণনা শেষে দ্রুত ফলাফল ঘোষণা করা হবে। তবে কোনো ভোট বাকি থাকলে বিকেল ৫টা পর্যন্ত অপেক্ষা করে এরপর ফলাফল ঘোষণা করা

হবে। চিফ হুইপ জানান, প্রধান নির্বাচন কমিশনার রিটার্নিং কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। নির্বাচন কমিশনের প্রয়োজনীয় কর্মকর্তা-কর্মচারীরা নির্বাচনী কার্যক্রমে দায়িত্ব পালন করবেন এবং সংসদ সচিবালয় তাঁদের প্রয়োজনীয় সাচিবিক সহায়তা দেবে। প্রসঙ্গত, বিএনপির জাতীয় স্থায়ী কমিটির সভায় সম্প্রতি রাষ্ট্রপতি নির্বাচনে দলীয় প্রার্থী চূড়ান্ত করার দায়িত্ব দলীয় প্রধান ও প্রধানমন্ত্রী তারেক রহমানকে দেওয়া হয়েছে। তবে তিনি এখনো আনুষ্ঠানিকভাবে দলের প্রার্থীর নাম ঘোষণা করেননি। বিরোধী জামায়াত নেতৃত্বাধীন জোট থেকে এলডিপির একাংশের সভাপতি অলি আহমদের নাম প্রার্থী হিসেবে ঘোষণা করা হয়েছে। ক্ষমতাচ্যুত আওয়ামী লীগের শাসনের সময় দলটির মনোনয়নে নির্বাচিত ২২তম রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন তার মেয়াদের দেড় বছরের মতো সময় বাকি থাকতেই পদত্যাগ করেন গত ২৪ জুলাই। তার পদত্যাগের পর ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব পালন করছেন জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ। এখন নির্বাচন কমিশন আগামী ২০ অগাস্ট রাষ্ট্রপতি নির্বাচনের তফসিল ঘোষণা করেছে।
(বিবিসি ওয়েব পেজ : ১১.০৮.২০২৬ আলী আহমেদ)

## তেলের দাম ব্যারেল প্রতি ৯০ ডলার ছাড়ালো

ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে সমঝোতার সম্ভাবনা কমে যাওয়ার প্রেক্ষাপটে বিশ্ববাজারে অপরিশোধিত তেলের দাম প্রতি ব্যারেল ৯০ ডলার ছাড়িয়ে গেছে। অপরিশোধিত তেলের দামই বিশ্ববাজারে তেলের দামের সূচক হিসেবে বিবেচিত হয়। মঙ্গলবারও তেলের দাম উর্ধ্বমুখী ছিল। হরমুজ প্রণালি পুনরায় খুলে দেওয়ার সম্ভাবনা কমে যাওয়ায় মূল্যস্ফীতি আবারও বাড়তে পারে- এমন আশঙ্কা জোরালো হয়েছে। গত এক সপ্তাহে অপরিশোধিত তেলের দাম প্রায় ১০ শতাংশ বেড়েছে। চলতি মাসের শুরুতে হোয়াইট হাউস থেকে আশাবাদী বক্তব্য দেওয়া হলেও, গুরুত্বপূর্ণ এই জলপথের ভবিষ্যৎ নিয়ে যুক্তরাষ্ট্র ও ইরান এখনো একটি সমঝোতায় পৌঁছানো থেকে অনেক দূরে রয়েছে। বিশ্বের মোট অপরিশোধিত তেলের প্রায় ২০ শতাংশ হরমুজ প্রণালির মধ্যদিয়ে পরিবাহিত হয়, যেখানে যুদ্ধের কারণে বর্তমানে জাহাজ চলাচল বন্ধ রয়েছে।(বিবিসি ওয়েব পেজ : ১১.০৮.২০২৬ আলী আহমেদ)

## বাংলাদেশে কোনো আদিবাসী গোষ্ঠী নেই, বললেন স্বরাষ্ট্রমন্ত্রী

বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, ভৌগোলিক ও সাংবিধানিক বাস্তবতায় বাংলাদেশের ভূখণ্ডে বসবাসকারী সকল নাগরিকের একটিই পরিচয়- সবাই 'বাংলাদেশি' এখানে কোনো 'আদিবাসী' গোষ্ঠী নেই। "আমরা সকলেই বাংলাদেশের 'অধিবাসী'। সংবিধান অনুযায়ী দেশের প্রতিটি নাগরিকের অধিকার ও সুযোগ-সুবিধা সমানভাবে সুরক্ষিত," স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে মন্ত্রীকে উদ্ধৃত করে একথা বলা হয়েছে বলে সরকারি বার্তা সংস্থা বাসস জানিয়েছে। বাসসের খবরে বলা হয় স্বরাষ্ট্রমন্ত্রী চিটাগাং হিল ট্র্যাকটস রিসার্চ ফাউন্ডেশন (সিএইচটিআরএফ) আয়োজিত 'বাংলাদেশের জন্য 'আদিবাসী' পরিচয় অপ্রাসঙ্গিক' শীর্ষক এক গোলটেবিল আলোচনায় প্রধান অতিথির বক্তব্য রাখছিলেন। মি. আহমদ বলেন, জাতীয় মূলধারার সাথে সমতা আনার লক্ষ্যে পিছিয়ে পড়া জনগোষ্ঠী, নারী ও শিশুদের কল্যাণে রাষ্ট্র বিশেষ সুবিধা ও কোটা ব্যবস্থা বজায় রেখেছে, যা সংবিধানেও স্বীকৃত। পার্শ্ববর্তী বিভিন্ন বহুভাষী ও বহুজাতিক রাষ্ট্রের উদাহরণ টেনে তিনি বলেন, সেখানে শত শত ভাষা প্রচলিত থাকা সত্ত্বেও পৃথক 'আদিবাসী' সত্তার রাষ্ট্রীয় স্বীকৃতি দেওয়া হয়নি বরং অনগ্রসরদের সুযোগ-সুবিধা দিয়ে মূলধারায় যুক্ত করা হয়েছে। অনগ্রসর জনগোষ্ঠীর জন্য সাংবিধানিক সুরক্ষার বিষয়টি তুলে ধরে মন্ত্রী বলেন, বাংলাদেশ রাষ্ট্র তার ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, উপজাতি ও বিভিন্ন সম্প্রদায়ের ধর্মীয়, সামাজিক ও সাংস্কৃতিক ঐতিহ্যকে রক্ষা, বিকাশ ও সংরক্ষণে পূর্ণ প্রতিশ্রুতিবদ্ধ।
(বিবিসি ওয়েব পেজ : ১১.০৮.২০২৬ আলী আহমেদ)

## বন্ধ তিন পাটকল লিজ পেল প্রাণ ও হ্যামকো গ্রুপ

বাংলাদেশে বন্ধ থাকা রাষ্ট্রায়ত্ত তিনটি পাটকল আবার চালু করতে বেসরকারি দুই প্রতিষ্ঠানের কাছে লিজ দেওয়া হয়েছে বলে জানিয়েছে প্রধানমন্ত্রীর কার্যালয়। আজ প্রধানমন্ত্রী তারেক রহমানের উপস্থিতিতে বাংলাদেশ জুট মিলস করপোরেশনের (বিজেএমসি) সঙ্গে প্রাণ-আরএফএল গ্রুপ ও হ্যামকো গ্রুপের এ সংক্রান্ত চুক্তি স্বাক্ষরিত হয়েছে বলে এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। চুক্তি অনুযায়ী, সিরাজগঞ্জের জাতীয় জুট মিলস লিমিটেড ও খুলনার স্টার জুট মিলস লিমিটেড লিজ নিয়েছে প্রাণ-আরএফএল গ্রুপ। আর প্লাটিনাম জুবিলী জুট মিলস লিমিটেড লিজ নিয়েছে হ্যামকো গ্রুপ। প্রধানমন্ত্রীর কার্যালয় জানিয়েছে, চুক্তির আওতায় দীর্ঘদিন বন্ধ থাকা তিনটি মিল বেসরকারি ব্যবস্থাপনায় পুনরায় চালু করা হবে। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, মিল তিনটি চালু হলে কমপক্ষে ১১ হাজার ৬২৯ জনের কর্মসংস্থান সৃষ্টি হবে এবং প্রায় ৬১৯ কোটি টাকা বিনিয়োগ হবে। প্রতিষ্ঠানগুলোর সম্ভাব্য বার্ষিক টার্নওভার হবে প্রায় ১ হাজার ১৭৫ কোটি টাকা। চুক্তি সাক্ষর অনুষ্ঠানে জানানো হয়, বিজেএমসির উৎপাদন বন্ধ থাকা ২৫টি মিলের মধ্যে ২০টি ইজারার ভিত্তিতে বেসরকারি ব্যবস্থাপনায় চালুর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ইতোমধ্যে ১৪টি মিলের লিজ সম্পন্ন করে লিজগ্রহীতাদের কাছে দখল হস্তান্তর করা হয়েছে এবং এর মধ্যে ৯টি মিলে উৎপাদন শুরু হয়েছে। অনুষ্ঠানে অন্যদের মধ্যে বাণিজ্য, শিল্প এবং বস্ত্র ও পাটমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির, বস্ত্র ও পাট প্রতিমন্ত্রী শরীফুল আলম, বস্ত্র ও পাট সচিব শরফ উদ্দিন আহমদ চৌধুরীসহ বিজেএমসি ও লিজ নেওয়া প্রতিষ্ঠানগুলোর উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।
(বিবিসি ওয়েব পেজ : ১১.০৮.২০২৬ আলী আহমেদ)

## ২৭ আগস্ট সংসদ অধিবেশন শুরু হচ্ছে

আগামী ২৭ আগস্ট জাতীয় সংসদের তৃতীয় অধিবেশন শুরু হচ্ছে। সরকারি বার্তা সংস্থা বাসস জানিয়েছে, রাষ্ট্রপতি হাফিজ উদ্দিন আহমদ আগামী ২৭ আগস্ট বৃহস্পতিবার ত্রয়োদশ জাতীয় সংসদের তৃতীয় অধিবেশন আহ্বান করেছেন। ওই দিন বিকেল ৩টায় রাজধানীর শেরেবাংলা নগরে অবস্থিত জাতীয় সংসদ ভবনের সংসদ কক্ষে এ অধিবেশন শুরু হবে। এর আগে, গত ১৫ জুলাই সংসদের দ্বিতীয় অধিবেশন শেষ হয়েছিল। ওই অধিবেশনেই চলতি অর্থবছরের বাজেট অনুমোদন করা হয়েছে। এটিই ছিল বর্তমান বিএনপি সরকারের প্রথম বাজেট।
(বিবিসি ওয়েব পেজ : ১১.০৮.২০২৬ আলী আহমেদ)

## রাষ্ট্রপতি নির্বাচনের ভোটগ্রহণ যেভাবে হবে

বাংলাদেশের নির্বাচন কমিশন (ইসি) সচিবালয়ের সিনিয়র সচিব আখতার আহমেদ জানিয়েছেন, আগামী ২০ আগস্ট বেলা ২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত জাতীয় সংসদ ভবনের অধিবেশন কক্ষে বিরতিহীনভাবে রাষ্ট্রপতি নির্বাচনের ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। রাজধানীর আগারগাঁওয়ের নির্বাচন ভবনে তিনি সাংবাদিকদের কাছে নির্বাচনের প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত তুলে ধরেন। সরকারি বার্তা সংস্থা বাসস এ খবর দিয়েছে। "২০ আগস্ট বিকেল ৫টা পর্যন্ত রাষ্ট্রপতি নির্বাচনের ভোটগ্রহণের ব্যবস্থা রাখা হবে। সংসদ সদস্যরা অধিবেশন কক্ষে নিজ নিজ আসনেই অবস্থান করবেন। নির্বাচন কমিশনের নিযুক্ত কর্মকর্তারা তাদের কাছে ব্যালট পেপার পৌঁছে দেবেন," বলেছেন তিনি। মি. আহমেদ জানান, প্রতিটি ব্যালট পেপারে দুটি অংশ থাকবে- মুড়ি অংশ এবং মূল ব্যালট। মুড়ির অংশে প্রার্থীর ক্রমিক নম্বর, ভোটারের নাম, বিভক্তি নম্বর ও স্বাক্ষরের ঘর নির্ধারিত থাকবে। "ডানদিকের মূল ব্যালটে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের নাম থাকবে এবং পাশে থাকা ফাঁকা স্থানে ভোটার সংসদ সদস্য তার পছন্দের প্রার্থীর নামের পাশে পূর্ণ নাম লিখে স্বাক্ষর করবেন। ভোটারদের (সংসদ সদস্য) সুবিধার কথা মাথায় রেখে কক্ষে তিনটি স্বচ্ছ ব্যালট বাক্স স্থাপন করা হবে, যার যে-কোনো একটিতে তারা ভোট দিতে পারবেন।" আখতার আহমেদ বলেন, বিকেল ৫টায় ভোটগ্রহণ সমাপ্তির পরপরই অধিবেশন কক্ষের ভেতরে রাখা ব্যালট বক্সগুলোর সামনেই সরাসরি ভোট গণনা শুরু হবে। প্রাথমিকভাবে নির্ধারিত চার বা পাঁচজনের গঠিত একটি ব্যালট গণক দল ব্যালট পেপার শর্ট আউট করে গণনা কার্যক্রম শেষ করবে। "মোট ৩৪৯টি ব্যালটের মধ্যে কতটি বৈধ বা বাতিল হয়েছে এবং কোন প্রার্থী কত ভোট পেয়েছেন, তা নির্বাচন কর্তা হিসেবে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) অধিবেশন কক্ষেই সরাসরি সবার সামনে ঘোষণা করবেন। পরবর্তীতে কমিশন সচিবালয়ে এসে অফিসিয়ালি ফলাফলের চূড়ান্ত গেজেট প্রকাশ করা হবে।" ইসি সচিব জানান, অধিবেশন কক্ষ থেকে ভোটের কার্যক্রমের সরাসরি সম্প্রচার (লাইভ টেলিকাস্ট) করার সুবিধা থাকবে এবং সাংবাদিকদের বসার জন্য নির্ধারিত স্থান রাখা হবে।(বিবিসি ওয়েব পেজ : ১১.০৮.২০২৬ আলী আহমেদ)

## রাষ্ট্রপতি নির্বাচনের জন্য সংসদের বৈঠক ডেকেছেন সিইসি

বাংলাদেশের রাষ্ট্রপতি নির্বাচনের জন্য জাতীয় সংসদের বৈঠক ডেকেছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিন। নির্বাচন কমিশন সচিবালয় এ বিষয়ে একটি প্রজ্ঞাপন জারি করেছে। প্রজ্ঞাপন অনুযায়ী, রাষ্ট্রপতি নির্বাচনের জন্য নির্ধারিত ভোটগ্রহণের দিনে অর্থাৎ ২০ আগস্ট বেলা ২টায় জাতীয় সংসদ ভবনের সংসদ কক্ষে সংসদ সদস্যদের বৈঠক ডেকেছেন সিইসি। রাষ্ট্রপতি নির্বাচন আইন ১৯৯১-এর ধারা ৫(৩) এ প্রদত্ত ক্ষমতাবলে সংসদের স্পিকারের সাথে আলোচনাক্রমে সিইসি সংসদের এ বৈঠক ডেকেছেন বলে প্রজ্ঞাপনে বলা হয়েছে। এর আগে, দুপুরে নির্বাচন কমিশন (ইসি) সচিবালয়ের সিনিয়র সচিব আখতার আহমেদ জানিয়েছিলেন যে, আগামী ২০ আগস্ট বেলা ২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত জাতীয় সংসদ ভবনের অধিবেশন কক্ষে বিরতিহীনভাবে রাষ্ট্রপতি নির্বাচনের ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। বিকেল ৫টায় ভোটগ্রহণ সমাপ্তির পরপরই অধিবেশন কক্ষের ভেতরে রাখা ব্যালট বক্সগুলোর সামনেই সরাসরি ভোট গণনা শুরু হবে। গত ২৪ জুলাই বাংলাদেশের ২২তম রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন পদত্যাগ করেন। তার পর থেকে ২৩তম রাষ্ট্রপতি নির্বাচনের প্রস্তুতি শুরু করে ইসি। রাষ্ট্রপতি নির্বাচনে অংশগ্রহণের জন্য মনোনয়ন দাখিলের শেষ তারিখ ১৩ আগস্ট, যাচাই-বাছাই ১৬ আগস্ট, আর প্রার্থিতা প্রত্যাহারের শেষ দিন রাখা হয়েছে ১৮ আগস্ট।
(বিবিসি ওয়েব পেজ : ১১.০৮.২০২৬ আলী আহমেদ)

## কোনো নির্দিষ্ট কোম্পানি নয়, তেল আমদানি নীতিমালা সবার জন্যই সমান হবে : বিদ্যুৎ মন্ত্রী

জ্বালানি ও বিদ্যুৎ খাতে বেসরকারি বিনিয়োগ বাড়াতে সরকার বিনিয়োগবান্ধব নীতি গ্রহণ করেছে জানিয়ে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ বলেছেন, বেসরকারি খাতকে জ্বালানি তেল আমদানির সুযোগ দেওয়ার বিষয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচনা হয়েছে। সাম্প্রতিক সময়ে মধ্যপ্রাচ্যের সংঘাতকে কেন্দ্র করে দেশে জ্বালানি তেলের সরবরাহ নিয়ে অযথা আতঙ্ক তৈরি হয়েছিল- উল্লেখ করে তিনি বলেছেন, এ প্রেক্ষাপটে সরকারি ব্যবস্থার পাশাপাশি বেসরকারি খাতকেও সুযোগ দেওয়া হলে বাজারে প্রতিযোগিতা বাড়বে এবং সরবরাহ ব্যবস্থাও শক্তিশালী হবে। ফোরাম ফর এনার্জি রিপোর্টার্স বাংলাদেশ (এফইআরবি) আয়োজিত 'জ্বালানি খাতে সংকট : সম্ভাবনা ও উত্তরণের উপায়' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্য তিনি এসব কথা বলেন বলে বাসস জানিয়েছে। তিনি বলেন,

"একটা সরকারি থাকুক, আরেকটা বেসরকারি থাকুক-যেমন ইন্ডিয়াতে আছে।" জ্বালানি আমদানির নীতিমালা কোনো নির্দিষ্ট কোম্পানিকে সুবিধা দেওয়ার জন্য করা হচ্ছে- এমন অভিযোগ নাকচ করে মন্ত্রী বলেন, সাধারণ আইন বা নীতিমালা হলে তা কোনো একটি কোম্পানির জন্য হবে না, সবার জন্য সমানভাবে প্রযোজ্য হবে। তিনি বলেন, "একটা নির্দিষ্ট কোম্পানিকে দেওয়ার জন্য আমরা এটা করছি" এমন ধারণা ঠিক নয়। জ্বালানি খাত নিয়ে রাজনৈতিক উদ্দেশ্যে বিভ্রান্তি ছড়ানো ও সংকট বাড়ানোর চেষ্টা না করার আহ্বান জানিয়ে মন্ত্রী বলেন, দেশের স্বার্থে সবাইকে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। বেসরকারি খাতের পক্ষ থেকে দেওয়া বিনিয়োগ প্রস্তাব আকর্ষণীয় ও শিল্পের জন্য সহায়ক হলে দ্রুত অনুমোদনের আশ্বাস দেন মন্ত্রী। ইকবাল হাসান মাহমুদ বলেন, "প্রপোজাল যদি অ্যাট্রাক্টিভ হয় এবং আমার ইন্ডাস্ট্রির জন্য হেল্পফুল হয়, অবশ্যই আমরা কোনো সময় নষ্ট করব না।" "বেসরকারি খাতের প্রস্তাব সরকার গুরুত্বের সঙ্গে পর্যালোচনা করবে। প্রস্তাব পাওয়ার পর সংশ্লিষ্টদের সঙ্গে আলোচনা ও যাচাই-বাছাই করে প্রয়োজনীয় অনুমোদনের ব্যবস্থা করা হবে," বলেছেন তিনি।(বিবিসি ওয়েব পেজ : ১১.০৮.২০২৬ আলী আহমেদ)

## ১৯৯১ সালের রাষ্ট্রপতি নির্বাচন যেভাবে হয়েছিল

"সংসদীয় গণতন্ত্রে সেটি ছিল প্রথম রাষ্ট্রপতি নির্বাচন। নির্বাচনের দিন ভোটগ্রহণ শুরুর ঠিক আগেই জাতীয় সংসদের সংসদের অধিবেশন কক্ষে একসাথে ঢুকলো আওয়ামী লীগ নেতা মতিয়া চৌধুরী, মোহাম্মদ নাসিম, সাজেদা চৌধুরীসহ অনেকেই। প্রকাশ্যে ভোট আয়োজন নিয়ে তুমুল প্রতিবাদ করছিলেন তারা। চিৎকার করে বলছিলেন 'শেইম, শেইম'।" রাষ্ট্রপতি নির্বাচন নিয়ে এমন অভিজ্ঞতার কথা বিবিসি বাংলাকে বলছিলেন সাবেক নির্বাচন কর্মকর্তা এবং ওই নির্বাচনের পোলিং অফিসার মিহির সারওয়ার মোর্শেদ। ১৯৯১ সালে বাংলাদেশ সংসদীয় গণতান্ত্রিক ব্যবস্থায় ফেরার পর ওই বছরই অনুষ্ঠিত হয়েছিল প্রথম রাষ্ট্রপতি নির্বাচন। নব্বইয়ের গণ-অভ্যুত্থানে এরশাদ সরকারের পতনের পর সংসদীয় গণতান্ত্রিক ব্যবস্থা চালু হয় বাংলাদেশে। ৯১-এর জাতীয় নির্বাচনে বিএনপি জয়লাভ করে সরকার গঠন করে। আর বিরোধী দলে যায় আওয়ামী লীগ। ওই বছরেই ৮ অক্টোবর সংসদীয় গণতন্ত্রে বাংলাদেশে রাষ্ট্রপতি পদে ভোট অনুষ্ঠিত হয়। ওই নির্বাচনে ক্ষমতাসীন বিএনপির প্রার্থী আবদুর রহমান বিশ্বাসের প্রতিদ্বন্দ্বী ছিলেন সাবেক প্রধান বিচারপতি বদরুল হায়দার চৌধুরী। ওই নির্বাচনে প্রার্থী ছিলেন ওই দুইজনই। নির্বাচন শেষে ফলাফলে মি. বিশ্বাস ১৭২ ভোট পেয়ে রাষ্ট্রপতি নির্বাচিত হয়েছিলেন। আর তার বিপরীতে ৯২টি ভোট পেয়েছিলেন আওয়ামী লীগের প্রার্থী মি. চৌধুরী। নির্বাচনে সংরক্ষিত এমপিসহ ৩৩০ জন ভোটার থাকলেও ভোট দিয়েছিল মাৎর ২৬৪ জন। আর ভোট দেননি ৬৬জন এমপি। বাংলাদেশে রাষ্ট্রপতি পদে ওই নির্বাচনের পর গত ৩৫ বছরে আটবার রাষ্ট্রপতি নির্বাচন হলেও একক প্রার্থী থাকায় কোনো ভোট অনুষ্ঠিত হয়নি।

গত সপ্তাহে রাষ্ট্রপতি নির্বাচনের তফসিল ঘোষণা করে নির্বাচন কমিশন। দীর্ঘ ৩৫ বছর পর এই নির্বাচনে বিরোধীদলও নির্বাচনে অংশ নেওয়ার ঘোষণা দিয়েছে। জামায়াত এনসিপি জোটের পক্ষ থেকে এরই মধ্যে প্রার্থীও ঘোষণা করা হয়েছে। এই নির্বাচন নিয়ে মঙ্গলবার ভারপ্রাপ্ত স্পিকার কায়সার কামালের সাথে বৈঠক শেষে নির্বাচন কমিশনে সচিব আখতার আহমেদ জানিয়েছেন, আগামী ২০ আগস্ট দুপুর ২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত জাতীয় সংসদের অধিবেশন কক্ষেই এই ভোট অনুষ্ঠিত হবে। বাংলাদেশের সব নির্বাচনে গোপন ব্যালটে ভোট হলেও রাষ্ট্রপতি নির্বাচনে ভোট হয় প্রকাশ্যে। ভোট প্রকাশ্যে হওয়ায় কোনো সংসদ সদস্য বিপক্ষ দলের প্রার্থীকে ভোট দিলে তার সংসদ সদস্য পদ থাকবে কী-না সেই প্রশ্নও সামনে আসছে। এর জবাবে, নির্বাচন কমিশন, সংবিধান ও রাজনৈতিক বিশ্লেষকদের মধ্যে দুই ধরনের বক্তব্যও পাওয়া গেছে। কেউ কেউ মনে করেন, কোনো এমপি তার দলের বিপক্ষে ভোট দিলে ৭০ অনুচ্ছেদ অনুযায়ী তার সদস্য পদ বাতিল হবে। তবে সংসদ গবেষকদের অনেকই আবার বলছেন, রাষ্ট্রপতি নির্বাচন সংসদের আইন প্রণয়ন কার্যক্রম বা সংসদের স্বাভাবিক কার্যপ্রণালির অংশ নয়।

### বিতর্ক সমালোচনা সেই শুরু থেকেই

১৯৯১ সালে বাংলাদেশের পঞ্চম জাতীয় সংসদে বিএনপির ছিল ১৪০টি, আওয়ামী লীগের ৮৮টি, জাতীয় পার্টির ৩৫টি, জামায়াতে ইসলামীর ১৮টি, বাকশালের ৫টি এবং সিপিবির ৫টি আসন। সংসদে সংরক্ষিত নারী আসন ছিল ৩০টি। কোনো দল একক সংখ্যাগরিষ্ঠতা অর্জন করতে পারেনি ওই নির্বাচনে। পরে জামায়াতের সমর্থন নিয়ে খালেদা জিয়ার নেতৃত্বাধীন বিএনপি সরকার গঠন করে। বিএনপি সরকার গঠনের পর আবার সংসদীয় ব্যবস্থা ফিরিয়ে আনা হয়। রাষ্ট্রপতিকে সংসদ সদস্যদের ভোটে নির্বাচিত করার বিধানও ফিরিয়ে আনতে ওই সময় রাষ্ট্রপতি নির্বাচনের আইনও তৈরি করা হয়। ওই আইন প্রণয়নের সাথে জড়িত ছিলেন তৎকালীন নির্বাচন কমিশনের কর্মকর্তা মিহির সারওয়ার মোর্শেদ। তিনি বিবিসি বাংলাকে বলছিলেন, "নতুন পদ্ধতিতে ফেরার পর সংসদ সদস্যদের ভোটে রাষ্ট্রপতি নির্বাচনের জন্য দ্রুতই আইন প্রণয়ন অপরিহার্য হয়ে উঠেছিল।" ১১৯১ সালের আগস্টে রাষ্ট্রপতি নির্বাচনের আইন প্রণয়নের পর, সেপ্টেম্বর নির্বাচনের বিধিমালাও প্রস্তুত করা হয়। পরবর্তীতে ১৯৯১ সালের ৮ অক্টোবর সংসদ কক্ষে রাষ্ট্রপতি পদে ভোটের আয়োজন করে তৎকালীন নির্বাচন কমিশন। সেই সময় প্রধান নির্বাচন কমিশনার ছিলেন বিচারপতি আব্দুর রউফ। ৯ অক্টোবরে দৈনিক সংবাদের খবরে বলা হয়, সংসদ কক্ষে স্পিকারের বিশাল চেয়ারটির বদলে একটি ছোটো চেয়ার বসানো হয়। এতে উপবিষ্ট ছিলেন প্রধান নির্বাচন কমিশনার। ঠিক বেলা ২টায় ভোটগ্রহণ শুরু হয়। খবরে বলা হয়, ২টা ৩ মিনিটে খালেদা জিয়ার ভোটদানের মাধ্যমে শুরু হয়েছিল ভোটগ্রহণ। পরবর্তীতে আব্দুর রহমান বিশ্বাস,

স্পিকার, ডেপুটি স্পিকারসহ বিএনপি প্রার্থীরা একে একে ভোট দেন। ওই নির্বাচনের পোলিং অফিসার মিহির সারওয়ার মোর্শেদ জানান, ওই নির্বাচনে সংসদের অধিবেশন কক্ষে চারটি বুথ বসানো হয়েছিল। তিনি বলছিলেন, "আমি ছিলাম খুলনা ও বরিশাল বিভাগের পোলিং অফিসার। আমার ওখানে বিএনপির ব্যারিস্টার নামজুল হুদা ও আওয়ামী লীগের তোফায়েল আহমেদ পোলিং এজেন্ট ছিল। সংসদ সদস্যরা যখন একে একে আসছিল তখন আমাদের সামনেই এমপিরা রাষ্ট্রপতি পদে ভোট দিচ্ছিল।" তার দেওয়া তথ্য মতে, ভোটদানের ক্ষেত্রে কিছু বিষয়ে নোট রাখছিলেন আওয়ামী লীগ ও বিএনপির দুইজন পোলিং এজেন্ট। তিনি জানান, সেই সংসদে বর্তমান ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি হাফিজ উদ্দিন আহমদ ও বর্তমান চিফ হুইপ নুরুল ইসলাম মনি ছিলেন স্বতন্ত্র সংসদ। "তারা দুইজন স্বতন্ত্র সংসদ সদস্য হলেও তারা আমাদের সামনেই তাদের পছন্দের প্রার্থীকে ভোট দিয়েছিলেন। সেটি পোলিং এজেন্টসহ নির্বাচন কর্মকর্তা হিসেবে আমরাও দেখেছি, "বলছিলেন মি. মোর্শেদ। ১৯৯১ সালের ৯ অক্টোবরের দৈনিক সংবাদের খবরে বলা হয়, বেলা সোয়া ২টায় মোহাম্মদ নাসিমসহ ২০/২৫ আওয়ামী লীগের সংসদ সদস্য কক্ষে প্রবেশ করেন এবং সংসদ কক্ষে ভোটগ্রহণ করার প্রতিবাদ ও আপত্তি জানান।" সেই প্রসঙ্গ টেনে ওই নির্বাচনের পোলিং অফিসার মি. মোর্শেদ বলছিলেন, "মতিয়া চৌধুরী, মোহাম্মদ নাসিমসহ অন্য আওয়ামী লীগ নেতারা ঢুকে প্রধান নির্বাচন কমিশনারকে স্পিকারের জায়গায় দেখে শেইম, শেইম বলে হট্টগোল করেন। ওনারা প্রকাশ্যে ভোট নিয়ে তাদের ক্ষোভ জানিয়ে বলেছিল- এই ধরনের প্রকাশ্যে ভোট রাষ্ট্রপতির আইনকে কলুষিত করছে।" পরবর্তীতে বিকেল ৫টা ভোটগ্রহণ শেষে ভোট গণনা করা হয়। ১৭২ ভোট পেয়ে বিএনপি প্রার্থী আব্দুর রহমান বিশ্বাস রাষ্ট্রপতি নির্বাচিত হন। দৈনিক সংবাদের খবরে বলা হয়, রাষ্ট্রপতি নির্বাচনে আব্দুর রহমান বিশ্বাস তখন দুই স্বতন্ত্র এমপি হাফিজ উদ্দিন আহমদ এবং নূরুল ইসলাম মনির ভোটও পেয়েছিলেন।

**এবারের নির্বাচনের ভোটগ্রহণ হবে যেভাবে**

গত মাসে মো. সাহাবুদ্দিন রাষ্ট্রপতি পদ থেকে পদত্যাগের পর চলতি মাসের শুরুতে নতুন রাষ্ট্রপতি নির্বাচনে তফসিল ঘোষণা করে। প্রথমে ঘোষণা না আসলেও এ সপ্তাহেই জামায়াত-এনসিপি জোট এই নির্বাচনে অংশ নেওয়ার বিষয়টি জানায়। এই জোট থেকে প্রার্থী ঘোষণা করা হয়েছে, এলডিপি চেয়ারম্যান অলি আহমদকে। অন্যদিকে ক্ষমতাসীন দল বিএনপির পক্ষ থেকে রাষ্ট্রপতি পদে মনোনয়নপত্র সংগ্রহ করা হলেও, এখনো আনুষ্ঠানিকভাবে প্রার্থীর নাম ঘোষণা করা হয়নি। মঙ্গলবার জাতীয় সংসদে একটি ব্রিফিংয়ে সরকারি দলের চিফ হুইপ নুরুল ইসলাম মনি বলেছেন, বিএনপি প্রার্থীর কে হবেন, সেটি প্রধানমন্ত্রী ঘোষণার পরই জানা যাবে। সেটি মনোনয়নপত্র দাখিলের সময়ই সবাই জানতে পারবেন বলেও জানান তিনি। মূলত রাষ্ট্রপতি নির্বাচন নিয়ে এদিন ভারপ্রাপ্ত স্পিকারের সাথে বৈঠক করেন ইসি সচিব আখতার আহমেদ। সেখানে তিনি এই নির্বাচন কীভাবে হবে তার বিস্তারিত তুলে ধরেন। ইসি সচিব বলেন, "ভোটের জন্য (সংসদ সদস্যদের আহ্বান জানিয়ে) সংসদ কক্ষে বৈঠক আহ্বান করবেন সিইসি। ঘোষিত তফসিল অনুযায়ী, নির্বাচন ভবনে ১৩ আগস্ট মনোনয়নপত্র জমা, বাছাই ১৬ আগস্ট ও প্রত্যাহারের শেষ সময় ১৮ আগস্ট এবং সংসদ কক্ষে ভোট ২০ আগস্ট। ইসি জানিয়েছে, নির্বাচন পরিচালনায় নির্বাচনি কর্মকর্তাকে সহায়তায় ইসির ২০ জন সহায়ক কর্মকর্তা থাকবেন, সঙ্গে সংসদ সচিবালয়ের প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা নিয়োজিত হবেন। এই নির্বাচনে ৩৪৯ জনের ভোটার তালিকা এরই মধ্যে প্রকাশ করা হয়েছে। যার মধ্যে ৫০ জন সংরক্ষিত আসনের। চট্টগ্রাম-৪ আসনের প্রার্থিতা বাতিল হয় আদালতে। ভোটদান পদ্ধতি বিষয়ে ইসি সচিব বলেন, "সংসদ সদস্যরা তাদের নিজ নিজ আসনে বসবেন। আমরা তাদের কাছে ব্যালট পেপারটা পৌঁছে দেব। সংসদ সদস্যরা প্রার্থীর নামের পাশে ভোটারের পূর্ণ স্বাক্ষর ও বিভক্তি সংখ্যা লিখে ব্যালট পেপার বাক্সে রাখবেন।" ইসি জানিয়েছে, ২০ আগস্ট দুপুর ২টা থেকে ৫টা পর্যন্ত ভোট শেষে সংসদ কক্ষেই গণনা করা হবে এবং প্রাথমিক ফলাফল সেখান থেকেই ঘোষণা করা হবে। চিফ হুইপ সোমবারের সংবাদ সম্মেলনে জানান, রাষ্ট্রপতি, সংসদ নেতা, বিরোধীদলীয় নেতা ও স্পিকারের ভোট দেওয়ার দৃশ্য গণমাধ্যমকে সরাসরি সম্প্রচারের সুযোগ দেওয়া হবে। ভোটগ্রহণ শেষে ব্যালট গণনা ও ফলাফল প্রস্তুতের কার্যক্রমও ফলাফল ঘোষণা পর্যন্ত সরাসরি সম্প্রচার করা যাবে।

**প্রকাশ্যে ভোট, বিরুদ্ধে গেলে পদ বাতিল?**

এ সংসদে বিএনপির ২৪৭ জন সদস্য থাকায় ক্ষমতাসীন দলটির প্রার্থীই রাষ্ট্রপতি হবে মোটামুটি নিশ্চিত। তবুও বিরোধী দল প্রার্থী দেওয়ায় ভোটে গড়াল এবার। রাষ্ট্রপতি নির্বাচনের আইন অনুযায়ী, এই নির্বাচনের ভোটগ্রহণ অনুষ্ঠিত হয় প্রকাশ্যে। ফলে, ফলে রাষ্ট্রপতি নির্বাচনে কে কত ভোট পাবেন এবং কে জিতবেন, তা নির্ধারণে সংসদের দলীয় আসন সংখ্যাই সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হয়ে উঠবে। ১৯৭২ সালের সংবিধানে সংসদ সদস্যদের গোপন ভোটে রাষ্ট্রপতি নির্বাচনের বিধান ছিল। ১৯৭৫ সালে রাষ্ট্রপতিশাসিত ব্যবস্থা চালুর পর জনগণের প্রত্যক্ষ ভোটে রাষ্ট্রপতি নির্বাচনের ব্যবস্থা প্রবর্তিত হয়। ১৯৯১ সালে দ্বাদশ সংশোধনীর মাধ্যমে সংসদীয় শাসনব্যবস্থা পুনঃপ্রবর্তনের পর সংবিধানের ৪৮(১) অনুচ্ছেদ সংশোধন করে রাষ্ট্রপতিকে জাতীয় সংসদের সদস্যদের ভোটে নির্বাচনের বিধান করা হয় এবং সেখানে প্রকাশ্যে ভোট দেওয়ার বিধান চালু করা হয়। সংসদ বিষয়ক গবেষক অধ্যাপক নিজাম উদ্দিন আহমদ বলছেন, "১৯৯১ সালে রাষ্ট্রপতি নির্বাচনের আগে প্রকাশ্যে ভোট দেওয়ার বিধান চালু হয়। সেই আইনটি এখনো বলবৎ রয়েছে। তাই একদিকে যেমন ব্যালটেও নাম থাকবে অন্যদিকে তার সাক্ষরও থাকবে।" প্রকাশ্যের ভোট দেওয়ার বিধান নিয়ে এই বিতর্ক ১৯৯১ সালেও ছিল। প্রকাশ্যে ভোট হওয়ায় কেউ কি দলের বিপক্ষে ভোট দিতে পারবেন কী-না সেই প্রশ্নও

সামনে আসছে? এই প্রসঙ্গ টানতে গিয়ে সংবিধানের ৭০ এর অনুচ্ছেদের কথাও বলছেন কেউ কেউ। ওই অনুচ্ছেদে বলা হয়েছে, কোনো নির্বাচনে কোনো রাজনৈতিক দলের প্রার্থী হিসেবে কোনো ব্যক্তি সংসদ সদস্য নির্বাচিত হওয়ার পর তিনি যদি ওই দল থেকে পদত্যাগ করেন বা সংসদে ওই দলের বিপক্ষে ভোট দেন, তাহলে সংসদে তার আসন শূন্য হবে। তবে, সংসদ বিষয়ক গবেষক অধ্যাপক কে এম মহিউদ্দিন বিবিসি বাংলাকে বলছিলেন, "কোনো সংসদ সদস্য যদি যে রাজনৈতিক দলের মনোনয়নে নির্বাচিত হয়েছেন সংসদে আনীত কোনো প্রস্তাবের ওপর সেই দলের সিদ্ধান্তের বিরুদ্ধে ভোট দেন অথবা দল থেকে পদত্যাগ করেন, তাহলে তাঁর আসন শূন্য হবে। কিন্তু রাষ্ট্রপতি নির্বাচন সংসদের আইন প্রণয়ন কার্যক্রম বা সংসদের স্বাভাবিক কার্যপ্রণালির অংশ নয়; এটি সংবিধান এবং রাষ্ট্রপতি নির্বাচন আইন, রাষ্ট্রপতি নির্বাচনে ভোটদানকে সংবিধানের ৭০ অনুচ্ছেদের অর্থে "সংসদে ভোটদান" হিসেবে গণ্য করা যায় না।" একই মত অধ্যাপক নিজাম উদ্দিন আহমদেরও। তিনিও মনে করেন, কেউ রাষ্ট্রপতি নির্বাচনে দলের বিরুদ্ধে ভোট দিলে তার সংসদ সদস্য পদ বাতিল হবে না। তবে নির্বাচন কমিশনার আব্দুর রহমানেল মাছউদ মনে করেন, সংবিধানের ৭০ অনুচ্ছেদ অনুযায়ী, দলের বাইরে গিয়ে ভোট দেওয়া যাবে না। কেউ যদি দলের বিপক্ষে ভোট দেয়, তাহলে তার পদ বাতিল হবে। বিবিসি বাংলাকে মি. মাছউদ বলেন, "কেউ যদি ভোট দিয়ে ফেললে সে তার চেয়ার হারাবে। নির্বাচন কমিশনের কাছে বিষয়টি আসবে। নির্বাচন কমিশন সংবিধানের ৭০ অনুচ্ছেদ অনুযায়ী সেই ঘোষণা দেবে। (বিবিসি ওয়েব পেজ : **১১.০৮.২০২৬** আলী আহমেদ)

## বাব আল-মান্দেব প্রণালির কাছে হামলায় কার্গো জাহাজের দুই ক্রু 'নিহত'

ব্রিটিশ সামুদ্রিক নিরাপত্তা সংস্থা ভ্যানগার্ড জানিয়েছে, ইয়েমেনের দক্ষিণ উপকূলের কাছে বাব আল-মান্দেব প্রণালির কাছে একটি কার্গো জাহাজে হামলায় অন্তত দু-জন নিহত হয়েছেন। সংবাদ সংস্থা এএফপি ইয়েমেনের কোস্ট গার্ডের একটি সূত্রের বরাত দিয়ে জানিয়েছে, লোহিত সাগরের প্রবেশমুখে জাহাজটিতে ইরান-সমর্থিত হুথিরা হামলা চালায়। সূত্রটি আরও জানায়, বাকি ক্রু সদস্যদের উদ্ধার করা হয়েছে। এএফপিকে আরেকটি সূত্রও ঘটনার সত্যতা নিশ্চিত করেছে। ওই সূত্র জানায়, উদ্ধার অভিযান চলাকালে জাহাজটি আরও একটি হামলার লক্ষ্যবস্তু হয়। ওদিকে ভ্যানগার্ড জানিয়েছে, নিহত দু-জন হলেন- 'দুই ক্রু-একজন পাকিস্তানি নাগরিক এবং একজন ইন্দোনেশিয়ার নাগরিক'। এছাড়া আরও চারজন আহত হয়েছে। আহতদের মধ্যে তিনজন পাকিস্তানি নাগরিক এবং একজন ইন্দোনেশিয়ার নাগরিক। সংস্থাটি আরও জানিয়েছে, "হামলার পর ইয়েমেনি নৌবাহিনী জাহাজটিকে সহায়তা করতে এগিয়ে আসে। কিন্তু তাদের লক্ষ্য করেও গুলি চালানো হয়, যার ফলে হতাহতের ঘটনা ঘটে।" এর আগে, ব্রিটিশ মেরিটাইম ট্রেড অপারেশনস কর্তৃপক্ষ জানিয়েছিল যে, ওমান সাগরে একটি তেলবাহী ট্যাংকার ও সামরিক বাহিনীর মধ্যে একটি ঘটনার খবর তারা পেয়েছে। জাহাজ উদ্ধার ও রক্ষণাবেক্ষণের কাজে নিয়োজিত ভ্যানগার্ড ইনস্টিটিউট তখন জানায় যে, তারা খবর পেয়েছে যে পানামার পতাকাবাহী একটি কনটেইনার জাহাজ ওমান সাগর দিয়ে পশ্চিম থেকে পূর্ব দিকে যাওয়ার সময় এবং পাকিস্তানের উপকূলের কাছাকাছি অবস্থানকালে একটি হেলিকপ্টার থেকে ছোড়া ক্ষেপণাস্ত্রের লক্ষ্যবস্তু হয়। ক্ষেপণাস্ত্রের আঘাতে জাহাজে আগুন ধরে গেলেও তা নিয়ন্ত্রণে আনা হয়। তবে হামলার পর জাহাজটি নিয়ন্ত্রণ হারিয়ে ফেলে এবং চলাচল বা দিক পরিবর্তন করতে সক্ষম হয়নি।

(বিবিসি ওয়েব পেজ : **১১.০৮.২০২৬** আলী আহমেদ)

## ইনফান্তিনোকে সরানো হলে তা হবে 'ভয়াবহ ভুল' : ট্রাম্প

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, চাপের মুখে থাকা ফিফা সভাপতি জিয়ান্নি ইনফান্তিনোকে তার পদ থেকে সরিয়ে দেওয়া হলে তা হবে একটি "ভয়াবহ ভুল"। ইনফান্তিনোর প্রতি ট্রাম্পের এই সমর্থন এলো এমন সময়ে, যখন উয়েফা, কনকাকাফ এবং এশিয়ান ফুটবল কনফেডারেশন (এএফসি) একটি উন্মুক্ত চিঠিতে ইনফান্তিনোর বিরুদ্ধে আস্থাভঙ্গের অভিযোগ তোলে। তারা বলে, ব্যর্থ হয়ে যাওয়া তার ফিফা ফরওয়ার্ড এন্টারপ্রাইজ (এফএফই) প্রস্তাবের মাধ্যমে তিনি "প্রতারণার আশ্রয় নিয়ে" বিশ্বাস ভঙ্গ করেছেন। এফএফই পরিকল্পনা অনুযায়ী, বিশ্বকাপসহ ফিফার সব প্রতিযোগিতার বাণিজ্যিক ও টিকিট ব্যবস্থাপনার অধিকার পরিচালনার জন্য একটি নতুন কোম্পানি গঠন করা হতো, যার **২১** শতাংশ মালিকানা একটি বেসরকারি বিনিয়োগ প্রতিষ্ঠানের কাছে বিক্রি করা হতো। **২৮** জুলাই এফএফই পরিকল্পনার বিষয়টি প্রকাশ্যে আসার পর এই প্রথম ইনফান্তিনোর পক্ষে প্রকাশ্যে কথা বললেন ট্রাম্প। সামাজিক যোগাযোগমাধ্যমে ট্রাম্প লিখেছেন, "যে-কোনো কারণেই হোক, যদি ফিফা সভাপতি জিয়ান্নি ইনফান্তিনোকে প্রতিস্থাপনের কথা বিবেচনা করে, তাহলে ফিফা একটি ভয়াবহ ভুল করবে।" তিনি আরও লেখেন, "তিনি অসাধারণ। তার নেতৃত্বেই ইতিহাসের সবচেয়ে সফল বিশ্বকাপ অনুষ্ঠিত হয়েছে, যা আগের তুলনায় চার গুণ বেশি সফল ছিল। তিনি চলে গেলে এটি আর কখনও এতটা সফল বা লাভজনক হবে না।"

(বিবিসি ওয়েব পেজ : **১১.০৮.২০২৬** আলী আহমেদ)

## ইরানের হুমকিতে গোপনে বিমান পাল্টে ক্যাটারিং ট্রাকে উঠেছিলেন ট্রাম্প, সংবাদমাধ্যমে খবর

মার্কিন সংবাদমাধ্যমের প্রতিবেদনে বলা হচ্ছে যে, সম্ভাব্য ইরানি হুমকির প্রতিক্রিয়ায় ডোনাল্ড ট্রাম্প গত মাসে তুরস্কে অনুষ্ঠিত নেটো সম্মেলন থেকে ফেরার সময় গোপনে বিমান পরিবর্তন করেছিলেন। ওয়াশিংটন পোস্ট-এর প্রতিবেদনে বলা হয়েছে, টেলিভিশন ক্যামেরার সামনে ট্রাম্প এয়ার ফোর্স ওয়ানে ওঠার পর তাকে গোপনে একটি উঁচু করা

বিমানবন্দর ক্যাটারিং ট্রাকে তোলা হয়। এরপর সেই ট্রাকে করে তাকে একটি সামরিক বিমানে নিয়ে যাওয়া হয়। এ সময় সেখানে উপস্থিত সাংবাদিকদের পাশাপাশি হোয়াইট হাউসের কিছু কর্মীও এই বিষয়টি জানতেন না। বিবিসির মার্কিন সহযোগী প্রতিষ্ঠান সিবিএস নিউজকে কর্মকর্তারা জানিয়েছেন, যুক্তরাষ্ট্র এমন একটি বিশ্বাসযোগ্য ইরানি হুমকির তথ্য পেয়েছিল যে, ট্রাম্পকে বহনকারী বিমানে ইরান ক্ষেপণাস্ত্র হামলা চালাতে পারে। তবে হোয়াইট হাউস গোপনে বিমান পরিবর্তনের বিষয়টি নিশ্চিত করেনি। এর আগে, আঙ্কারায় অনুষ্ঠিত সম্মেলনের সময় ট্রাম্প বলেছিলেন, তিনি ইরানের "এক নম্বর লক্ষ্য"। ওয়াশিংটন ও তেহরানের মধ্যে যুদ্ধ অবসানের লক্ষ্যে চলমান আলোচনা ভেঙে যাওয়ার পর যুক্তরাষ্ট্র আবারও ইরানের ওপর সামরিক হামলা শুরুর এক দিনের মাথায় গোপন এই কৌশলটি নেওয়া হয়েছিল। ট্রাম্প কাতারের দেওয়া নতুন একটি বোয়িং ৭৪৭-৮ বিমানে করে তুরস্কে পৌঁছেছিলেন। তবে তিনি ঘোষণা করেছিলেন যে, "পুরোনো দিনের কথা মনে করে" তিনি পুরোনো এয়ার ফোর্স ওয়ানেই তুরস্ক ছাড়বেন। ৮ জুলাইয়ের ভিডিও ফুটেজে দেখা যায়, আঙ্কারা বিমানবন্দরে ট্রাম্প প্রেসিডেন্টের বিমানে উঠছেন।
(বিবিসি ওয়েব পেজ : ১১.০৮.২০২৬ আলী আহমেদ)

## ইউক্রেনে হামলায় উত্তর কোরিয়ার ক্ষেপণাস্ত্র ব্যবহার করছে রাশিয়া : অভিযোগ জেলেনস্কির

ইউক্রেন ও রাশিয়া রাতভর একে অপরের ওপর হামলা অব্যাহত রেখেছে। এ সময় ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি মস্কোর বিরুদ্ধে উত্তর কোরিয়ার ক্ষেপণাস্ত্র ব্যবহারের অভিযোগ তুলেছেন। ইউক্রেনের প্রেসিডেন্ট বলেন, জাপোরিঝঝিয়ায় চালানো হামলায়, যেখানে অন্তত ছয়জন নিহত এবং অন্তত ১৯ জন আহত হয়েছেন, সেখানে রাশিয়ার মিত্র উত্তর কোরিয়ার সরবরাহ করা ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ব্যবহার করা হয়েছে। সোমবার সন্ধ্যায় দেওয়া এক ভিডিও ভাষণে জেলেনস্কি বলেন, "প্রথমবারের মতো" রাশিয়া "উত্তর কোরিয়ার সহায়তা ছাড়া যুদ্ধ চালাতে পারছে না।" তিনি বলেন, "ইউক্রেনে, ইউরোপে যত বেশি উত্তর কোরিয়ার হামলা হবে, তাদের ক্ষেপণাস্ত্র ও সৈন্যদের যত বেশি ব্যবহার করা হবে, তারা তত বেশি নিজেদের দুর্বলতা ও সীমাবদ্ধতাগুলো সংশোধন করার সুযোগ পাবে।" তিনি আরও যোগ করেন, এটি বিশ্বের বাকি অংশের জন্যও একটি ঝুঁকি তৈরি করছে। ভাষণে জেলেনস্কি সোমবার পশ্চিম সাইবেরিয়ায় একটি রুশ পেট্রোকেমিক্যাল কারখানায় সফল বিমান হামলাকেও ইউক্রেনীয় সামরিক বাহিনীর "খুবই গুরুত্বপূর্ণ অর্জন" হিসেবে উল্লেখ করেন। তিনি "ইউক্রেনের আরও গভীর পাল্টা হামলার" প্রতিশ্রুতি দেন, যা "রাশিয়া ও রুশ জনগণকে দেখাবে যে শান্তি প্রয়োজন"। রাশিয়ার কাছে উৎতর কোরিয়া থেকে সামরিক সহায়তা পাওয়ার অভিযোগ এবারই প্রথম তুললেন না জেলেনস্কি।(বিবিসি ওয়েব পেজ : ১১.০৮.২০২৬ আলী আহমেদ)

## সিরিয়ার আদালতে বাশার আল আসাদের মৃত্যুদণ্ড

সিরিয়ার একটি আদালত দেশটির ক্ষমতাচ্যুত স্বৈরশাসক বাশার আল-আসাদকে তার অনুপস্থিতিতেই মৃত্যুদণ্ড দিয়েছে। দেশটির গৃহযুদ্ধ চলাকালে যুদ্ধাপরাধ ও মানবতাবিরোধী অপরাধের অভিযোগে তাকে দোষী সাব্যস্ত করার পর এই রায় দেওয়া হয়। ২০২৪ সালের ডিসেম্বরে উৎখাত হওয়ার পর আসাদ তার পরিবারসহ দামেস্ক থেকে মস্কো পালিয়ে যান। এর মধ্য দিয়ে ক্ষমতার ওপর তার পরিবারের প্রায় পাঁচ দশকের নিয়ন্ত্রণের অবসান ঘটে। একই মামলায় আদালত আসাদের চাচাতো ভাই এবং দক্ষিণ সিরিয়ার দারা প্রদেশের সাবেক রাজনৈতিক নিরাপত্তা প্রধান আতেফ নাজিবকেও মৃত্যুদণ্ড দিয়েছে। বিচারক তার সাজা ঘোষণা করার সময় নাজিবকে আদালত কক্ষে একটি খাঁচার ভেতরে দেখা যায়। দারা প্রদেশকে ব্যাপকভাবে আসাদবিরোধী বিদ্রোহের জন্মস্থান হিসেবে বিবেচনা করা হয়। সরকারবিরোধী দেয়াললিখনের অভিযোগে ২০১১ সালের মার্চে একদল কিশোরকে আটক ও নির্যাতন করার ঘটনা দারা শহরে বিক্ষোভের সূত্রপাত করেছিল। নিরাপত্তা বাহিনী সহিংসভাবে সেই বিক্ষোভ দমনের চেষ্টা করে। এই দমন-পীড়ন দেশজুড়ে বিক্ষোভ ছড়িয়ে দিতে সহায়তা করে, যা পরবর্তীতে গৃহযুদ্ধে রূপ নেয়। ওই যুদ্ধে কয়েক লাখ মানুষ নিহত হয়। সিরিয়ার অন্তর্বর্তী সরকার ৫০ বছরেরও বেশি সময় দেশ শাসন করা আসাদ সরকারের সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিচারের কাজ চলতি বছরের শুরুতে শুরু করেছে। নাজিব এখন পর্যন্ত বিচারের মুখোমুখি হওয়া সর্বোচ্চ পর্যায়ের কর্মকর্তাদের একজন। হত্যা, '১৫ বছরের কম বয়সী শিশুদের ইচ্ছাকৃতভাবে হত্যা' এবং 'মৃত্যুর কারণ হওয়া নির্যাতন'-সহ বিভিন্ন অপরাধে তাকে দোষী সাব্যস্ত করা হয়। তবে সিরিয়ার নতুন কর্তৃপক্ষ মস্কো থেকে আসাদকে প্রত্যর্পণ করাতে পারবে কি না, তা এখনো স্পষ্ট নয়। আসাদের বিরুদ্ধে সিরিয়ার নতুন নেতৃত্বের নেওয়া এটিই প্রথম পদক্ষেপ নয়। গত ডিসেম্বরে হত্যা ও নির্যাতনের অভিযোগে তার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করা হয়েছিল। আহমেদ আল-শারা, যিনি বর্তমানে সিরিয়ার প্রেসিডেন্ট, তার নেতৃত্বাধীন বাহিনী মাত্র ১১ দিনের দ্রুত অভিযানে ক্ষমতা দখল করে আসাদ রাজবংশের পতন ঘটানোর পর আসাদ রাশিয়ায় পালিয়ে গিয়েছিলেন। এরপর থেকে নতুন সরকার সাবেক সরকারের বহু কর্মকর্তা ও নিরাপত্তাকর্মীকে আটক করেছে। তবে পুরোনো শাসনব্যবস্থার অধিকাংশ শীর্ষ কর্মকর্তা, যার মধ্যে আসাদ নিজেও রয়েছেন, এখনো রাশিয়ায় থাকায় তাদের নাগালের বাইরে। আসাদের শাসনের শেষ কয়েক বছরে সিরিয়ার বিরোধী নেতারা পশ্চিমা দেশগুলোর আদালতের মাধ্যমে তার বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার চেষ্টা করেছিলেন। তবে সেসব প্রচেষ্টা কোনো দণ্ডাদেশে গিয়ে পৌঁছায়নি।
(বিবিসি ওয়েব পেজ : ১১.০৮.২০২৬ আলী আহমেদ)

## রেডিও তেহরান

### ইয়েমেনের অভিযান সৌদি আগ্রাসনের বিরুদ্ধে বৈধ জবাব : মুহাম্মদ আবদুস সালাম

ইয়েমেন সরকারের আলোচনাকারী দলের প্রধান মুহাম্মদ আবদুস সালাম আঞ্চলিক ও আন্তর্জাতিক পর্যায়ে আলোচনা অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, সৌদি আরবের ভেতরে দেশটির সঙ্গে সংশ্লিষ্ট সশস্ত্র গোষ্ঠীগুলোর জড়ো হওয়া স্থান ও সামরিক ক্যাম্প এবং সৌদি জাহাজের বিরুদ্ধে ইয়েমেনের অভিযানগুলো ইয়েমেনের ওপর চলমান আগ্রাসনের বিরুদ্ধে একটি বৈধ জবাব। ইরনার বরাতে পার্স টুডে জানায়, এক বিবৃতিতে আবদুস সালাম বলেন, ইয়েমেনের জনগণের বিরুদ্ধে আগ্রাসন অব্যাহত থাকার মধ্যেও দেশটির আলোচনাকারী দল বিভিন্ন আঞ্চলিক ও আন্তর্জাতিক পক্ষের সঙ্গে যোগাযোগ ও বৈঠক চালিয়ে যাচ্ছে। এসব আলোচনার মাধ্যমে চলমান পরিস্থিতি সম্পর্কে ইয়েমেনের অবস্থান তুলে ধরা হচ্ছে। তিনি জোর দিয়ে বলেন, সৌদি জাহাজ, সৌদি বাহিনী এবং ইয়েমেনের ভেতরে সৌদি সামরিক ক্যাম্পের বিরুদ্ধে ইয়েমেনের সশস্ত্র বাহিনীর অভিযানগুলো অব্যাহত আগ্রাসনের বিরুদ্ধে বৈধ প্রতিক্রিয়া হিসেবে পরিচালিত হচ্ছে। বিশেষ করে সানা বিমানবন্দরে হামলার প্রেক্ষাপটে এসব অভিযান চালানো হচ্ছে। ইয়েমেনের আলোচনাকারী দলের প্রধান বলেন, সানা চার বছর ধরে যুদ্ধবিরতি ও উত্তেজনা প্রশমনের নীতিতে অটল ছিল এবং সৌদি আরবের বিরুদ্ধে কোনো আগ্রাসনমূলক পদক্ষেপ নেয়নি। কিন্তু সৌদি পক্ষ এই যুদ্ধবিরতির সুযোগ নিয়ে ইয়েমেনের জনগণকে দুর্বল করে দিতে অর্থনৈতিক ও জীবনযাত্রাসংক্রান্ত ক্ষেত্রে পরিকল্পিতভাবে চাপ বাড়িয়েছে। তিনি আরও বলেন, সৌদি আরব হোদেইদাহ বন্দরে যাওয়া জাহাজগুলোর ওপর কঠোর পরিদর্শন ও বিধিনিষেধ আরোপ করে ইয়েমেনের ওপর অবরোধ আরও জোরদার করেছে। এসব জাহাজ ইয়েমেনে প্রবেশে কয়েক মাস পর্যন্ত বিলম্ব হওয়ায় দেশটির জনগণের ওপর অর্থনৈতিক চাপ আরও বেড়েছে।

আবদুস সালাম বলেন, সানা কখনোই সংলাপ ও আলোচনার দরজা বন্ধ করেনি; বরং সৌদি পক্ষই আলোচনায় বসতে অস্বীকৃতি জানাচ্ছে। সম্প্রতি সৌদি পক্ষ প্রকাশ্যেই এ অবস্থান জানিয়েছে, যা শান্তিপূর্ণ সমাধানের প্রতি রিয়াদের সমর্থনের দাবির সঙ্গে সাংঘর্ষিক। তিনি বলেন, সৌদি আরবের আলোচনায় অনীহার উদ্দেশ্য হলো সময়ক্ষেপণ করে "ষড়যন্ত্র ও সামরিক প্রস্তুতি" সম্পন্ন করা। তার মতে, এসব কর্মকাণ্ডের লক্ষ্য ইয়েমেনকে বিশৃঙ্খলা ও অন্তহীন যুদ্ধের দিকে ঠেলে দেওয়া। আবদুস সালাম আরও বলেন, ইয়েমেনের সশস্ত্র বাহিনী এসব কর্মকাণ্ডের মোকাবিলা এবং ইয়েমেনের সার্বভৌমত্ব, স্বাধীনতা ও মর্যাদা রক্ষার জাতীয় দায়িত্ব পালন করে যাবে, যতক্ষণ না দেশটির জনগণের পূর্ণ অধিকার নিশ্চিত হয়।(রেডিও তেহরান ওয়েব পেজ : ১১.০৮.২০২৬ নারগীস)

## এনএইচকে

### ফিলিপাইনে বন্যা ও ভূমিধসে আটজনের মৃত্যু

গ্রীষ্মমণ্ডলীয় ঝড় ও মৌসুমি বৃষ্টির কারণে ফিলিপাইনে বন্যা ও ভূমিধস দেখা দিয়েছে, এতে আটজনের মৃত্যু হয়েছে এবং ২০ হাজারেরও বেশি মানুষ বাস্তুচ্যুত হয়েছেন। মৌসুমি বায়ু এবং একটি টাইফুনের প্রভাবে দেশে ভারী বৃষ্টিপাত অব্যাহত রয়েছে, যা পরে দুর্বল হয়ে গ্রীষ্মমণ্ডলীয় নিম্নচাপে পরিণত হয়। এর ফলে লুজোন দ্বীপসহ অন্যান্য অঞ্চলে ভূমিধস ও বন্যা দেখা দিয়েছে। কর্তৃপক্ষ জানাচ্ছে, ভূমিধস ও অন্যান্য কারণে অন্তত আট জন নিহত হয়েছেন এবং আবাসিক এলাকা প্লাবিত হওয়ায় প্রায় ২২ হাজার মানুষকে সরিয়ে নেওয়া হয়েছে।

(এনএইচকে ওয়েব পেজ: ১১.০৮.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### বাংলাদেশে কেন লোডশেডিং হচ্ছে?

বাংলাদেশে গত জুন মাসে পাইকারি পর্যায়ে গড়ে ১৯ দশমিক ৮৫ শতাংশ ও গ্রাহক পর্যায়ে গড়ে ১৬ দশমিক ৬৮ শতাংশ বিদ্যুতের দাম বেড়েছে। ডিডাব্লিউর কনটেন্ট পার্টনার প্রথম আলো জানাচ্ছে, তবু বিদ্যুৎকেন্দ্রগুলোর বিপুল পাওনা পরিশোধ করতে পারছে না বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (পিডিবি)। বিদ্যুৎ উৎপাদনের জ্বালানিস্বল্পতা প্রকট। গ্যাসের সংকট পুরোপুরি কাটেনি। ব্যয়বহুল জ্বালানি তেল থেকে বিদ্যুৎ উৎপাদন বাড়ানো হচ্ছে না। ফলে বেড়ে গেছে লোডশেডিং। বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (পিডিবি) ও পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসির (পিজিসিবি) তথ্য বলছে, কয়েকদিন ধরে প্রতিদিন সর্বোচ্চ লোডশেডিং হচ্ছে তিন হাজার মেগাওয়াটের বেশি। সোমবার রাত আটটা পর্যন্ত সর্বোচ্চ লোডশেডিং হয়েছে তিন হাজার ৭৫৭ মেগাওয়াট। এর আগের দিন ছিল তিন হাজার ৬৭১ মেগাওয়াট। বিদ্যুৎ বিভাগের তথ্য বলছে, দেশে বিদ্যুৎ উৎপাদন সক্ষমতা ২৯ হাজার মেগাওয়াট। সোমবার সর্বোচ্চ লোডশেডিংয়ের সময় চাহিদা ছিল ১৬ হাজার ২৬২ মেগাওয়াট। সরবরাহ হয়েছে সাড়ে ১২ হাজার মেগাওয়াট। ওই সময় অর্ধেকের বেশি সক্ষমতা বসিয়ে রাখতে হয়েছিল। দিনের অধিকাংশ সময় এমনটাই করতে হচ্ছে। গ্যাস থেকে উৎপাদন হচ্ছে চার হাজার মেগাওয়াটের কম। গ্যাসের সরবরাহ বাড়তে আরও কয়েক দিন সময় লাগতে পারে। তেলচালিত কেন্দ্র থেকে উৎপাদন বাড়ালে খরচ আরও বেড়ে যাবে, তাই চালানো হচ্ছে কম। রাতের বেলায় টানা কয়েক ঘণ্টা তিন হাজার মেগাওয়াটের বেশি চালালেও বেশিরভাগ সময় গড়ে দেড় হাজার মেগাওয়াটের কম চলছে তেলচালিত বিদ্যুৎকেন্দ্র।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১১.০৮.২০২৬ রনি)

## বাংলাদেশ-ভারত টি-টোয়েন্টি ও ওয়ানডে সিরিজ আয়োজনের চেষ্টা

আগামী মাসে তিনটি ওয়ানডে এবং তিনটি টি-টোয়েন্টি ম্যাচ খেলতে ভারতীয় দলের বাংলাদেশে আসার কথা। রাজনীতির ডামাডোলে দুটি সিরিজই আবার অনিশ্চয়তায়। তবে আশার কথা শুনিয়েছেন বাংলাদেশের ক্রীড়া প্রতিমন্ত্রী আমিনুল হক। গতকাল সোমবার গভীর রাতে তিনি জানান, "বিষয়টি নিয়ে মন্ত্রী পর্যায়ে কাজ চলছে।" প্রতিবেশী দুই দেশের বহুল প্রতীক্ষিত সিরিজ দুটোর আয়োজন নিশ্চিত করতে পররাষ্ট্রমন্ত্রীদের মধ্যে আলোচনা অব্যাহত রয়েছে বলেও জানান তিনি। বাংলাদেশ-ভারতের তিন ওয়ানডে এবং তিন টি-টোয়েন্টি ম্যাচের এই দুটো সিরিজ হওয়ার কথা ছিল গত বছরের (২০২৫) আগস্ট মাসে। কিন্তু ঢাকা ও নয়াদিল্লির মধ্যে তখন রাজনৈতিক তিক্ততা বাড়ার কারণে ভারতীয় দলের বাংলাদেশ সফর তখন বাতিল হয়ে যায়। ২০২৪ সালের ৫ আগস্ট গণ-অভ্যুত্থানে ক্ষমতাচ্যুত হয়ে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভারতে আশ্রয় নেওয়ার পর থেকে ঢাকা ও নয়াদিল্লির সম্পর্কে টানাপড়েন চলছিল। তবে সেই টানাপড়েনের কারণে সিরিজ দুটো নির্ধারিত সময়ে না হলেও কাছাকাছি কোনো সময়ে হবে- এমন সম্ভাবনা ছিল। কিন্তু ২০২৫ সালের খেলার মাঠের বাইরের এক ঘটনার অনাকাঙ্ক্ষিত ঢেউ লাগে ক্রিকেটেও। ২০২৫ সালের ১৮ ডিসেম্বর রাতে বাংলাদেশের ভালুকার হবিরবাড়ী ইউনিয়নের ডুবালিয়াপাড়া এলাকায় ধর্ম অবমাননার অভিযোগ তুলে পাইওনিয়ার নিটওয়্যার্স (বিডি) লিমিটেড কারখানার কর্মী দীপু চন্দ্র দাসকে পিটিয়ে হত্যা করা হয়। হত্যার পর গাছে ঝুলিয়ে আগুন দেওয়া হয় লাশে। মানুষের মৃতদেহ গাছে ঝুলিয়ে পোড়ানোর সেই ভিডিও ছড়িয়ে পড়ে সোশ্যাল মিডিয়ায়। দেশজুড়ে ওঠে নিন্দার ঝড়, দ্রুততম সময়ে এমন নৃশংস ঘটনায় জড়িতদের আইনের আওতায় এনে কঠিনতম শাস্তি দেওয়ার দাবি ওঠে। কিন্তু কয়েকদিনের মধ্যেই বাংলাদেশের ওই ঘটনার রেশ দেখা যায় ভারতে। সে দেশের সঙ্ঘ পরিবারের দুই শাখা সংগঠন বিশ্ব হিন্দু পরিষদ (ভিএইচপি) ও বজরং দল বাংলাদেশে দীপু দাস হত্যার প্রতিবাদে বিক্ষোভ মিছিলের কর্মসূচি ঘোষণা করে। ২০২৫ সালের ২৩ ডিসেম্বর দিল্লিতে বাংলাদেশ হাইকমিশনের সামনে বিক্ষোভ প্রদর্শন করে তারা। বিক্ষোভ কর্মসূচিতে বাংলাদেশের তখনকার অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূসের কুশপুতুলও পোড়ানো হয়। ডয়চে ভেলের প্রতিবেদন অনুযায়ী, পূর্বঘোষিত বিক্ষোভ কর্মসূচির পরিপ্রেক্ষিতে সেদিন বাংলাদেশ হাইকমিশনের সামনে প্রচুর পুলিশ ও আধা সামরিক বাহিনী মোতায়েন করা হয়। অনেক জায়গায় ব্যারিকেডও দেওয়া হয়। বিক্ষোভকারীরা ব্যারিকেড সরিয়ে এগিয়ে যাওয়ার চেষ্টা করেন। কিন্তু পুলিশ ও দাঙ্গারোধী পুলিশ লাঠি-চার্জ করে তাদের সরিয়ে দেয়। কিন্তু তারপরও উত্তেজনা কমেনি। ২০২৬ মৌসুমের আইপিএলে কলকাতা নাইট রাইডার্স (কেকেআর)-এর হয়ে খেলার কথা ছিল বাংলাদেশের তারকা পেসার মুস্তাফিজুর রহমানের। বলিউড সুপারস্টার শাহরুখ খানের মালিকানাধীন ফ্র্যাঞ্চাইজি কেকেআর ৯ কোটি ২০ লক্ষ টাকা দিয়ে কিনেছিল তাকে। কিন্তু উত্তরপ্রদেশের বিজেপি নেতা সঙ্গীত সোম এবং আধ্যাত্মিক গুরু হিসেবে পরিচিত দেবকীনন্দন ঠাকুর-সহ কিছু উগ্রবাদী আইপিএল থেকে মুস্তাফিজকে বাদ দেওয়ার দাবি তোলেন। ডয়চে ভেলের প্রতিবেদন অনুযায়ী, তারা তখন বলছিলেন, বাংলাদেশের চলমান পরিস্থিতিতে "বাংলাদেশি খেলোয়াড়দের পেছনে বিশাল অঙ্কের অর্থ বিনিয়োগ ভারতীয়দের ভাবাবেগকে আঘাত করছে।" তারপরই ভারতীয় ক্রিকেট কন্ট্রোল বোর্ড (বিসিসিআই)-এর নির্দেশে মুস্তাফিজকে ছেড়ে দেয় কেকেআর। ভালুকায় দীপু দাস হত্যার রেশে ভারতের আইপিএল থেকে বাংলাদেশের তারকা ক্রিকেটারের বাদ পড়ার বিষয়টি নিয়েও প্রতিবাদের ঝড় ওঠে। মুস্তাফিজকে বাদ দেওয়ার সিদ্ধান্ত ভারতেও অনেকেই মেনে নিতে পারেননি। কংগ্রেস নেতা ও সাবেক কেন্দ্রীয় মন্ত্রী শশী থারুর বলেছিলেন, "এভাবে ক্রিকেটের রাজনীতিকরণ ঠিক নয়। বাংলাদেশে সংখ্যালঘুদের ওপর যে ন্যক্কারজনক হামলা হচ্ছে, তার বোঝা খেলার ওপর চাপিয়ে দেওয়া উচিত হবে না।" তা সত্ত্বেও পরিস্থিতির উন্নতি হয়নি। বরং ভারতে নিরাপত্তা নিয়ে উদ্বেগ প্রকাশ করে দুই মাস পরে অনুষ্ঠেয় টি-টোয়েন্টি বিশ্বকাপের জন্য ভারতে দল পাঠাতে অস্বীকৃতি জানায় বাংলাদেশ। ভারতে না গিয়ে নিজেদের সব ম্যাচ শ্রীলঙ্কায় খেলতে চেয়েছিল বাংলাদেশ। কিন্তু সেই আবেদন প্রত্যাখ্যান করে বাংলাদেশের পরিবর্তে স্কটল্যান্ডকে নিয়ে টি-টোয়েন্টি বিশ্বকাপ শেষ করে আইসিসি। গতকাল সোমবার রাতে সেই অতীতকে পিছনে ফেলার আশা প্রকাশ করে বাংলাদেশে ক্রীড়া প্রতিমন্ত্রী আমিনুল হক বলেন, "ক্রিকেট বিশ্বকাপকে ঘিরে যে অচলাবস্থা তৈরি হয়েছিল, আমরা তার দ্রুত সমাধান চাই।" তিনি আরো বলেন, "আমরা আশাবাদী যে, খুব তাড়াতাড়িই এর সমাধান হবে।" ভারতীয় দল সর্বশেষ বাংলাদেশ সফর করেছিল ২০২২ সালে। সেই সফরে দুই ম্যাচের টেস্ট সিরিজ ২-০-তে জিতেছিল ভারত। তবে তিন ম্যাচের ওয়ানডে সিরিজ ২-১ ব্যবধানে জিতেছিল বাংলাদেশ। তারপর ২০২৪ সালের সেপ্টেম্বর-অক্টোবরে দুটি টেস্ট ও দুটি টি-টোয়েন্টি ম্যাচ খেলতে ভারতে যায় বাংলাদেশ। সেবার দুটি সিরিজই জিতেছিল ভারত।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১১.০৮.২০২৬ রনি)

# জাগো নিউজ

## বাংলাদেশে মার্কিন বিনিয়োগে সহযোগিতার আশ্বাস প্রধানমন্ত্রীর

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছে আমেরিকান চেম্বার অব কমার্স ইন বাংলাদেশ (অ্যামচেম)-এর একটি প্রতিনিধি দল। মঙ্গলবার (১১ আগস্ট) বাংলাদেশ সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। অ্যামচেম বাংলাদেশের পক্ষে সংগঠনটির সভাপতি ও মাস্টারকার্ডের ভাইস প্রেসিডেন্ট সৈয়দ মোহাম্মদ

কামালের নেতৃত্বে আট সদস্যের একটি প্রতিনিধি দল সাক্ষাতে অংশ নেয়। সাক্ষাতে অ্যামচেম প্রতিনিধিরা প্রধানমন্ত্রী তারেক রহমানকে জানান, প্রায় দুই মাস আগে সংগঠনটির নতুন কমিটি দায়িত্ব গ্রহণ করেছে। নতুন কমিটি বাংলাদেশে আরও মার্কিন বিনিয়োগ আকর্ষণ এবং দুই দেশের মধ্যে বাণিজ্যিক সম্পর্ক আরও জোরদারে কাজ করছে। প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, বর্তমানে বাংলাদেশে বিনিয়োগের অনুকূল পরিবেশ রয়েছে। আগ্রহী বিদেশি বিনিয়োগকারীদের সব ধরনের সহযোগিতা করতে সরকার প্রস্তুত। সাক্ষাতে বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির, প্রধানমন্ত্রীর ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি এবং বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক উপদেষ্টা রেহান আসিফ আসাদ এবং বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (বিডা) নির্বাহী চেয়ারম্যান আশিক চৌধুরী উপস্থিত ছিলেন। প্রধানমন্ত্রীর সহকারী প্রেস সচিব গাজী শাহরিয়ার পামির এ তথ্য জানান। (জাগো নিউজ ওয়েব পেজ:**১১.০৮.২০২৬** রিহাব)

## জ্বালানি খাতে বেসরকারি বিনিয়োগ নিয়ে সরকার আগ্রহী : বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু বলেছেন, “আমাদের সরকার প্রাইভেট ইনভেস্টমেন্ট ফ্রেন্ডলি। বিশেষ করে এনার্জি সেক্টরে প্রাইভেট ইনভেস্টমেন্ট নিয়ে আমরা আগ্রহী।” মঙ্গলবার (**১১** আগস্ট) দুপুরে রাজধানীর ঢাকা ক্লাবে ফোরাম ফর এনার্জি রিপোর্টার্স বাংলাদেশ আয়োজিত ‘জ্বালানি খাতের সংকট : সম্ভাবনা ও উত্তরণের উপায়’ শীর্ষক সেমিনারে একথা বলেন তিনি। মন্ত্রী বলেন, “দেশের ক্রাইসিস মোমেন্টে অনেকে ঘোলা পানিতে মাছ শিকার করতে চাইছে। তাদের বলতে চাই, দেশের ক্রাইসিসকে বাড়িয়ে দিয়ে আপনারা কিছু হাসিল করতে পারবেন না।” তিনি বলেন, “অতীতের সরকার উন্নয়নের নাম দিয়ে **১৬** বছর ক্ষমতায় ছিল। আমরা ক্ষমতায় এসে দেখলাম, কোথায় পয়সা বানানো যাবে, সেখানে উন্নয়ন হয়েছে। তিনি আরও বলেন, “এখন একটা এফএসআরইউ (ভাসমান এলএনজি সংরক্ষণ ও পুনর্গ্যাসীকরণ টার্মিনাল) বন্ধ হয়েছে আর সারাদেশে গ্যাসের জন্য হাহাকার লেগে গেছে। গ্যাস সংকট নিয়ে আমরা শিল্প মালিকদের সঙ্গে বসবো। আমাদের দেশের শিল্প মালিকরা যেন বিপদে না পড়ে, সেদিকে আমরা খেয়াল রাখছি।” মন্ত্রী বলেন, “আমাদেরকে খুব সতর্কতার সঙ্গে কয়লাভিত্তিক বিদ্যুৎকেন্দ্রের বিষয়ে আগাতে হবে। কেননা এগুলো করার কারণে অনেক ফাইন্যান্স বন্ধ হয়ে গেছে।” মন্ত্রী আরও বলেন, “সোলারের ব্যাপারে আমরা অ্যাগ্রেসিভ। এটাকে বিজনেস অরিয়েন্টেড করার জন্য আমরা কাজ করেছি। দুই মাসের মধ্যে আমরা পলিসি তৈরি করেছি। আমরা যা পলিসিতে বলেছি, ওটাই বাস্তবায়ন হবে। ওপেক্স মডেলে ঢাকা শহর থেকে শুরু করে সারাদেশে সোলার ছড়িয়ে দেওয়া হবে।” (জাগো নিউজ ওয়েব পেজ:**১১.০৮.২০২৬** রিহাব)

## শেখ হাসিনা ফিরলে পূর্ণ নিরাপত্তায় বিচারিক প্রক্রিয়ার মুখোমুখি হবেন

সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশে ফিরলে তাকে পূর্ণ নিরাপত্তা দেওয়া হবে এবং তিনি বিচারিক প্রক্রিয়ায় অংশ নেওয়ার ক্ষেত্রে সব ধরনের অধিকার ভোগ করবেন। এমনটাই জানিয়েছেন প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচারবিষয়ক উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান। তিনি বলেন, শেখ হাসিনা দেশে ফিরলে আদালত যে সিদ্ধান্ত দেবেন, সেটিই সবাইকে মেনে নিতে হবে। মঙ্গলবার (**১১** আগস্ট) সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে জাহেদ উর রহমান এসব কথা বলেন। সরকারের বিভিন্ন কার্যক্রমের অগ্রগতির বিষয়ে জানাতে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। প্রধানমন্ত্রীর উপদেষ্টা বলেন, “হাসিনাও যদি বাংলাদেশে আসেন, উনি তো বলছেন বিচারালয়ে আসবেন, আমি বহুবার বলেছি, তিনি যদি আসেন, পূর্ণ নিরাপত্তার সঙ্গে আসবেন। পূর্ণ নিরাপত্তার সঙ্গে তিনি বিচারিক প্রক্রিয়ায় যাবেন। পূর্ণ অধিকার ভোগ করবেন বিচারিক প্রক্রিয়ায়, যা যা দরকার। তারপর আদালত যে সিদ্ধান্ত নেবে, সেটা আমরা সবাই মেনে নেব।” জাহেদ উর রহমান বলেন, “আমরা হাসিনার মতো একটা মাফিয়া রেজিম এই দেশে আর দেখতে চাই না। এটা ভবিষ্যতেও হতে দেবো না, কোনো ফ্যাসিস্ট মাফিয়া রেজিম না।” তিনি উল্লেখ করেন, বাংলাদেশ একটি গণতান্ত্রিক রাষ্ট্র। এখানে গুরুতর অপরাধে অভিযুক্ত ব্যক্তিরও নাগরিক ও সাংবিধানিক অধিকার রয়েছে। ক্রিকেটার সাকিব আল হাসানের প্রসঙ্গে উপদেষ্টা বলেন, “এটা একটা গণতান্ত্রিক রাষ্ট্র। এখানে সবচেয়ে বীভৎস অপরাধীরও তার নাগরিক অধিকার যা যা পাওয়ার, সাংবিধানিক অধিকার যা যা পাওয়ার, সেটা সাকিব আল হাসান হোক, সেটা হাসিনা হোক, তারা পাবেন, এটা নিশ্চিত।” (জাগো নিউজ ওয়েব পেজ:**১১.০৮.২০২৬** রিহাব)

## চাঁদপুরে বাস-ট্রাক মুখোমুখি সংঘর্ষে নিহত ৩

চাঁদপুর-কুমিল্লা মহাসড়কের চাঁদপুরের শাহরাস্তি উপজেলার বানিয়াচোঁ এলাকায় ওভারটেক করতে গিয়ে বাস ও হাইড্রোলিক বালুবাহী ট্রাকের মুখোমুখি সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে তিন যাত্রী নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন **১৫** জন। তবে নিহতের সংখ্যা আরও বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। মঙ্গলবার (**১১** আগস্ট) সকালের দিকে শাহরাস্তি উপজেলার বানিয়াচোঁ পাটোয়ারী বাড়ির সামনে এ দুর্ঘটনা ঘটে। দুর্ঘটনাকবলিত বাসটি ঢাকাগামী আল-আরাফাহ পরিবহণের বলে জানা গেছে। প্রত্যক্ষদর্শীরা জানান, মহাসড়কে ওভারটেক করার সময় বাস ও বিপরীত দিক থেকে আসা হাইড্রোলিক বালুবাহী ট্রাকের মধ্যে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে বাস ও ট্রাক দুটিই সড়কের ওপর ছিটকে পড়ে। সংঘর্ষে বাসের কয়েকজন যাত্রী গুরুতর আহত হন। খবর পেয়ে ফায়ার সার্ভিসের সদস্য ও স্থানীয়রা ঘটনাস্থলে গিয়ে উদ্ধারকাজ শুরু করেন। আহতদের উদ্ধার করে শাহরাস্তি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পাঠানো হয়েছে। দুর্ঘটনার কারণে মহাসড়কে কিছুসময় যান চলাচলে বিঘ্ন সৃষ্টি হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:**১১.০৮.২০২৬** রিহাব)

**বিদ্যুৎ-জ্বালানি সরবরাহে ঘাটতি, প্রতিমন্ত্রীর দুঃখ প্রকাশ**

বিদ্যুৎ ও জ্বালানি সরবরাহে ঘাটতির কারণে দুঃখ প্রকাশ করেছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত। তিনি বলেন, আমাদের বিদ্যুৎ-জ্বালানিতে চাহিদার তুলনায় সরবরাহে ঘাটতি রয়েছে। এজন্য আমি মন্ত্রণালয়ের পক্ষ থেকে দুঃখপ্রকাশ করছি। মঙ্গলবার (১১ আগস্ট) দুপুরে রাজধানীর ঢাকা ক্লাবে ফোরাম ফর এনার্জি রিপোর্টার্স বাংলাদেশ আয়োজিত 'জ্বালানি খাতের সংকট : সম্ভাবনা ও উত্তরণের উপায়' শীর্ষক সেমিনারে তিনি এ কথা বলেন। প্রতিমন্ত্রী বলেন, বর্তমান গ্যাস সংকটের কারণ হলো আমাদের ভাসমান এলএনজি টার্মিনাল (এফএসআরইউ) বিকল হয়ে আছে। একটা বয়লারের কার্যক্রম শুরু করা হয়েছে। কিন্তু সমস্যা হলো পুরো এফএসআরইউ চালু করতে হলে বর্তমান যে বয়লারে উৎপাদন চলছে, সেটিও বন্ধ করে রাখতে হবে। এজন্য আমরা আলোচনা চালিয়ে যাচ্ছি। তিনি বলেন, বিদ্যুৎ-জ্বালানির সংকট তাৎক্ষণিক সমাধান সম্ভব নয়। বিদ্যুৎ উৎপাদনের জন্য প্রয়োজনীয় জ্বালানি আমরা পাচ্ছি না। সরকার দীর্ঘমেয়াদি সংকট সমাধানে কাজ করে যাচ্ছে। সেমিনারে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকুসহ জ্বালানি বিশেষজ্ঞ, ব্যবসায়ী প্রতিনিধি ও সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৮.২০২৬ রিহাব)

**রামদা ঠেকিয়ে এমপির বাড়ি-জমি লিখে নেন সৎ ভাইয়েরা, স্ত্রীর অভিযোগে মামলা**

সুনামগঞ্জ-২ (দিরাই-শাল্লা) আসনের সংসদ সদস্য নাছির উদ্দিন চৌধুরীর অসুস্থতার সুযোগ নিয়ে গলায় রামদা ধরে বাড়িসহ সম্পত্তির দলিল রেজিস্ট্রি করে নেওয়ার অভিযোগ উঠেছে তার সৎ ভাইদের বিরুদ্ধে। এ ঘটনায় সোমবার (১০ আগস্ট) দুপুরে সুনামগঞ্জের অতিরিক্ত চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে (দিরাই আমলি আদালত) নাছির চৌধুরীর তিন ভাইসহ আটজনের বিরুদ্ধে মামলার আবেদন করেন এমপির স্ত্রী পারভিন আক্তার। পরে ওই আদালতের বিচারক মোহাম্মদ জসিম উদ্দিন মামলাটি আমলে নিয়ে তদন্ত করে প্রতিবেদন দেওয়ার জন্য পুলিশের অপরাধ তদন্ত বিভাগকে (সিআইডি) নির্দেশ দিয়েছেন। মঙ্গলবার (১১ আগস্ট) জাগো নিউজকে এ তথ্য নিশ্চিত করেন আদালতের বেঞ্চ সহকারী মোহিত লাল চন্দ। মামলায় আসামিরা হলেন- এমপি নাছির উদ্দিন চৌধুরীর সৎ ভাই মঈন উদ্দিন চৌধুরী মাসুক, মিজানুর রহমান চৌধুরী ও মোসলেহ উদ্দিন চৌধুরী। এছাড়াও দিরাই উপজেলার মাতারগাঁও গ্রামের মৃত নাজমুল ইসলামের ছেলে আমিরুল ইসলাম, পুরাতন কর্ণগাঁও গ্রামের আব্দুন নুর মিয়ার ছেলে ছয়ফুল চৌধুরী, তল বাউসী গ্রামের দলিল লেখক মুজিবুর রহমান, কলিয়ার কাপন গ্রামের নাজমুল ইসলামের ছেলে তাজুল ইসলাম এবং দিরাইয়ের নুরুল ইসলামের মেয়ে মোহরার মমতাজ বেগমকে আসামি করা হয়েছে। মামলায় এমপির স্ত্রী উল্লেখ করেন, নাছির উদ্দিন চৌধুরী অসুস্থ থাকার সুযোগে তার দুই স্ত্রী ও সন্তানদের সম্পত্তি থেকে বঞ্চিত করতে পরিকল্পনা করেন মামলায় থাকা অভিযুক্ত আসামিরা। যার ফলে ২০২২ সালের ২৫ জানুয়ারি দিরাই সাব-রেজিস্ট্রার অফিসের দুই কর্মচারীকে কর্মকর্তা সাজিয়ে নাছির উদ্দিন চৌধুরীর বাড়িতে নেওয়া হয়। অভিযোগে আরও বলা হয়, অসুস্থ নাছির উদ্দিন চৌধুরীকে একটি দলিলে স্বাক্ষর করতে বলা হলে তিনি রাজি হননি। একপর্যায়ে আসামিরা তার গলায় রামদা ধরে স্বাক্ষর না করলে গলা কেটে হত্যার হুমকি দেন। এ সময় নাছির উদ্দিন চৌধুরীর অপর স্ত্রী শেলী চৌধুরী ঘটনাস্থলে এসে বাধা দিলে তাকেও হত্যার হুমকি দেওয়া হয়। পরে শেলী চৌধুরী মেঝেতে পড়ে যান বলে মামলায় উল্লেখ করা হয়েছে। এছাড়াও ওই সময় নাছির উদ্দিন চৌধুরীর টঙ্গর এলাকার সমর্থক ওয়াকিব হাসান তাকে দেখতে ওই বাড়িতে যান। তিনি ঘটনাটি দেখতে পান। পরে মঈন উদ্দিন চৌধুরীসহ অন্যরা ভয়ভীতি দেখিয়ে ওয়াকিব হাসানকে বাড়ি থেকে বের করে দেন বলে অভিযোগ করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৮.২০২৬ রিহাব)

**সপ্তাহে একদিন বিনামূল্যে জুলাই জাদুঘর পরিদর্শন করবে শিক্ষার্থীরা**

জুলাই গণ-অভ্যুত্থান জাদুঘরসহ দেশের বিভিন্ন জাদুঘর শিক্ষার্থীদের জন্য উন্মুক্ত করে দেওয়ার উদ্যোগ নিয়েছে সরকার। এর অংশ হিসেবে সপ্তাহে একদিন শিক্ষার্থীরা বিনামূল্যে জুলাই গণ-অভ্যুত্থান জাদুঘর পরিদর্শনের সুযোগ পাবেন। মঙ্গলবার (১১ আগস্ট) সচিবালয়ে তথ্য অধিদপ্তরের (পিআইডি) সম্মেলন কক্ষে সরকারের বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি নিয়ে সংবাদ সম্মেলনে প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান এ তথ্য জানান। তিনি বলেন, জুলাই গণ-অভ্যুত্থান জাদুঘরের একটি দিন শিক্ষার্থীদের জন্য নির্ধারণ করার সিদ্ধান্ত নীতিগতভাবে নেওয়া হয়েছে। স্কুলের ওপরের শ্রেণির শিক্ষার্থীরা এই সুযোগ পাবেন। শিক্ষার্থীদের জাদুঘর পরিদর্শনে টিকিট লাগবে কি না- এমন প্রশ্নের জবাবে উপদেষ্টা বলেন, 'হ্যাঁ, টিকিট ফ্রি, ইটস ফ্রি অব কস্ট।' তিনি বলেন, শুধু সরকারি স্কুলের শিক্ষার্থীদের জন্য এ উদ্যোগ সীমাবদ্ধ থাকবে না। পর্যায়ক্রমে সব স্কুলের শিক্ষার্থীরা এর আওতায় আনা আসবে। ডা. জাহেদ উর রহমান বলেন, "এটা শুধু এই জাদুঘর না, আমাদের জাতীয় জাদুঘর যেটা আছে, সেখানেও স্কুলের ছাত্র-ছাত্রীদের এনে সেটা দেখানোর ব্যবস্থা করা হচ্ছে সরকারি ব্যবস্থাপনায়।" তিনি আরও বলেন, ঢাকায় ও ঢাকার বাইরে অন্যান্য জাদুঘরেও একই ধরনের পদক্ষেপ নেওয়া হবে। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন জাদুঘরের পাশাপাশি অন্য মন্ত্রণালয়ের অধীনে থাকা জাদুঘরগুলোতেও শিক্ষার্থীদের নিয়ে গিয়ে সেগুলো দেখানোর ব্যবস্থা করা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৮.২০২৬ রিহাব)

**ইলিশের উৎপাদন ও স্বাদ ধরে রাখতে নদী খননে জোর সরকারের**

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদ বলেছেন, জাতীয় মাছ ইলিশের উৎপাদন ও স্বাদ ধরে রাখতে নদী পুনঃখনন, পানির প্রবাহ বাড়ানো, জাটকা নিধন বন্ধ এবং কারেন্ট জালের ব্যবহার পুরোপুরি বন্ধে জোর দিচ্ছে সরকার। একই সঙ্গে জেলেদের শুধু খাদ্য সহায়তার মধ্যে সীমাবদ্ধ না রেখে বিকল্প কর্মসংস্থানের আওতায় আনার উদ্যোগ নেওয়া হচ্ছে। মঙ্গলবার (১১ আগস্ট) সচিবালয়ে এক অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা বলেন তিনি। বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটের (বিএলআরআই) স্থানীয় স্ট্রেইন থেকে উদ্ভাবিত এভিয়ান ইনফ্লুয়েঞ্জা ও গোট পক্স ভ্যাকসিন সিড প্রাণিসম্পদ অধিদপ্তরের কাছে আনুষ্ঠানিকভাবে হস্তান্তর উপলক্ষে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৮.২০২৬ রিহাব)

## মুগদা ও খিলক্ষেত থানা পুলিশের বিশেষ অভিযানে গ্রেফতার ২৫

রাজধানীর মুগদা ও খিলক্ষেত থানা পুলিশের বিশেষ অভিযানে বিভিন্ন অপরাধে জড়িত ২৫ জনকে গ্রেফতার করা হয়েছে। মঙ্গলবার (১১ আগস্ট) ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশনস বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য জানান। মুগদা থানার বরাত দিয়ে নিয়াজ মেহেদী বলেন, গতকাল সোমবার (১০ আগস্ট) মুগদা থানা পুলিশ বিভিন্ন অপরাধপ্রবণ এলাকায় বিশেষ অভিযান চালিয়ে বিভিন্ন অপরাধে জড়িত ১৫ জনকে গ্রেফতার করেছে। খিলক্ষেত থানার বরাত দিয়ে নিয়াজ মেহেদী বলেন, একই দিনে খিলক্ষেত থানা পুলিশ বিভিন্ন অপরাধপ্রবণ এলাকায় বিশেষ অভিযান চালিয়ে বিভিন্ন অপরাধে জড়িত ১০ জনকে গ্রেফতার করেছে। অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী বলেন, গ্রেফতার ব্যক্তিদের মধ্যে নিয়মিত মামলাসহ বিভিন্ন অপরাধে জড়িতরা রয়েছেন। আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৮.২০২৬ রিহাব)

## ঢাকায় ২৪ ঘণ্টায় গ্রেফতার ৪৮৪, মামলা ৫৮

রাজধানীতে ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) নিয়মিত অভিযানে গত ২৪ ঘণ্টায় ৪৮৪ জনকে গ্রেফতার করেছে পুলিশ। একই সময়ে ৫৮টি মামলা করা হয়েছে। মঙ্গলবার (১১ আগস্ট) ডিএমপির মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশনস বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য জানান। নিয়াজ মেহেদী বলেন, রাজধানীর বিভিন্ন থানা এলাকায় অভিযান পরিচালনা করে বিভিন্ন আলামত ও মাদকদ্রব্য উদ্ধারসহ তাদের গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃতদের মধ্যে রমনা বিভাগ ৪৩ জন, লালবাগ বিভাগ ৩৩ জন, ওয়ারী বিভাগ ৭১ জন, মতিঝিল বিভাগ ৫৬ জন, তেজগাঁও বিভাগ ৫০ জন, মিরপুর বিভাগ ১২৪ জন, গুলশান বিভাগ ৫৫ জন, উত্তরা বিভাগ ৪৮ জন, গোয়েন্দা বিভাগ ৩ জন এবং সিটিটিসি ১ জনকে গ্রেফতার করে। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৮.২০২৬ রিহাব)

## স্বাধীনতাবিরোধীরা মুক্তিযুদ্ধের ইতিহাসকে ছোটো করার চেষ্টা করছে : রিজভী

স্বাধীনতাবিরোধীরা মুক্তিযুদ্ধের ইতিহাসকে ছোটো করার চেষ্টা করছে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রীর উপদেষ্টা ও বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। মঙ্গলবার (১১ আগস্ট) রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে এক সমাবেশে তিনি এ মন্তব্য করেন। '১৯৭১ সালের মুক্তিযুদ্ধের বিরোধিতাকারী জামায়াতে ইসলামীর ঔদ্ধত্যপূর্ণ বক্তব্য ও কর্মকাণ্ডের মাধ্যমে বাংলাদেশকে অস্থিতিশীল করার ষড়যন্ত্রের প্রতিবাদে' সংবাদ সম্মেলন, বিক্ষোভ মিছিল ও এই সংক্ষিপ্ত সমাবেশের আয়োজন করে জাতীয়তাবাদী মুক্তিযোদ্ধা দল ও মুক্তিযুদ্ধের প্রজন্ম। প্রথমে ঢাকা রিপোর্টার্স ইউনিটির শফিকুল কবির মিলনায়তনে সংবাদ সম্মেলন হয়। পরে রিপোর্টার্স ইউনিটি থেকে নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয় পর্যন্ত বিক্ষোভ মিছিল করেন সংগঠনের নেতা-কর্মীরা। এরপর সেখানে সংক্ষিপ্ত সমাবেশ করা হয়। সমাবেশে রিজভী বলেন, "আমার পরিচিতি বাংলাদেশি। এটা ৭১-এর অর্জন। আমরা তাদের উত্তরসূরি, যারা যুদ্ধ করেছেন।" মুক্তিযুদ্ধের ইতিহাসকে ছোটো করার চেষ্টা কারা করছে, সে প্রশ্ন তুলে রিজভী বলেন, "যারা সেদিন স্বাধীনতার বিরোধিতা করেছে। এদের বীরত্বের ইতিহাস নাই, শুধু আছে দালালির ইতিহাস।" বিএনপির এ নেতা অভিযোগ করেন, "আওয়ামী লীগের কৃপা পাওয়ার জন্য জামায়াতে ইসলামী সব সময় চেষ্টা করেছে। "৮৬ সালে আওয়ামী লীগের সঙ্গে আঁতাত করে নির্বাচনে গেছে। ২০০৮ সালের পাতানো নির্বাচনে হুমকি দিয়ে বিএনপিকে নির্বাচন করার জন্য বাধ্য করেছে।" (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৮.২০২৬ রিহাব)

## শুধু ঔষধ বা স্যালাইন দিয়ে এসডিজি অর্জন সম্ভব নয় : স্বাস্থ্যমন্ত্রী

শুধু ঔষধ বা স্যালাইন দিয়ে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জন সম্ভব নয় বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। তিনি বলেন, এর মূল ভিত্তি হতে হবে রোগ প্রতিরোধ, যার ওপর প্রধানমন্ত্রী সর্বোচ্চ জোর দিচ্ছেন। মন্ত্রী বলেন, শিক্ষা, আইন-শৃঙ্খলা ও জেন্ডার বৈষম্য কমানোর পাশাপাশি এসডিজি গোল-৩ অর্জনের জন্য স্বাস্থ্যখাতের সঙ্গে পানি, শিক্ষা ও সমাজকল্যাণের মতো খাতগুলোকে একত্র করতে হবে। মঙ্গলবার (১১ আগস্ট) দুপুরে রাজধানীর বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে এসডিজি বাস্তবায়ন ও পর্যালোচনা সম্পর্কিত জাতীয় সম্মেলনে তিনি এসব কথা বলেন। এসডিজি অর্জন করতে হলে শুধু স্বাস্থ্য মন্ত্রণালয়ের ওপর নির্ভর না করে পানি, শিক্ষা, সমাজ কল্যাণ ও স্থানীয় সরকারসহ সংশ্লিষ্ট সব মন্ত্রণালয়কে নিয়ে সমন্বিত পরিকল্পনা ও যৌথ উদ্যোগের ওপর গুরুত্বারোপ করেন স্বাস্থ্যমন্ত্রী। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৮.২০২৬ রিহাব)

## এ সরকারের অধীনে পৃষ্ঠপোষকতার ব্যবসা চলবে না : অর্থমন্ত্রী

অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, বর্তমান সরকারের অধীনে পৃষ্ঠপোষকতার ব্যবসা চলবে না। যত বড়ো মন্ত্রী হোক, যত বড়ই পাওয়ারফুল লোক হোক- এ সরকারের আমলে পৃষ্ঠপোষকতার কোনো সুযোগ নেই। মঙ্গলবার (১১ আগস্ট) দুপুরে চট্টগ্রাম বন্দরে চট্টগ্রাম কাস্টমসকে প্রভাবশালী সিন্ডিকেটের ভয়মুক্ত করার বিষয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। এসময় বন্দর চেয়ারম্যান রিয়ার এডমিরাল এম মনিরুজ্জামানসহ বন্দরের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। এর আগে, অর্থমন্ত্রী বন্দর ভবনে জাতীয় রাজস্ব বোর্ড, কাস্টমস, চট্টগ্রাম চেম্বার, বিজিএমইএ, বিকেএমইএ, শিপিং এজেন্টসহ বন্দরের স্টেক হোল্ডারদের সঙ্গে রুদ্ধদ্বার বৈঠক করেন। বৈঠকে বন্দর ও কাস্টমসের মধ্যে বিদ্যমান জটিলতা নিরসন, বন্দর ব্যবস্থাপনায় গতি ফেরানো, কাস্টমস সেবার প্রতিবন্ধকতা দূর করার পাশাপাশি ব্যবসায়িক খরচ কমানোর বিষয়ে সিদ্ধান্ত হয় বলে জানা গেছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৮.২০২৬ রিহাব)

## জ্বালানি সংকটের তাৎক্ষণিক একক সমাধান নেই : অধ্যাপক ম. তামিম

দেশের চলমান জ্বালানি সংকটের তাৎক্ষণিক কোনো একক সমাধান নেই বলে মন্তব্য করেছেন জ্বালানি বিশেষজ্ঞ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) সাবেক অধ্যাপক ও ইন্ডিপেনডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশের উপাচার্য অধ্যাপক ম. তামিম। তিনি বলেন, দেশীয় গ্যাসের উৎপাদন কমছে। তাই গ্যাস উৎপাদন বাড়ানোর পাশাপাশি প্রয়োজন অনুযায়ী জ্বালানি আমদানি, কয়লাভিত্তিক বিদ্যুৎকেন্দ্রগুলোর সর্বোচ্চ ব্যবহার এবং দ্রুত ২ থেকে ৩ হাজার মেগাওয়াট সৌরবিদ্যুৎ জাতীয় গ্রিডে যুক্ত করতে হবে। মঙ্গলবার (১১ আগস্ট) দুপুরে ঢাকা ক্লাবে ফোরাম ফর এনার্জি রিপোর্টার্স বাংলাদেশ আয়োজিত 'জ্বালানি খাতের সংকট : সম্ভাবনা ও উত্তরণের উপায়' শীর্ষক সেমিনারের প্যানেল আলোচনায় এ কথা বলেন তিনি। অধ্যাপক তামিম বলেন, বাপেক্স-নির্ভর গ্যাস অনুসন্ধান নীতি পুনর্বিবেচনা করা জরুরি। প্রযুক্তি, অভিজ্ঞতা ও বিনিয়োগের ঘাটতি পূরণে আন্তর্জাতিক কোম্পানিগুলোকে কাজে লাগাতে হবে। একইসঙ্গে পুরোনো গ্যাসক্ষেত্রের সম্ভাবনাময় স্তরগুলো উন্নত প্রযুক্তির মাধ্যমে কাজে লাগানোর পাশাপাশি ছাতক গ্যাসক্ষেত্র উন্নয়নের উদ্যোগ নেওয়া যেতে পারে। সেমিনারে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু, প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত সহ জ্বালানি বিশেষজ্ঞ, ব্যবসয়ী প্রতিনিধিসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৮.২০২৬ রিহাব)

## আপনাদের মতো আমিও বিদ্যুৎহীন অবস্থায় আছি : এমপি হানজালা

দেশের বিভিন্ন জায়গায় বিদ্যুতের ঘাটতি দেখা দিয়েছে। সারাদেশের মতো বিদ্যুৎ বিভ্রাট নিয়ে চিন্তিত মাদারীপুর-১ আসনের সংসদ সদস্য সাঈদ উদ্দিন আহমাদ হানজালা। এ বিষয়ে তিনি ১১ আগস্ট ১২টা ৪৮ মিনিটে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে একটি স্টাটাস দিয়েছেন। এমপি হানজালা লিখেছেন, "সারাদেশ থেকেই বিদ্যুৎ নিয়ে একের পর এক অভিযোগ আসছে। দীর্ঘসময় বিদ্যুৎ না থাকায় মানুষের স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহত হচ্ছে। বিশেষ করে আমার প্রিয় শিবচরবাসীও একই সমস্যার ভেতর দিয়ে যাচ্ছেন। শিবচরবাসী, একটি কথা মনে রাখবেন, আমিও আপনাদেরই একজন। আপনাদের মতো আমিও বিদ্যুৎহীন অবস্থায় আছি, আপনাদের কষ্ট আমি অনুভব করছি। প্রতিনিয়ত সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে আমাদের টিম যোগাযোগ রাখছে এবং পরিস্থিতির খোঁজ-খবর নিচ্ছে। এটি শুধু শিবচরের সমস্যা নয়, দেশের বিভিন্ন জায়গাতেই বিদ্যুতের ঘাটতি দেখা দিয়েছে। সরকারও এই ঘাটতি পূরণ করে পরিস্থিতি স্বাভাবিক করার জন্য চেষ্টা করে যাচ্ছে। মানুষের কষ্ট আমাদেরও কষ্ট দেয়। ঘরে শিশু, বয়স্ক মানুষ, অসুস্থ মানুষ বিদ্যুৎ না থাকলে সবার জীবনই কঠিন হয়ে পড়ে। আমরা চাই, দ্রুত এই সংকটের সমাধান হোক এবং মানুষ স্বস্তি ফিরে পাক। ইনশাআল্লাহ, সংশ্লিষ্ট সকলের প্রচেষ্টায় দ্রুত পরিস্থিতির উন্নতি হবে। শিবচরবাসীর পাশে আছি, পাশে থাকব।" (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৮.২০২৬ রিহাব)

## বন্ধ দুই পাটকল ইজারা পেলো প্রাণ-আরএফএল

পাট ও বস্ত্র মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন খুলনা ও সিরাজগঞ্জে বন্ধ তিনটি পাটকল বেসরকারি প্রতিষ্ঠানের কাছে ইজারা দেওয়ার চুক্তি সই হয়েছে। এর মধ্যে দুটি পাটকল ইজারা পেয়েছে দেশের শীর্ষ শিল্পপ্রতিষ্ঠান প্রাণ-আরএফএল গ্রুপ। অন্যটি পেয়েছে হ্যামকো গ্রুপের প্রতিষ্ঠান আবদুল্লাহ ব্যাটারি কোম্পানি (প্রাইভেট) লিমিটেড। ইজারা পাওয়া তিনটি কারখানায় প্রায় এক হাজার কোটি টাকা বিনিয়োগের পরিকল্পনা রয়েছে জানিয়ে বস্ত্র ও পাট প্রতিমন্ত্রী মো. শরীফুল আলম বলেন, এসব কারখানা চালু হলে ১১ হাজারের বেশি মানুষের কর্মসংস্থান হবে। মঙ্গলবার (১১ আগস্ট) প্রধানমন্ত্রী তারেক রহমানের উপস্থিতিতে ইজারার বিষয়ে আনুষ্ঠানিক চুক্তি হয়েছে। পরে সাংবাদিকদের এসব তথ্য জানান বস্ত্র ও পাট প্রতিমন্ত্রী। বন্ধ থাকা আরও কিছু কারখানা আগামী ছয় মাসের মধ্যে চালু হবে বলেও জানান তিনি। মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, খুলনার খালিশপুরের প্লাটিনাম জুবিলি জুট মিল ৩০ বছরের জন্য ইজারা পেয়েছে হ্যামকো গ্রুপের আবদুল্লাহ ব্যাটারি কোম্পানি (প্রাইভেট) লিমিটেড। অন্যদিকে, খুলনার দিঘলিয়ার স্টার জুট মিলস এবং সিরাজগঞ্জের রায়পুরের জাতীয় জুট মিলস ইজারা পেয়েছে প্রাণ-আরএফএল গ্রুপ। ইজারা চুক্তির আওতায় এসব কারখানায় নতুন করে বিনিয়োগ করে উৎপাদন কার্যক্রম শুরু করা হবে। এতে দীর্ঘদিন বন্ধ থাকা শিল্পপ্রতিষ্ঠানগুলো আবারও উৎপাদনে

ফিরবে। পাশাপাশি স্থানীয়ভাবে নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। তিনটি পাটকলে এক হাজার কোটি টাকার বেশি বিনিয়োগের পরিকল্পনা রয়েছে। বড়োসড়ো এ বিনিয়োগের ফলে এসব কারখানায় ১১ হাজারের বেশি মানুষের কর্মসংস্থান হবে। এতে বন্ধ শিল্পকারখানার সম্পদ কাজে লাগানোর পাশাপাশি দেশের শিল্প ও অর্থনীতিতে নতুন গতি আসবে বলে আশা করা হচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৮.২০২৬ রিহাব)

## রাজধানীতে আওয়ামী লীগের মিছিলের প্রস্তুতি, ককটেল বিস্ফোরণ

রাজধানীর মহাখালীতে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের মিছিলের প্রস্তুতিকালে চারজনকে আটক করেছে পুলিশ। এসময় ককটেল বিস্ফোরণ ঘটিয়ে আতঙ্ক সৃষ্টি করে অন্যরা পালিয়ে যান বলে অভিযোগ উঠেছে। মঙ্গলবার (১১ আগস্ট) দুপুর দেড়টার দিকে মহাখালী জনস্বাস্থ্য ইনস্টিটিউট-সংলগ্ন মুক্তিযোদ্ধা গলি ও সিএম পাম্পের সামনে এ ঘটনা ঘটে। আটক ব্যক্তিরা হলেন- ব্রাহ্মণবাড়িয়ার সরাইলের আসলাম মিয়া (২৫), কুড়িগ্রামের ভূরুঙ্গামারীর আশিকুল ইসলাম (২৪), ঢাকার দারুস সালাম এলাকার মো. মাহফুজুর রহমান সিয়াম (১৯) ও মিরপুর চিড়িয়াখানা স্টাফ কোয়ার্টারের মো. মনির হোসেন (৪৮)। তাদের মধ্যে আসলাম ও আশিকুল সরকারি বাঙলা কলেজ শাখা ছাত্রলীগের কর্মী এবং কলেজটির বিবিএ চতুর্থ বর্ষের শিক্ষার্থী। পুলিশ জানায়, মহাখালীতে আওয়ামী লীগের ঢাকা মহানগর উত্তর শাখার ব্যানারে ৩০-৪০ জন মিছিলের প্রস্তুতি নিচ্ছিলেন। খবর পেয়ে বনানী থানার পুলিশ ঘটনাস্থলে গেলে তারা ছত্রভঙ্গ হয়ে পালানোর চেষ্টা করেন। এসময় স্থানীয় লোকজনের সহায়তায় চারজনকে আটক করা হয়। আটকের সময় মিছিলকারীদের কয়েকজন নাশকতার উদ্দেশ্যে ককটেল বিস্ফোরণ ঘটিয়ে জনমনে আতঙ্ক সৃষ্টি করে পালিয়ে যান। ঘটনাস্থল থেকে বিস্ফোরিত ককটেলের আলামত জব্দ করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৮.২০২৬ রিহাব)

## পূর্ণ সক্ষমতায় ফেরাতে এলএনজি টার্মিনাল ফের পুরোপুরি বন্ধ রাখতে হবে

কক্সবাজারে মহেশখালীতে এক্সেলারেট এনার্জি পরিচালিত ভাসমান এলএনজি টার্মিনালটি (এফএসআরইউ) পুরো সক্ষমতায় ফেরাতে, সেটি আবার সাময়িকভাবে বন্ধ রাখতে হবে বলে জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত। মঙ্গলবার (১১ আগস্ট) দুপুরে রাজধানীর ঢাকা ক্লাবে ফোরাম ফর এনার্জি রিপোর্টার্স বাংলাদেশ আয়োজিত ‘জ্বালানি খাতের সংকট : সম্ভাবনা ও উত্তরণের উপায়’ শীর্ষক সেমিনারে এ কথা বলেন তিনি। প্রতিমন্ত্রী বলেন, বর্তমান গ্যাস সংকটের কারণ হলো আমাদের এফএসআরইউ বিকল হয়ে আছে। একটা বয়লারের কার্যক্রম শুরু করা হয়েছে। কিন্তু সমস্যা হলো পুরো এফএসআরইউ চালু করতে হলে বর্তমান যে বয়লারে উৎপাদন চলছে, সেটিও বন্ধ করে রাখতে হবে। এজন্য আমরা আলোচনা চালিয়ে যাচ্ছি। এতে এফএসআরইউটি পূর্ণ মাত্রায় চালু করতে হলে যে কয়েকদিন সাময়িক বন্ধ থাকবে, সেসময় সারাদেশে ফের ভয়াবহ গ্যাস সংকটের আশঙ্কা করা হচ্ছে। এর আগে, এফএসআরইউটি বন্ধ হয়ে গেলে ৫০০ মিলিয়ন ঘনফুট গ্যাস সরবরাহ কমে যায়। এতে সারাদেশে আবাসিক, সিএনজি, শিল্পসহ সব শ্রেণির গ্রাহকরা চরম গ্যাস সংকটে পড়ে। তবে ঠিক কবে নাগাদ আবারও মেরামতের জন্য এফএসআরইউটি বন্ধ করা হবে, সে বিষয়ে প্রতিমন্ত্রী কিছু জানাননি। দেশে নতুন ও বড়ো পরিসরের এলএনজি টার্মিনাল স্থাপনে একটি বিদেশি বেসরকারি উদ্যোক্তা গোষ্ঠী আগ্রহ দেখিয়েছে বলে তুলে ধরেন জ্বালানি প্রতিমন্ত্রী। তবে তিনি ওই প্রতিষ্ঠানের নাম প্রকাশ করেননি। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৮.২০২৬ রিহাব)

## নির্মাণ শেষের আগেই ড্রেনের দেওয়ালে ফাটল

বণিকপাড়ার মানুষ অপেক্ষায় ছিলেন এক স্বস্তির দিনের। বর্ষা এলেই জমে থাকা পানি আর বর্জ্যের দুর্ভোগ থেকে এবার হয়ত কিছুটা মুক্তি মিলবে। সেই আশায় সরকারি অর্থে শুরু হয়েছিল একটি ড্রেন নির্মাণের কাজ। কিন্তু স্বস্তির সেই অপেক্ষায় হঠাৎই ঢুকে পড়েছে শঙ্কা। ড্রেনের কাজ শেষ হওয়ার আগেই দেয়ালে দেখা দিয়েছে ফাটল, আবার কোথাও ভেঙে পড়েছে নির্মাণের অংশ। ধসে পড়া কাঠামোকে সাময়িকভাবে ধরে রাখতে দুই পাশের দেয়ালের মাঝখানে বসানো হয়েছে কাঠের তক্তা। ঘটনাটি গাজীপুরের কালীগঞ্জ উপজেলার বাহাদুরসাদী ইউনিয়নের বাশাইর বণিকপাড়া এলাকার। সরেজমিনে দেখা যায়, নির্মাণাধীন ড্রেনের বিভিন্ন অংশে ফাটলের চিহ্ন রয়েছে। একটি অংশে দেয়াল ধসে পড়েছে। এতে নির্মাণকাজে ব্যবহৃত রডের দূরত্ব ও কাঠামোর দৃঢ়তা নিয়েও স্থানীয়দের মধ্যে প্রশ্ন তৈরি হয়েছে। স্থানীয়দের অভিযোগ, সিমেন্ট-বালুর মিশ্রণসহ নির্মাণসামগ্রী ব্যবহারে যথাযথ মান অনুসরণ করা হয়েছে কি না, তা খতিয়ে দেখা প্রয়োজন। প্রকল্প-সংশ্লিষ্ট সূত্র জানায়, বাশাইর বণিকপাড়ার ভেতর দিয়ে নির্মাণাধীন ড্রেনটি বাশাইর মূল সড়কের পাশের ড্রেনের সঙ্গে যুক্ত হওয়ার কথা। গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় তিন দফায় প্রকল্পটির জন্য মোট ১০ লাখ টাকা বরাদ্দ রয়েছে। প্রথম দফায় চার লাখ, দ্বিতীয় দফায় চার লাখ এবং তৃতীয় দফায় দুই লাখ টাকা। স্থানীয় সংসদ সদস্যের ঐচ্ছিক প্রকল্প হিসেবে দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের আওতাধীন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ের তত্ত্বাবধানে কাজটি বাস্তবায়িত হচ্ছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৮.২০২৬ রিহাব)

## চট্টগ্রাম বন্দরে দুর্ঘটনায় পড়া জাহাজ ইউরেনাসকে কোটি টাকা জরিমানা

যান্ত্রিক ত্রুটির বিষয়ে আগে জেনেও কর্তৃপক্ষকে না জানিয়ে বন্দরে প্রবেশের সময় দুর্ঘটনায় পড়া কনটেইনারবাহী জাহাজ এমভি সিএনসি ইউরেনাসকে এক কোটি টাকা জরিমানা করা হয়েছে। চট্টগ্রাম বন্দরের এক অফিস আদেশে সোমবার (১০ আগস্ট) জাহাজটির স্থানীয় শিপিং এজেন্ট এপিএল (বাংলাদেশ) প্রাইভেট লিমিটেডকে এ জরিমানা করা হয়। চট্টগ্রাম বন্দরের হারবার মাস্টার ক্যাপ্টেন মোহাম্মদ জাহিরুল ইসলামের সই করা ওই আদেশে জরিমানার ওপর ১৫ শতাংশ ভ্যাট হিসেবে আরও ১৫ লাখ টাকা যুক্ত করা হয়েছে। ফলে মোট পরিশোধযোগ্য অর্থের পরিমাণ দাঁড়িয়েছে এক কোটি ১৫ লাখ টাকা। জাহাজের শিপিং এজেন্ট এপিএল (বাংলাদেশ) প্রাইভেট লিমিটেডকে দুটি আলাদা পে-অর্ডারের মাধ্যমে জরিমানা ও ভ্যাটের এই টাকা বন্দর তহবিলে দ্রুত জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। আদেশে বলা হয়, গত ৩ আগস্ট জাহাজটি বন্দরে বার্থিংয়ের জন্য প্রবেশের সময় ইন্টারন্যাশনাল সেফটি ম্যানেজমেন্ট (আইএসএম) কোড অনুযায়ী পাইলটদের দেওয়া তথ্যপত্রে জাহাজটির স্টিয়ারিং গিয়ারের ত্রুটির বিষয়টি উল্লেখ করা হয়নি। জাহাজটি বন্দর চ্যানেলে প্রবেশের কিছুক্ষণ আগে এর মাস্টার পাইলটদের ত্রুটির বিষয়টি জানান এবং ডিএনভি ক্লাসের দেওয়া একটি সনদ তাদের কাছে হস্তান্তর করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৮.২০২৬ রিহাব)

## ঢাকায় শুল্ক ফাঁকি দিয়ে আনা বিপুল পরিমাণ ভারতীয় শাড়ি-প্রসাধনী জব্দ

রাজধানীর যাত্রাবাড়ীর ধোলাইপাড়ে অভিযান চালিয়ে শুল্ক ফাঁকি দিয়ে আনা বিপুল পরিমাণ ভারতীয় শাড়ি ও প্রসাধনী সামগ্রী জব্দ করেছে বাংলাদেশ কোস্ট গার্ড। এসব শাড়ি ও প্রসাধনী সামগ্রীর মূল্য প্রায় এক কোটি ১৮ লাখ টাকা। মঙ্গলবার (১১ আগস্ট) বিকেলে কোস্ট গার্ডের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সাব্বির আলম সুজন এ তথ্য জানান। তিনি বলেন, গোপন সংবাদের ভিত্তিতে গতকাল সোমবার রাত সাড়ে ৭টা থেকে রাত ১২টা পর্যন্ত যাত্রাবাড়ী থানার ধোলাইপাড় বাসস্ট্যান্ড সংলগ্ন এলাকায় পাগলার কোস্ট গার্ড স্টেশনের সদস্যরা বিশেষ অভিযান চালান। অভিযানকালে ওই এলাকায় সন্দেহজনক তিনটি ভ্যানগাড়িতে তল্লাশি চালানো হয়। এ সময় শুল্ক ফাঁকি দিয়ে অবৈধভাবে আনা প্রায় এক কোটি ১৭ লাখ ৯৭ হাজার টাকা মূল্যের বিপুল পরিমাণ ভারতীয় শাড়ি ও প্রসাধনী সামগ্রী জব্দ করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৮.২০২৬ রিহাব)

## ৫ সরকারি দপ্তরে দাপ্তরিক কাজে সৌর বিদ্যুৎ ব্যবহারের নির্দেশ

প্রধানমন্ত্রীর কার্যালয়, বঙ্গভবনসহ পাঁচটি গুরুত্বপূর্ণ সরকারি দপ্তরে দাপ্তরিক কাজে ব্যবহৃত বিদ্যুতের সিংহভাগ সৌরবিদ্যুৎ থেকে নেওয়ার নির্দেশ দিয়েছে সরকার। সোমবার (১০ আগস্ট) মন্ত্রিপরিষদ বিভাগ থেকে এ বিষয়ে পরিপত্র জারি করা হয়েছে। সরকারি অফিসে সৌর বিদ্যুতের অধিকতর ব্যবহার নিশ্চিতকরণ শিরোনামে পরিপত্রে বলা হয়েছে, সরকার সিদ্ধান্ত নিয়েছে, বঙ্গভবন, মন্ত্রিপরিষদ বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, পরিকল্পনা কমিশন এবং অর্থ বিভাগে দাপ্তরিক কাজে ব্যবহার্য বিদ্যুতের সিংহভাগ সৌর বিদ্যুৎ ব্যবহার করতে হবে। এ ছাড়া অন্যান্য সরকারি দপ্তরে পর্যায়ক্রমে সৌর বিদ্যুতের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে বলে পরিপত্রে জানানো হয়েছে। সব সচিব, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী কর্মকর্তাদের পরিপত্রের অনুলিপি পাঠানো হয়েছে।

(জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৮.২০২৬ রিহাব)

## সীমান্তে জুলাইয়ে ২০২ কোটি টাকার চোরাচালান পণ্য জব্দ করেছে বিজিবি

সীমান্তে চোরাচালান ও মাদকবিরোধী অভিযানে গত জুলাইয়ে ২০২ কোটি ৬৩ লাখ ৪৯ হাজার টাকা মূল্যের বিভিন্ন ধরনের চোরাচালান পণ্য জব্দ করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। জব্দ পণ্যের মধ্যে ছিল বিপুল পরিমাণ মাদকদ্রব্য, অস্ত্র, সোনা, পোশাক, প্রসাধনী ও বিভিন্ন পণ্য। মঙ্গলবার (১১ আগস্ট) বিজিবির জনসংযোগ কর্মকর্তা মো. শরীফুল ইসলামের সই করা এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। তিনি জানান, জব্দ পণ্যের মধ্যে রয়েছে ৪ কেজি ২৫৪ গ্রাম সোনা, ২১৬ পিস ডায়মন্ডের নাকফুল, ৭ কেজি ৯৩০ গ্রাম রৌপ্য, ১৩ হাজার ৬৩টি শাড়ি, ২ হাজার ৭১০টি থ্রিপিস, শার্টপিস, চাদর ও কম্বল, ৮ হাজার ৮৮৬টি তৈরি পোশাক এবং ৩ লাখ ২ হাজার ৩৯৪টি কসমেটিকস সামগ্রী। এছাড়া ৮ লাখ ৬৪ হাজার ৩৫৬ পিস আতশবাজি, ১ হাজার ৭৫১ ঘনফুট কাঠ, ২ লাখ ২১ হাজার ৯০ কেজি কয়লা, ৬ হাজার ৪৪৬ কেজি চা পাতা, ৬২৪টি মোবাইল ফোন, ৪ হাজার ৩৬০টি মোবাইল ডিসপ্লে ও ৩৬ হাজার ১৭০টি মোবাইল ফোনের যন্ত্রাংশ জব্দ করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৮.২০২৬ রিহাব)

## স্বরাষ্ট্রমন্ত্রী-সুইডিশ রাষ্ট্রদূতের বৈঠকে আলোচনায় রোহিঙ্গা ও অভিবাসন

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদের সঙ্গে বাংলাদেশে নিযুক্ত সুইডেনের রাষ্ট্রদূত নিকোলাস লিনাস রাগনার উইকসের সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়েছে। সাক্ষাৎকালে রোহিঙ্গা সংকট, মানবপাচার তথা অনিয়মিত অভিবাসন প্রসঙ্গে আলোচনা হয়েছে। মঙ্গলবার (১১ আগস্ট) দুপুরে সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। সাক্ষাৎকালে উভয় দেশের মধ্যে নিরাপত্তা, অনিয়মিত অভিবাসন প্রতিরোধ, বাণিজ্য সম্প্রসারণ, কারিগরি শিক্ষার প্রসার ও কারিগরি সহায়তার ক্ষেত্র বৃদ্ধি এবং রোহিঙ্গা সংকটের টেকসই সমাধানসহ পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট নানান বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বৈঠকে স্বরাষ্ট্রমন্ত্রী সুইডেনকে বাংলাদেশের 'গুরুত্বপূর্ণ উন্নয়ন অংশীদার' উল্লেখ করে বলেন, বর্তমান সরকার কারিগরি শিক্ষার আধুনিকায়নের মাধ্যমে দক্ষ ও বিশ্বমানের মানবসম্পদ তৈরিতে বিশেষ গুরুত্বারোপ করছে। এ

লক্ষ্যে দেশের বিভিন্ন স্থানে নতুন নতুন কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠান স্থাপনের পরিকল্পনা ও প্রকল্প নেওয়া হচ্ছে। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, সুইডেনসহ ইউরোপের বাজারে কেয়ারগিভারসহ দক্ষ জনশক্তির চাহিদা দিন দিন বাড়ছে। বাংলাদেশে কারিগরি শিক্ষার মানোন্নয়ন, প্রশিক্ষণ জোরদার ও দক্ষ মানবসম্পদ রপ্তানির ক্ষেত্রে সুইডেন সরকারের নিবিড় সহযোগিতা প্রত্যাশা করেন মন্ত্রী। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৮.২০২৬ রিহাব)

## তিস্তা মহাপরিকল্পনা ও গঙ্গা চুক্তি নবায়ন সরকারের শীর্ষ অগ্রাধিকার

তিস্তা মহাপরিকল্পনা বাস্তবায়ন, গঙ্গা চুক্তি নবায়ন ও ভূগর্ভস্থ পানির স্তর রক্ষায় ২০ হাজার কিলোমিটার খাল খননকে বর্তমান সরকারের শীর্ষ অগ্রাধিকার হিসেবে উল্লেখ করেছেন পানিসম্পদমন্ত্রী শহীদউদ্দীন চৌধুরী এ্যানি। সেই সঙ্গে তিনি জানিয়েছেন, পানির ন্যায্য হিস্যা আদায় এবং দেশে কৃষি বিপ্লব ও নদীভাঙন রোধে সরকার দৃশ্যমান পদক্ষেপ নিয়েছে। মঙ্গলবার (১১ আগস্ট) রাজধানীর বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে এসডিজি বাস্তবায়ন ও পর্যালোচনা সম্পর্কিত জাতীয় সম্মেলনে মন্ত্রী এসব কথা বলেন। শহীদউদ্দীন চৌধুরী এ্যানি জানান, আগামী ডিসেম্বরের মধ্যে চলমান গঙ্গা চুক্তির মেয়াদ শেষ হচ্ছে। বর্তমান নির্বাচিত সরকার জোরালোভাবে পানির ন্যায্য হিস্যা আদায় এবং নতুন চুক্তিতে গ্যারান্টি ক্লজ যুক্ত করার ওপর গুরুত্ব দিচ্ছে। যৌথ নদী কমিশন এরই মধ্যে কাজ শুরু করেছে। পাশাপাশি প্রায় ৩৫ হাজার কোটি টাকার পদ্মা ব্যারাজ প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ নেওয়া হয়েছে, যার মাধ্যমে দেশের প্রায় সাত কোটি মানুষের ভাগ্য পরিবর্তন ও কৃষির সামগ্রিক বিপ্লব সাধিত হবে। মন্ত্রী বলেন, উত্তরাঞ্চলের তিস্তা নদী অববাহিকার মানুষের দুর্দশা লাঘবে তিস্তা মহাপরিকল্পনা দ্রুত বাস্তবায়নের কাজ চলছে। দেশি-বিদেশি বিশেষজ্ঞদের সহযোগিতা নিয়ে শুষ্ক মৌসুমে পানির সংকট এবং বর্ষার নদীভাঙন রোধে স্থায়ী সমাধান খোঁজা হচ্ছে। এছাড়া ভূগর্ভস্থ পানির স্তর আশঙ্কাজনকভাবে নিচে নেমে যাওয়ায় ভূউপরিস্থ পানির সরবরাহ বাড়াতে চার মন্ত্রণালয়ের সমন্বয়ে ২০ হাজার কিলোমিটার খাল খনন বা পুনঃখনন করা হবে। পানিসম্পদ মন্ত্রণালয়ের নেতৃত্বে কৃষি মন্ত্রণালয়, স্থানীয় সরকার মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় যৌথভাবে এ কাজ বাস্তবায়ন করবে। পরিবেশ সংরক্ষণের ওপর জোর দিয়ে মন্ত্রী বলেন, আগামী পাঁচ বছরে দেশজুড়ে ২৫ কোটি বৃক্ষরোপণের মাধ্যমে পরিবেশ সংরক্ষণের দৃশ্যমান উদ্যোগ হাতে নেওয়া হয়েছে। এসডিজির লক্ষ্যমাত্রা অর্জনে বর্তমান সরকার নির্ধারিত সময়ের মধ্যে সব চ্যালেঞ্জ মোকাবিলা করে কাজ করে যাচ্ছে। অনুষ্ঠানে স্বাস্থ্যমন্ত্রী সরদার সাখাওয়াত হোসেন, স্বাস্থ্য সচিব কামরুজ্জামান চৌধুরী, স্বাস্থ্য অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক অধ্যাপক ডা. ফোয়ারা তাসমীমসহ বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের উচ্চপদস্থ কর্মকর্তা এবং দেশের বিশিষ্ট বিশেষজ্ঞরা অংশ নেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৮.২০২৬ রিহাব)

## পিএসসির নতুন ৪ সদস্যকে শপথ পড়ালেন প্রধান বিচারপতি

বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের (পিএসসি) নবনিযুক্ত চার সদস্য শপথ নিয়েছেন। তারা হলেন, মো. নজরুল ইসলাম, মোহাম্মদ আলী, ড. মো. ফেরদৌস হোসেন ও ইয়াসমিন গফুর। মঙ্গলবার (১১ আগস্ট) বিকেল সাড়ে ৪টার পর সুপ্রিম কোর্টের জাজেস লাউঞ্জে তাদের শপথবাক্য পাঠ করান প্রধান বিচারপতি জুবায়ের রহমান চৌধুরী। শপথ অনুষ্ঠান পরিচালনা করেন সুপ্রিম কোর্টের রেজিস্ট্রার জেনারেল মোহাম্মদ হাবিবুর রহমান সিদ্দিকী। এ সময় সুপ্রিম কোর্টের আপিল বিভাগের বিচারপতি এবং পিএসসির কর্মকর্তারা উপস্থিত ছিলেন। গত ৬ আগস্ট পিএসসির চারজন নতুন সদস্য নিয়োগ দেন সরকারের সংশ্লিষ্ট কতৃপক্ষ। আর আজ তাদের সুপ্রিম কোর্টের জাজেজ লাউঞ্জে শপথ অনুষ্ঠান সম্পন্ন করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১১.০৮.২০২৬ রিহাব)

## ২০৩৪ সালের মধ্যে বাংলাদেশের অর্থনীতি হবে ট্রিলিয়ন ডলারের : ইউএসবিবিসি

বাংলাদেশের অর্থনীতি আগামী ২০৩৪ সালের মধ্যে এক ট্রিলিয়ন মার্কিন ডলারে পৌঁছাবে বলে আশা প্রকাশ করেছে ইউএস-বাংলাদেশ বিজনেস কাউন্সিল (ইউএসবিবিসি)। এ লক্ষ্য অর্জনে বাংলাদেশের কারিগরি ও ব্যবস্থাপনা সক্ষমতা উন্নয়ন, জিডিপি প্রবৃদ্ধি বাড়ানো এবং কর আহরণে উৎপাদনশীলতা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করেছে সংগঠনটি। মঙ্গলবার (১১ আগস্ট) সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদের সঙ্গে ইউএস-বাংলাদেশ বিজনেস কাউন্সিলের ১৬ সদস্যের একটি উচ্চপর্যায়ের প্রতিনিধিদলের বৈঠকে এসব বিষয় উঠে আসে। বৈঠকে বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে দ্বিপক্ষীয় বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধি, জ্বালানি ও নিরাপত্তা সহযোগিতাসহ পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। বৈঠকে ইউএসবিবিসির প্রেসিডেন্ট ও ইউএস চেম্বার অব কমার্সের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট (দক্ষিণ এশিয়া) অতুল কেশপ বাংলাদেশের অর্থনীতির সম্ভাবনার কথা তুলে ধরেন। তিনি বলেন, ২০৩৪ সালের মধ্যে বাংলাদেশের অর্থনীতি এক ট্রিলিয়ন ডলারে পৌঁছাবে বলে আশা করা হচ্ছে। এ লক্ষ্য অর্জনে প্রয়োজনীয় কারিগরি ও ব্যবস্থাপনা সক্ষমতা উন্নয়ন, জিডিপি প্রবৃদ্ধি এবং কর উৎপাদনশীলতা বৃদ্ধিতে গুরুত্ব দেওয়া প্রয়োজন। (জাগো নিউজ ওয়েব পেজ: ১১.০৮.২০২৬ রুবাইয়া)

## বিদ্যুৎ-জ্বালানি খাতে সরকারকে আগের ধারাবাহিকতা থেকে বেরিয়ে আসতে হবে

কনজ্যুমারস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (ক্যাব) জ্বালানি উপদেষ্টা ড. এম শামসুল আলম বলেছেন, বিদ্যুৎ ও জ্বালানি খাতে নতুন সরকারকে আগের ধারাবাহিকতা থেকে বেরিয়ে 'বিপ্লবী পরিবর্তন' আনতে হবে। তা না হলে ব্যর্থতার দায় বর্তমান সরকারকেও নিতে হবে। মঙ্গলবার (১১ আগস্ট) দুপুরে রাজধানীর ঢাকা ক্লাবে ফোরাম ফর

এনার্জি রিপোর্টার্স বাংলাদেশ আয়োজিত সেমিনারের প্যানেল আলোচনায় এ কথা বলেন তিনি। 'জ্বালানি খাতের সংকট : সম্ভাবনা ও উত্তরণের উপায়' শীর্ষক সেমিনারে ড. এম শামসুল আলম বলেন, এ খাতের অন্যতম বড়ো সমস্যা যৌক্তিক প্রাইসিং না করা। দেশীয় প্রতিষ্ঠানগুলো উৎপাদন সক্ষমতা বাড়াতে না পেরে বিদেশি কোম্পানির কাছ থেকে গ্যাস ও বিদ্যুৎ কিনে বেশি দামে বিক্রি করছে। ফলে অনেক ক্ষেত্রে আমদানি করা জ্বালানির দাম দেশীয় উৎপাদনের চেয়েও কম পড়ছে। বিদ্যুৎ উৎপাদনে বেঞ্চমার্ক মূল্য ও বিনিয়োগের শর্ত স্পষ্ট করা জরুরি। সেমিনারে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু, প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিতসহ জ্বালানি বিশেষজ্ঞ, ব্যবসয়ী প্রতিনিধিসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ১১.০৮.২০২৬ রুবাইয়া)

## আমরা সবাই বাংলাদেশের 'অধিবাসী' হবো, 'আদিবাসী' কেউ হবো না

বাংলাদেশ ভূখণ্ডের ভেতরে বসবাসকারী সব নাগরিকের সাংবিধানিক পরিচয় হবে 'বাংলাদেশি' এবং কোনো ভুল বা বিভ্রান্তিকর প্রশ্নের পেছনে না ছুটে দেশের সবাইকে 'আদিবাসী' না হয়ে 'অধিবাসী' হওয়ার আহ্বান জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, পাহাড়ি অঞ্চলে সৃষ্ট ঐতিহাসিক বিভেদ ও ষড়যন্ত্রের পেছনে ভিনদেশি উসকানি এবং আন্তর্জাতিক মহলের স্বার্থ রয়েছে। তবে আমরা সবাই বাংলাদেশের 'অধিবাসী' হবো, 'আদিবাসী' কেউ হবো না। মঙ্গলবার (১১ আগস্ট) বিকেলে রাজধানীর গুলশানের একটি হোটেলে 'আদিবাসী হিসেবে স্বীকৃতির দাবিকে কেন্দ্র করে আয়োজিত আন্দোলন জাতীয় সার্বভৌমত্বের জন্য হুমকি' শীর্ষক গোলটেবিল আলোচনায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ২০০৭ সালের ১৩ সেপ্টেম্বর গৃহীত 'ইউনাইটেড নেশনস ডিক্লারেশন অন দ্য রাইটস অফ ইন্ডিজিনাস পিপল' চার্টারে বাংলাদেশ ভোটদানে বিরত ছিল। এমনকি বিশ্বজুড়ে প্রভাবশালী কয়েকটি রাষ্ট্রও এর বিরুদ্ধে ভোট দিয়েছে। আইএলও কনভেনশন ১৬৯ এবং জাতিসংঘের ওই চার্টার বাংলাদেশের ক্ষেত্রে প্রযোজ্য নয়। কারণ, বাংলাদেশ এর অংশ নয়। তাই এ বিষয়টি নিয়ে বারবার সমস্যা বা সমাধানের প্রসঙ্গ ওঠার কোনো যৌক্তিকতা নেই। সমস্যার স্থায়ী ও সাংবিধানিক সমাধানের ওপর জোর দিয়ে তিনি বলেন, জুলাই চার্টারে রাজনৈতিক সমঝোতার দলিল হিসেবে সবাই স্বাক্ষর করেছে। দলগুলোর মধ্যে যেসব দফায় কোনো দ্বিমত বা নোট অব ডিসেন্ট ছাড়াই ঐকমত্য তৈরি হয়েছে, তার মধ্যে অন্যতম হলো বাংলাদেশের ভূখণ্ডের ভেতরের সব নাগরিকের মূল পরিচয় হবে বাংলাদেশি। (জাগো নিউজ ওয়েব পেজ: ১১.০৮.২০২৬ রুবাইয়া)

## অভিবাসীদের মনোজগৎ দিয়ে বাংলাদেশের জনমিতি বোঝা যাবে না : তথ্য ও সম্প্রচার মন্ত্রী

তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন বলেছেন, অভিবাসী-অধ্যুষিত রাষ্ট্রগুলোর ঐতিহাসিক ও নৃতাত্ত্বিক বাস্তবতার সঙ্গে বাংলাদেশের বাস্তবতার কোনো মিল নেই। তাই অভিবাসীদের মনোজগৎ বা অভিজ্ঞতার চশমা দিয়ে বাংলাদেশের জনমিতিকে বোঝা সম্ভব নয়। মঙ্গলবার (১১ আগস্ট) রাজধানীর এক হোটেলে আয়োজিত গোলটেবিল বৈঠকে বিশেষ অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। 'ইন্ডিজেনাস আইডেন্টিটি ইজ ইরিলেভ্যান্ট ফর বাংলাদেশ' শীর্ষক গোলটেবিল বৈঠকের আয়োজন করে চিটাগাং হিল ট্র্যাক্ট রিসার্চ অ্যাসোসিয়েশন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তথ্যমন্ত্রী বলেন, বাংলাদেশের জাতিসত্তা কোনো বহিরাগত অভিবাসী জনগোষ্ঠীর দখল ও উচ্ছেদের মধ্যদিয়ে গড়ে ওঠেনি। বরং দীর্ঘ নৃতাত্ত্বিক বিবর্তন, সামাজিক মিথস্ক্রিয়া ও ঐতিহাসিক ধারাবাহিকতার মধ্যদিয়ে এ দেশের জনগোষ্ঠী ও জাতিসত্তার বিকাশ ঘটেছে। তিনি বলেন, কানাডা, মার্কিন যুক্তরাষ্ট্র, অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ডের মতো অভিবাসী-অধ্যুষিত রাষ্ট্রগুলোর ইতিহাসে আদিবাসী জনগোষ্ঠীকে উচ্ছেদ ও দখলের একটি ঐতিহাসিক বাস্তবতা রয়েছে। সেই ইতিহাসের দায় মোচনে এসব রাষ্ট্রের বিভিন্ন সভ্য ও ইতিবাচক উদ্যোগও দেখা যায়। কিন্তু বাংলাদেশের ইতিহাস ও জনমিতির সঙ্গে ওই বাস্তবতার কোনো তুলনা চলে না। মন্ত্রী আরও বলেন, আমাদের কথা বলার সময়, প্রতিক্রিয়া ব্যক্ত করার সময়ও খেয়াল রাখতে হবে। আমরা কোনো পাতানো ফাঁদে পা দিয়ে এমন একটি শব্দ বা বয়ানকে আবারও জনপ্রিয় করে তুলছি কি না, যা বাংলাদেশের প্রেক্ষাপটে প্রায়শই অপ্রাসঙ্গিক। তিনি বলেন, বাংলাদেশের জনগোষ্ঠীর মধ্যে কোনো একক বা একমাত্রিক নৃতাত্ত্বিক পরিচয় নেই। হাজার বছরের ইতিহাসে নানান জনগোষ্ঠীর সংমিশ্রণ ও সাংস্কৃতিক মিথস্ক্রিয়ার মধ্যদিয়ে এ দেশের সমাজ ও জাতিসত্তা গড়ে উঠেছে।

এই বহুত্বের মধ্য দিয়েই একটি অভিন্ন রাষ্ট্রীয় পরিচয় গড়ে উঠেছে। তথ্যমন্ত্রী বলেন, বাংলাদেশের জনমিতিকে বুঝতে হলে অভিবাসীদের চশমা দিয়ে দেখা যাবে না। বাংলাদেশের জনমিতিকে বুঝতে হলে আমাদের প্রাকৃতিক ও ঐতিহাসিক নৃতাত্ত্বিক বিবর্তনের ধারাকে বুঝতে হবে। সংখ্যাগরিষ্ঠের মনোজগৎ দিয়ে ক্ষুদ্র জাতিসত্তার সমস্যা সঠিকভাবে বোঝা যাবে না। এ বিষয়ে সমাজবিজ্ঞানের মৌলিক জ্ঞানকে বিবেচনায় রাখার উপর গুরুত্বারোপ করেন তিনি। নাগরিকত্বের ভিত্তিতে বাংলাদেশি জাতীয়তাবাদ দেশের রাষ্ট্রীয় পরিচয়ের একটি গুরুত্বপূর্ণ ভিত্তি উল্লেখ করে তথ্যমন্ত্রী বলেন, শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান নাগরিকত্বের ভিত্তিতে জাতীয়তাবাদের ধারণাকে নতুনভাবে উপস্থাপন করেছিলেন, যা বাংলাদেশের জাতিসত্তার নানান বৈচিত্র্য ও সংকটকে একটি অভিন্ন রাষ্ট্রীয় পরিচয়ের কাঠামোর মধ্যে ধারণ করতে সহায়তা করেছে। বাংলাদেশের বাস্তবতা, ইতিহাস ও জনমিতিকে বিবেচনায় রেখে সঠিক বয়ান উপস্থাপন করা জরুরি উল্লেখ করে জহির উদ্দিন স্বপন বলেন, সঠিক প্রশ্নের সঠিক উত্তর দেওয়া যায়। ভুল উত্তর দিলে তা সংশোধন করা যায়। কিন্তু ভুল প্রশ্নে উত্তর দেওয়ার জন্য নিজেকে যুক্ত না করাই ভালো। অনুষ্ঠানে সভাপতিত্ব ও সঞ্চালনা করেন চিটাগাং হিল ট্র্যাক্ট রিসার্চ অ্যাসোসিয়েশনের সভাপতি মেহেদী হাসান পলাশ। বিশেষ অতিথি ছিলেন

সংস্কৃতি প্রতিমন্ত্রী আলী নেওয়াজ মাহমুদ খৈয়ম। গোলটেবিল বৈঠকে আয়োজক সংগঠনের নেতৃবৃন্দ, গবেষক, শিক্ষক, নৃতত্ত্ববিদ, সাংবাদিক ও সংশ্লিষ্ট ব্যক্তিরা অংশ নেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ১১.০৮.২০২৬ রুবাইয়া)

### 'আদিবাসী' স্বীকৃতি দিলে পার্বত্য চট্টগ্রামে অধিকার হারাবে বাংলাদেশ

ক্ষুদ্র নৃগোষ্ঠীকে 'আদিবাসী' হিসেবে স্বীকৃতি দেওয়া হলে পার্বত্য চট্টগ্রামের ওপর বাংলাদেশের রাষ্ট্রীয় অধিকার হারানোর আশঙ্কা রয়েছে বলে মন্তব্য করেছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের সাবেক চিফ প্রসিকিউটর অ্যাডভোকেট মুহাম্মদ তাজুল ইসলাম। তিনি বলেন, 'আদিবাসী' স্বীকৃতি দেওয়ার পেছনে অনেক ভূরাজনৈতিক কারণ রয়েছে। বাংলাদেশের এক-দশমাংশ ভূখণ্ড পার্বত্য চট্টগ্রাম। ভৌগোলিক, সামরিক ও সম্পদের দিক থেকে এ অঞ্চল রাষ্ট্রের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। একটি বিশেষ মহল পরিকল্পিতভাবে এ জায়গায় 'আদিবাসী' শব্দটি টেনে আনার চেষ্টা করছে। মঙ্গলবার (১১ আগস্ট) বিকেলে রাজধানীর গুলশানের একটি হোটেলে 'আদিবাসী হিসেবে স্বীকৃতির দাবিকে কেন্দ্র করে আয়োজিত আন্দোলন জাতীয় সার্বভৌমত্বের জন্য হুমকি' শীর্ষক গোলটেবিল আলোচনায় তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন ও সংস্কৃতি প্রতিমন্ত্রী আলী নেওয়াজ মাহমুদ খৈয়াম। অ্যাডভোকেট তাজুল ইসলাম বলেন, আদিবাসী হিসেবে যদি আমাদের ক্ষুদ্র নৃগোষ্ঠী যারা আছেন, তাদের স্বীকৃতি দেওয়া হয় সমস্যাটা হচ্ছে যে, প্রথমত তারা আদিবাসী না। কারণ এই ভূখণ্ডে বাঙালি যারা আছেন, তারা এসেছেন ৪ হাজার বছর আগে আর চাকমারা যারাই বলেন, এদের আগমনের ইতিহাস ৩০০ থেকে ৪০০ বছর আগে। এখন ৪০০ বছর আগে যে এসেছে, তাকে যদি আমি আদিবাসী বলি, তাহলে ৪ হাজার বছর আগে যে এসেছে, তাকে আমি কী বলবো? এটা মেনে নেওয়া হলে ১৯৮৯ সালে শুরু হওয়া মঙ্গল শোভাযাত্রাকে হাজার বছরের বাঙালির ঐতিহ্য বলে চালিয়ে দেওয়ার মতো ব্যাপার হবে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১১.০৮.২০২৬ রুবাইয়া)

### হামের উপসর্গে আরও ২ শিশুর প্রাণহানি

দেশে হামের উপসর্গ নিয়ে আরও দুই শিশু মারা গেছে। এ নিয়ে হাম-সংক্রান্ত রোগে এখন পর্যন্ত মোট মৃতের সংখ্যা দাঁড়িয়েছে ৮৮০ জনে। মঙ্গলবার (১১ আগস্ট) স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে হাম-সংক্রান্ত পরিস্থিতি নিয়ে এক বার্তায় এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, সোমবার সকাল ৮টা থেকে মঙ্গলবার সকাল ৮টার মধ্যে নিশ্চিত হামে কারও মৃত্যু না হলেও সন্দেহজনক হামে দুজন মারা গেছে। এ নিয়ে গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত নিশ্চিত হামে ৯৮ এবং সন্দেহজনক হাম রোগে ৭৮২ জনের প্রাণ গেছে। এছাড়া, নতুন করে নিশ্চিত হাম শনাক্ত হয়েছে ১০৭ জনের। একই সঙ্গে নতুন সন্দেহজনক হামের রোগী শনাক্ত হয়েছে ৮৭২ জন। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, ১৫ মার্চ থেকে এ পর্যন্ত সন্দেহজনক হাম রোগী পাওয়া গেছে এক লাখ ৩৮ হাজার ১৮৪ জন। অন্যদিকে, একই সময়ে নিশ্চিত হাম রোগী শনাক্ত হয়েছে ১৭ হাজার ৩৮৫ জন। বিভাগভিত্তিক হিসাব অনুযায়ী, নিশ্চিত হামে সবচেয়ে বেশি ৬২ রোগী মারা গেছে ঢাকায়। এছাড়া বরিশালে ১৯, চট্টগ্রামে ১০, সিলেটে তিন এবং ময়মনসিংহ ও রাজশাহীতে দুজন করে মৃত্যুবরণ করেছে। সেই সঙ্গে সন্দেহজনক হামেও সবচেয়ে বেশি ৩৪২ জনের মৃত্যু হয়েছে ঢাকা বিভাগে। আর সিলেটে ১২৫, রাজশাহীতে ৯১, ময়মনসিংহে ৭২, চট্টগ্রামে ৬১, বরিশালে ৪৬, খুলনায় ৩২ ও রংপুরে ১৩ জন প্রাণ হারিয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১১.০৮.২০২৬ রুবাইয়া)

### চার ঘণ্টা পর সাভারের ভবনটিতে অভিযান শুরু

ঢাকার অদূরে সাভারের দক্ষিণ শ্যামপুর এলাকায় একটি ভবন প্রায় চার ঘণ্টা ঘিরে রাখার পর অভিযান শুরু করেছে কাউন্টার টেরোরিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম ইউনিট (সিটিটিসি)। মঙ্গলবার (১১ আগস্ট) রাতে অভিযান শুরু হয়েছে বলে জাগো নিউজকে সিটিটিসির একটি সূত্র নিশ্চিত করেছে। রাত ৯টার দিকে ঘটনাস্থলে গিয়ে দেখা যায় শ্যামপুর এলাকার জলাবদ্ধ একটি সড়ক লাগোয়া একটি ভবনের সামনে অবস্থান নিয়ে রয়েছেন সিটিটিসি সদস্যরা। তাদের সঙ্গে বোম্ব ডিস্পোজাল ইউনিট ও স্থানীয় থানা পুলিশও রয়েছে। সাভার মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল আলম জানান, রাতে সাভারের তেঁতুলঝড়া ইউনিয়নের শ্যামপুর এলাকা থেকে বিস্ফোরক উদ্ধার করা হয়েছে। শ্যামপুর এলাকায় এক ব্যক্তির বাড়ি ঘিরে রাখা হয়েছে। সেখানে সন্ত্রাসীরা অবস্থান করছে বলে জানান তিনি। সিটিটিসি বলছে, অভিযান চালিয়ে বিপুল পরিমাণ বোমা তৈরির সরঞ্জাম উদ্ধার করা হয়েছে। অভিযান চলমান। অভিযান শেষে বিস্তারিত জানানো হবে। এদিন সন্ধ্যা ৭টার পর বাড়িটির সামনে অবস্থান নিয়ে সিটিটিসি সদস্যরা বাড়িটি ঘিরে ফেলেন বলে জানান স্থানীয়রা। (জাগো নিউজ ওয়েব পেজ : ১২.০৮.২০২৬ নারগীস)

## রেডিও টুডে

### বিদেশি বিনিয়োগকারীদের সব ধরনের সহযোগিতা করতে সরকার প্রস্তুত : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, বর্তমানে বাংলাদেশে বিনিয়োগের অনুকূল পরিবেশ রয়েছে। আগ্রহী বিদেশি বিনিয়োগকারীদের সব ধরনের সহযোগিতা করতে সরকার প্রস্তুত। প্রধানমন্ত্রীর সঙ্গে আমেরিকান চেম্বার অব কমার্স ইন বাংলাদেশ (অ্যামচেম)-এর একটি প্রতিনিধিদলের সৌজন্য সাক্ষাৎকালে তিনি এ কথা বলেন। মঙ্গলবার বাংলাদেশ সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রীর সহকারী প্রেস সচিব গাজী শাহরিয়ার

পামির এ কথা জানান। অ্যামচেম বাংলাদেশের পক্ষে সংগঠনটির সভাপতি ও মাস্টারকার্ডের ভাইস প্রেসিডেন্ট সৈয়দ মোহাম্মদ কামাল আট সদস্যের এই প্রতিনিধিদলে নেতৃত্ব দেন। অ্যামচেম প্রতিনিধিরা প্রধানমন্ত্রীকে জানান, প্রায় দুই মাস আগে সংগঠনটির নতুন কমিটি দায়িত্ব গ্রহণ করেছে। নতুন কমিটি বাংলাদেশে আরও মার্কিন বিনিয়োগ আকর্ষণ এবং দুই দেশের মধ্যে বাণিজ্যিক সম্পর্ক আরও জোরদারে কাজ করছে। এ সময় প্রধানমন্ত্রী বলেন, বর্তমানে বাংলাদেশে বিনিয়োগের অনুকূল পরিবেশ রয়েছে। আগ্রহী বিদেশি বিনিয়োগকারীদের সব ধরনের সহযোগিতা করতে সরকার প্রস্তুত। সাক্ষাৎকালে উপস্থিত ছিলেন বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির, প্রধানমন্ত্রীর ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি এবং বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক উপদেষ্টা রেহান আসিফ আসাদ এবং বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)-এর নির্বাহী চেয়ারম্যান আশিক চৌধুরী।(রেডিও টুডে ওয়েব পেজ: **১১.০৮.২০২৬** এলিনা)

## রাষ্ট্রপতি পদে বিএনপির প্রার্থী ঘোষণা বৃহস্পতিবার : চিফ হুইপ

রাষ্ট্রপতি নির্বাচনে বিএনপির প্রার্থী ঘোষণা করবেন সংসদ নেতা, প্রধানমন্ত্রী তারেক রহমান। বৃহস্পতিবারের (**১৩** আগস্ট) মধ্য মনোনয়নপত্র জমা দেওয়ার সময়ই দলের পক্ষ থেকে প্রার্থীর নাম জানানো হবে বলে জানিয়েছেন চিফ হুইপ নুরুল ইসলাম মণি। তিনি বলেন, ভোট আয়োজনে বিশেষ অধিবেশন নয়, বৈঠক ডাকবে নির্বাচন কমিশন। মঙ্গলবার দুপুরে রাষ্ট্রপতি নির্বাচনের বিষয়ে ভারপ্রাপ্ত স্পিকারের সঙ্গে ইসি সচিবের বৈঠকের পর এসব জানান তিনি। চিফ হুইপ নুরুল ইসলাম মণি বলেন, 'সংবিধানের ৭০ অনুচ্ছেদ অনুসারে নির্বাচনে সংসদ সদস্যদের নিজ দলের বিরুদ্ধে গিয়ে ভোট দেওয়ার সুযোগ নেই।' স্বাক্ষরিত জুলাই সনদ বাস্তবায়নে সরকার প্রতিশ্রুতিবদ্ধ উল্লেখ করে তিনি বলেন, 'জুলাই সনদ বাস্তবায়ন হলে পরবর্তীতে রাষ্ট্রপতি নির্বাচনে সংসদ সদস্যদের ভোট দেওয়ার স্বাধীনতা থাকবে।' এসময়, বিরোধী দলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম বলেন, 'জুলাই সনদ অনুযায়ী রাষ্ট্রপতি নির্বাচন হলে সংসদ সদস্যদের স্বাধীনতা অক্ষুণ্ণ থাকার সুযোগ ছিলো। ক্ষমতা বাড়তো রাষ্ট্রপতির। সরকার জুলাই সনদ বাস্তবায়নের কথা বললেও ধীরে ধীরে বেশকিছু বিষয় আগের মতোই হয়ে আসছে।' জুলাই সনদ বাস্তবায়নের আভাস মিলছে না শঙ্কা রয়েছে বলেও জানান বিরোধী দলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম।(রেডিও টুডে ওয়েব পেজ: **১১.০৮.২০২৬** এলিনা)

## ভঙ্গুর শিক্ষাব্যবস্থা নিয়ে কাজে নেমেছি, ২০ বছরে পিছিয়েছি : শিক্ষামন্ত্রী

দেশের শিক্ষাব্যবস্থা অত্যন্ত নাজুক অবস্থায় রয়েছে উল্লেখ করে শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন বলেছেন, ভঙ্গুর শিক্ষাব্যবস্থা নিয়ে কাজে নেমেছি। শিক্ষাব্যবস্থার ভঙ্গুর অবস্থাকে অস্বীকার করার কোনো সুযোগ নেই। গত ২০ বছরে আমরা পেছনের দিকে গিয়েছি। মঙ্গলবার (**১১** আগস্ট) রাজধানীর বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলে (বার্ক) 'সমৃদ্ধ অর্থনীতি বিনির্মানে শিক্ষা' শীর্ষক এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। এসএসসি ও সমমানের পরীক্ষার সম্প্রতি প্রকাশিত ফলাফলের প্রসঙ্গ টেনে শিক্ষামন্ত্রী বলেন, জোর করে কাউকে যেমন পাশ করানো যায় না, তেমনি জোর করে ফেলও করানো যায় না। যারা এবার ভালো করতে পারেনি, তার দায় শুধু শিক্ষার্থীদের নয়, এই দায় তিনি নিজের কাঁধেও নিচ্ছেন বলে জানান। মন্ত্রী বলেন, শিক্ষাব্যবস্থার কোথায় 'ডিফেক্ট' বা ত্রুটি রয়েছে, প্রকৃত মান কেমন এবং সঠিক উপাত্ত কী- তা নিরপেক্ষভাবে খুঁজে বের করতে হবে। শিক্ষক সঙ্কট ও আইনি জটিলতার চিত্র তুলে ধরে মিলন বলেন, মানসম্মত শিক্ষকের তীব্র অভাব রয়েছে। ২০১৭ সালে ৩২ হাজার শিক্ষকের বিরুদ্ধে মামলা হয়েছিরো, যা তিনি নিষ্পত্তি করার পরেও আবার আইনি জটিলতা তৈরি হয়েছে।
(রেডিও টুডে ওয়েব পেজ: **১১.০৮.২০২৬** এলিনা)

## যারা ইসরায়েলকে পিতৃভূমি মনে করে, তাদের সাথেই আঁতাত করতে চায় জামায়াত : রিজভী

প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা ও বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, যারা ইসরায়েলকে বলে তাদের পিতৃভূমি, তাদের সাথে বাংলাদেশ জামায়াতে ইসলামী আঁতাত করতে চায়। আজ মঙ্গলবার (**১১** আগস্ট) দুপুরে পল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে বাংলাদেশ জাতীয়তাবাদী মুক্তিযোদ্ধা দলের সমাবেশে এ মন্তব্য করেন তিনি। রিজভী বলেন, ৫ আগস্টের পর তাদের নেতা বললেন, আওয়ামী লীগের সবাইকে মাফ করে দিবেন। তাহলে মুগ্ধের আত্মদান বৃথা, তাহলে ওয়াসিম আকরামের আত্মদান বৃথা, তাহলে আবু সাঈদ যে রক্ত ঝরালো নিজের বুকে বুলেট বরণ করল, সেই আত্মদান বৃথা? আপনি তাদের রক্তকে মাড়িয়ে তাদের ক্ষমা করে দেবেন এবং বলেছেন পার্শ্ববর্তী দেশের সাথে সম্পর্ক গড়ে তুলবেন। প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা আরও বলেন, জামায়াতে ইসলামীর প্রধান তার যে সরকারি বাড়ি, সেই বাড়ির চারিদিকে চিত্র প্রদর্শনী করলেন। সেই চিত্র প্রদর্শনী ৭১ থেকে শুরু করে জুলাই... সেইখানে দেশের যিনি সর্বশ্রেষ্ঠ মুক্তিযোদ্ধা, স্বাধীনতার ঘোষক, তার কোনো ছবি নেই। এটা থেকেই বোঝা যায় যে, তাদের অন্তরের মধ্যে কী কাহিনী তারা লিপিবদ্ধ করে রেখেছেন। বক্তব্যের শেষ দিকে তিনি বলেন, ৭১-এর পথ ধরেই ৯০, ৭১ এর পথ ধরেই জুলাই। কারণ সেই চেতনা আছে যে, এদেশের মানুষ লুঙ্গি পরে হাতে রাইফেল নিতে পারে, এদেশের মানুষ স্ট্যানগান নিয়ে নদীর সাঁতরে শত্রুর শিবিরে ধরা দিতে পারে, সেটাই হচ্ছে আমাদের ইতিহাস। সেটাই আমাদের ঐতিহ্য। সেটাই আমাদের গর্বের সম্পদ। সেটারই উত্তরাধিকার হচ্ছে আজকের প্রজন্ম।
(রেডিও টুডে ওয়েব পেজ: **১১.০৮.২০২৬** এলিনা)

**রাজনৈতিক অবস্থান জানান দিতে রাষ্ট্রপতি নির্বাচনে প্রার্থী দেওয়া : বিরোধীদলীয় চিফ হুইপ**

রাজনৈতিক অবস্থান জানান দিতে রাষ্ট্রপতি নির্বাচনে বিরোধী দল প্রার্থী দিয়েছে বলে জানিয়েছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ও বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম। তিনি বলেছেন, গণতন্ত্রের জন্য একটা অংশগ্রহণমূলক নির্বাচন প্রয়োজন এবং আমরা মনে করছি, এই মুহূর্তে বাংলাদেশের অভিভাবক হিসেবে কর্নেল (অব.) অলি আহমদ সবচেয়ে গ্রহণযোগ্য হবেন। আজ মঙ্গলবার (১১ আগস্ট) জাতীয় সংসদ ভবনে রাষ্ট্রপতি নির্বাচন বিষয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। নাহিদ ইসলাম বলেন, আমাদের প্রত্যাশা ছিল জুলাই সনদ অনুযায়ী রাষ্ট্রপতি নির্বাচন। যেহেতু গণভোটের রায়ও সংস্কারের পক্ষে এসেছে। ৭০ অনুচ্ছেদ সংস্কার করে আমরা যদি রাষ্ট্রপতি নির্বাচন করতে পারতাম, তাহলে যিনি রাষ্ট্রপতি নির্বাচিত হয়ে আসতেন, তিনি আরও অনেক বেশি সম্মানীত হতেন এবং আরও অনেক বেশি গ্রহণযোগ্য এবং আস্থার জায়গায় হতেন। বিরোধী দলীয় চিফ হুইপ আরও বলেন, যেহেতু নির্বাচন হচ্ছে, আমরা এটা বিনা কন্টেস্টে দিতে চাই না। আমরা সে কারণে বিরোধী দলের জায়গা থেকে প্রার্থী দিয়েছি এবং আজকের মিটিংয়েও আলোচনা হয়েছে, যাতে সুষ্ঠুভাবেই নির্বাচন প্রক্রিয়াটা সম্পন্ন হয়।
(রেডিও টুডে ওয়েব পেজ: ১১.০৮.২০২৬ এলিনা)

**তারেক রহমানকে দ্বিপাক্ষিক সফরের জন্য আনুষ্ঠানিক আমন্ত্রণ জানানো হয়েছে : জয়সোয়াল**

বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে বাংলাদেশে নিযুক্ত ভারতের হাইকমিশনার দীনেশ ত্রিবেদীর সাম্প্রতিক বৈঠকে দুই দেশের দ্বিপাক্ষিক সম্পর্কের বিভিন্ন বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। একইসঙ্গে ভারত সরকারের পক্ষ থেকে প্রধানমন্ত্রীকে দ্বিপাক্ষিক সফর এবং আসন্ন ব্রিকস সম্মেলনে অংশ নিতে ভারত সফরের আমন্ত্রণ জানানো হয়েছে। মঙ্গলবার নয়াদিল্লিতে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাপ্তাহিক ব্রিফিংয়ে এ তথ্য জানান মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সোয়াল। জয়সোয়াল বলেন, বাংলাদেশে নতুন সরকার দায়িত্ব নেওয়ার পরপরই প্রধানমন্ত্রী তারেক রহমানকে ভারতে দ্বিপাক্ষিক সফরের জন্য আনুষ্ঠানিক আমন্ত্রণ জানানো হয়েছিল। এর পাশাপাশি, আঞ্চলিক জোট বিমসটেকের বর্তমান সভাপতি হিসেবে বাংলাদেশ প্রধানকে আগামী সেপ্টেম্বরে নয়াদিল্লিতে অনুষ্ঠিতব্য ১৮তম ব্রিকস শীর্ষ সম্মেলনের 'আউটরিচ সেশন'-এ অংশগ্রহণের জন্য পৃথক আমন্ত্রণ পাঠানো হয়েছে। ঢাকায় ভারতীয় হাইকমিশনারের সঙ্গে প্রধানমন্ত্রীর সাম্প্রতিক বৈঠককে অত্যন্ত আশাব্যঞ্জক ও ইতিবাচক হিসেবে উল্লেখ করে মুখপাত্র জানান, দুই দেশের স্বার্থসংশ্লিষ্ট এবং দ্বিপাক্ষিক বিভিন্ন বিষয় আলোচনায় উঠে এসেছে। উল্লেখ্য, আগামী ১২ ও ১৩ সেপ্টেম্বর ভারতের আয়োজনে অনুষ্ঠিত হতে যাচ্ছে ১৮তম ব্রিকস শীর্ষ সম্মেলন। ব্রিকসের নিয়ম অনুযায়ী আঞ্চলিক জোটের প্রধানদের এতে আমন্ত্রণ জানানো হয়। এর প্রক্রিয়ার অংশ হিসেবেই ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বিমসটেকের বর্তমান চেয়ারম্যান হিসেবে তারেক রহমানকে ওই অধিবেশনে অংশ নেয়ার আমন্ত্রণ জানিয়েছিলেন। গত ১৪ জুলাই ঢাকায় ভারতীয় হাইকমিশনের মাধ্যমে পররাষ্ট্র মন্ত্রণালয়ে একটি কূটনৈতিক পত্র পাঠিয়ে এ আমন্ত্রণ জানানো হয়। (রেডিও টুডে ওয়েব পেজ:১১.০৮.২০২৬ আসাদ)

**ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি নয়, ঢাবির অধীনে পরীক্ষা চান তিতুমীরের শিক্ষার্থীরা**

ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির অধীনে না গিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত থেকেই দ্রুত পরীক্ষা নেওয়া ও সনদ দেওয়ার দাবি জানিয়েছেন সরকারি তিতুমীর কলেজের ২০২১–২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা। দাবি বাস্তবায়ন না হলে আইনি পদক্ষেপ নেওয়ারও হুঁশিয়ারি দিয়েছেন তারা। মঙ্গলবার দুপুরে রাজধানীর মহাখালীতে সরকারি তিতুমীর কলেজে আয়োজিত এক সংবাদ সম্মেলনে শিক্ষার্থীরা এসব দাবি জানান। ২০২১–২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ব্যানারে আয়োজিত সংবাদ সম্মেলনে ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির অধীনে তাদের পরীক্ষা, শিক্ষাক্রমের ধারাবাহিকতা ও সনদ নিয়ে বিভিন্ন উদ্বেগ তুলে ধরা হয়। শিক্ষার্থীদের দাবি, সদ্য প্রতিষ্ঠিত ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির অধীনে তাদের পরীক্ষা ও সনদ প্রদানের প্রক্রিয়া শুরু হলে তা দীর্ঘসূত্রতায় পড়তে পারে। এতে তাদের শিক্ষাজীবন আরও দীর্ঘ হবে এবং কর্মজীবনে প্রবেশে বিলম্ব ঘটবে। তাই ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে সাত কলেজের বর্তমান কাঠামোতেই দ্রুত তাদের শিক্ষা কার্যক্রম শেষ করার দাবি জানিয়েছেন তারা। সংবাদ সম্মেলনে শিক্ষার্থীদের পক্ষে বক্তব্য দেন তিতুমীর কলেজের সমাজকর্ম বিভাগের মুরাদ মুস্তাকিন, পদার্থবিজ্ঞান বিভাগের আফরিনা সানজিদ, রসায়ন বিভাগের জাহিদুল হাসান রনি ও মার্কেটিং বিভাগের অদিতি পাল। মুরাদ মুস্তাকিন বলেন, শিক্ষার্থীদের মতামত উপেক্ষা করে অন্য কোনো বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত করার সিদ্ধান্ত নেওয়া হলে আমরা সম্মিলিতভাবে আইনি ব্যবস্থা নেব। শিক্ষার্থীদের ইচ্ছার বিরুদ্ধে কোনো সিদ্ধান্ত আমরা মেনে নেব না। (রেডিও টুডে ওয়েব পেজ:১১.০৮.২০২৬ আসাদ)

**জনগণ অর্থনৈতিকভাবে শক্তিশালী হলেই রাষ্ট্র শক্তিশালী হবে : প্রধানমন্ত্রী**

দেশকে অর্থনৈতিক ও সামাজিকভাবে শক্তিশালী অবস্থানে নিয়ে যাওয়াই সরকারের লক্ষ্য বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, " রাজনৈতিক অধিকারের পাশাপাশি মানুষের অর্থনৈতিক সক্ষমতা নিশ্চিত করা জরুরি। এ জন্য দেশীয় উদ্যোক্তাদের বিনিয়োগ ও কর্মসংস্থান সৃষ্টিতে উৎসাহিত করতে সরকার প্রয়োজনীয় সব ধরনের নীতিসহায়তা দেবে।" মঙ্গলবার বাংলাদেশ সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষে বন্ধ থাকা রাষ্ট্রায়ত্ত তিনটি পাটকল বেসরকারি দুই প্রতিষ্ঠানের কাছে লিজ দেওয়ার চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে দেওয়া বক্তব্যে প্রধানমন্ত্রী এসব কথা

বলেন। প্রধানমন্ত্রী বলেন, "জনগণের অর্থনৈতিক সক্ষমতা নিশ্চিত করা গেলে রাষ্ট্র শক্তিশালী হয়।" সাধারণ মানুষকে অভাবের মধ্যে রেখে কিংবা তাদের মুখ বন্ধ করে কোনো রাষ্ট্র শক্তিশালী হতে পারে না। দেশের প্রকৃত উদ্যোক্তাদের পাশে থাকার প্রতিশ্রুতি দিয়ে তিনি বলেন, "সরকার তাদের প্রয়োজনীয় সহযোগিতা দেবে। উদ্যোক্তাদের সহযোগিতা করা গেলে একদিকে মানুষের কর্মসংস্থান ও জীবনের নিশ্চয়তা তৈরি হবে, অন্যদিকে সামগ্রিক অর্থনৈতিক পরিস্থিতির উন্নতি হবে।" প্রধানমন্ত্রী বলেন, "আমরা এমন একটা দেশ তৈরি করতে চাই, যেখানে সবাই এখন যে অবস্থায় আছে, তার থেকে ভালো থাকবে। এটাই আমাদের মূল লক্ষ্য ও উদ্দেশ্য।" বিদেশি বিনিয়োগের পাশাপাশি দেশি বিনিয়োগের ওপর গুরুত্বারোপ করে প্রধানমন্ত্রী বলেন, "বিদেশি বিনিয়োগ অবশ্যই আসবে এবং সরকার সেটি চায়। তবে দেশের নিজস্ব বিনিয়োগকারী ও উদ্যোক্তাদেরও উৎসাহিত করতে হবে। তাদের ব্যবসা ও বিনিয়োগের জন্য সরকারের পক্ষ থেকে যতটুকু নীতিসহায়তা দরকার, তা দেওয়া হবে।" সরকারের নীতির মূল উদ্দেশ্য, সমাজের সব শ্রেণি-পেশার মানুষের জন্য সুযোগ তৈরি করা, এ কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, "সবার সহযোগিতায় একটি সুন্দর ও শক্তিশালী দেশ গড়ে তুলতে সরকার কাজ করছে।" বক্তব্যের শেষ দিকে তিনটি মিলের দায়িত্ব নেওয়া দুই ব্যবসায়ী গ্রুপকে ধন্যবাদ জানান প্রধানমন্ত্রী তারেক রহমান। নতুন বিনিয়োগে প্রতিষ্ঠানগুলো সফল হবে এবং কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দেশের অর্থনীতিতে ভূমিকা রাখবে বলে আশা প্রকাশ করেন তিনি। (রেডিও টুডে ওয়েব পেজ:১২.০৮.২০২৬ আসাদ)

## নিয়োগ পরীক্ষায় প্রক্সি ঠেকাতে সরকারের ১২ নির্দেশনা

সরকারি নিয়োগ পরীক্ষায় ভুয়া বা প্রক্সি পরীক্ষার্থী ঠেকাতে বায়োমেট্রিক শনাক্তকরণসহ ১২ দফা নির্দেশনা দিয়েছে জনপ্রশাসন মন্ত্রণালয়। একইসঙ্গে কৃত্রিম বুদ্ধিমত্তা ও বিভিন্ন ইলেকট্রনিক ডিভাইসের অপব্যবহার রোধে পরীক্ষাকেন্দ্রে বিশেষ সতর্কতা অবলম্বনের নির্দেশ দেওয়া হয়েছে। মঙ্গলবার জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত নির্দেশনা দেওয়া হয়। নির্দেশনার চিঠি সব মন্ত্রণালয় ও বিভাগের সিনিয়র সচিব/সচিব, বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসকদের কাছে পাঠানো হয়েছে। নির্দেশনায় বলা হয়, সম্প্রতি মন্ত্রণালয়, বিভাগ এবং অধীন দপ্তর ও সংস্থাসহ বিভিন্ন প্রতিষ্ঠানের নিয়োগ কার্যক্রমে কিছু পরীক্ষার্থী নিজের পরিবর্তে নানা ধরনের অসদুপায় অবলম্বন করে চাকরি পাওয়ার চেষ্টা করছে। এর মধ্যে ভুয়া বা প্রক্সি পরীক্ষার্থীর মাধ্যমে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ এবং কৃত্রিম বুদ্ধিমত্তা ও বিভিন্ন ইলেকট্রনিক ডিভাইসের ব্যবহার রয়েছে। এতে প্রকৃত যোগ্য প্রার্থীর পরিবর্তে অযোগ্য ও ভুয়া প্রার্থীর চাকরি পাওয়ার ঝুঁকি তৈরি হচ্ছে, যা সুষ্ঠু নিয়োগ প্রক্রিয়াকে ক্ষতিগ্রস্ত করছে। এ পরিপ্রেক্ষিতে ভুয়া বা প্রক্সি পরীক্ষার্থী প্রতিরোধে ১২টি পদক্ষেপ নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

১. আবেদনপত্রে আবেদন দাখিলের এক মাসের মধ্যে তোলা সাম্প্রতিক রঙিন ছবি ব্যবহার বাধ্যতামূলক করতে হবে।

২. লিখিত পরীক্ষার আগে প্রার্থীদের আবেদনপত্র ভালোভাবে যাচাই-বাছাই করতে হবে।

৩. পরীক্ষাকেন্দ্রে প্রবেশের সময় কোনো পরীক্ষার্থীকে ক্ষুদ্রাকৃতির ব্লুটুথ ডিভাইস, মোবাইল ফোন, ক্যালকুলেটর, ডিজিটাল হাতঘড়িসহ কোনো ইলেকট্রনিক ডিভাইস, ব্যাগ বা বই-পুস্তক নিয়ে প্রবেশ করতে দেওয়া যাবে না। প্রয়োজনে আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীর সহায়তায় কেন্দ্রের গেটে মেটাল ডিটেকটর দিয়ে পরীক্ষার্থীদের তল্লাশি করা যেতে পারে।

৪. পরীক্ষা শুরু হওয়ার পর কোনো পরীক্ষার্থীকে কেন্দ্রে প্রবেশ করতে দেওয়া যাবে না।

৫. পরীক্ষা কক্ষে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিরা মোবাইল ফোন বা অন্য কোনো ডিজিটাল ডিভাইস ব্যবহার করতে পারবেন না।

৬. প্রবেশপত্র ও হাজিরা শিটে সংযুক্ত ছবির সঙ্গে পরীক্ষার্থীর চেহারা এবং রোল নম্বর মিলিয়ে নিশ্চিত হওয়ার পর কক্ষ পরিদর্শকরা উত্তরপত্রে স্বাক্ষর করবেন। কোনো অসংগতি পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে জানাতে হবে।

৭. মৌখিক পরীক্ষার সময় প্রবেশপত্র এবং লিখিত পরীক্ষার উত্তরপত্রের সঙ্গে প্রার্থীর হাতের লেখার সাদৃশ্য পরীক্ষা করতে হবে। প্রয়োজনে মৌখিক পরীক্ষা বোর্ডে পুনরায় সংক্ষিপ্ত আকারে লেখা নিয়ে তা উত্তরপত্রের লেখার সঙ্গে মিলিয়ে দেখতে হবে।

৮. সম্ভব হলে লিখিত পরীক্ষায় অংশগ্রহণকারী সব পরীক্ষার্থীর ছবি তুলে রাখতে হবে। পরবর্তী সময়ে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের সঙ্গে ওই ছবি মিলিয়ে দেখতে হবে।

৯. ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারী সব পরীক্ষার্থীর ছবি বাধ্যতামূলকভাবে তুলে রাখতে হবে। পরবর্তী সময়ে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থী চাকরিতে যোগদানের সময় ওই ছবি পরীক্ষা করে যোগদানপত্র গ্রহণ করতে হবে।

১০. পরীক্ষার আগে আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনী ও গোয়েন্দা সংস্থার সহায়তা নিতে হবে।

১১. পরীক্ষাকেন্দ্রে মোবাইল কোর্ট বা সামারি ট্রায়াল পরিচালনার জন্য পূর্বপ্রস্তুতি নিতে হবে। ভুয়া বা প্রক্সি পরীক্ষার্থী শনাক্ত হলে তাদের বিরুদ্ধে বাধ্যতামূলকভাবে মোবাইল কোর্ট, সামারি ট্রায়াল অথবা নিয়মিত মামলা করতে হবে।

১২. ভুয়া বা প্রক্সি পরীক্ষার্থী প্রতিরোধে বায়োমেট্রিক শনাক্তকরণ ব্যবস্থাসহ প্রয়োজনীয় অন্যান্য প্রযুক্তি ব্যবহার করতে হবে। মন্ত্রণালয় ও বিভাগগুলোকে তাদের অধীন দপ্তর, সংস্থা ও অন্যান্য প্রতিষ্ঠানকে বিষয়টি অবহিত করতে হবে। একই সঙ্গে পরীক্ষা চলাকালে প্রয়োজনীয় ভিজিল্যান্স টিমের মাধ্যমে বিষয়টি তদারকের ব্যবস্থা নিতে হবে বলে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনায় (রেডিও টুডে ওয়েব পেজ:১২.০৮.২০২৬ আসাদ)

### দুর্ঘটনায় গুরুতর আহত অভিনেতা খায়রুল বাসার

থাইল্যান্ডে শুটিং করতে গিয়ে দুর্ঘটনায় আহত হয়েছেন ছোটপর্দার জনপ্রিয় অভিনেতা খায়রুল বাসার। পাহাড়ের ওপর শুটিং শেষ করে নিচে নামার সময় দুর্ঘটনার শিকার হন তিনি। এ ঘটনায় তার সঙ্গে থাকা চিত্রগ্রাহক মেহেদী রনিও আহত হয়েছেন। বর্তমানে দুজনই হাসপাতালে চিকিৎসাধীন। মঙ্গলবার বাংলাদেশ সময় বিকেল সাড়ে ৪টার পর এ দুর্ঘটনা ঘটে। (রেডিও টুডে ওয়েব পেজ:১২.০৮.২০২৬ আসাদ)

### পুলিশের ঊর্ধ্বতন ১০ কর্মকর্তাকে বদলি

বাংলাদেশ পুলিশের ঊর্ধ্বতন ১০ জন কর্মকর্তাকে নতুন কর্মস্থলে বদলি করা হয়েছে। পদায়ন ও বদলি হওয়া কর্মকর্তাদের মধ্যে পাঁচজন অতিরিক্ত পুলিশ সুপার এবং পাঁচজন সহকারী পুলিশ সুপার পদমর্যাদার কর্মকর্তা রয়েছেন। মঙ্গলবার পুলিশ মহাপরিদর্শক মো. আলী হোসেন ফকির স্বাক্ষরিত পৃথক প্রজ্ঞাপনে এই রদবদলের নির্দেশ দেওয়া হয়। প্রজ্ঞাপন অনুযায়ী, জাতিসংঘ মিশন থেকে ফিরে সম্প্রতি পুলিশ সদর দপ্তরে রিপোর্ট করা অতিরিক্ত পুলিশ সুপার পদে পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তা ইশতিয়াক আহমেদকে বরগুনা জেলা পুলিশের সদর সার্কেলে বদলি করা হয়েছে। অন্যান্য আদেশে পুলিশ সদর দপ্তরের অতিরিক্ত পুলিশ সুপার মো. জাকারিয়া রহমানকে শরীয়তপুরে, পুলিশ সদর দপ্তরের অতিরিক্ত পুলিশ সুপার কাজী মো. সালাহউদ্দিনকে চাঁদপুরে, চাঁদপুরের অতিরিক্ত পুলিশ সুপার মো. লুৎফর রহমানকে কুমিল্লায় এবং রংপুর মেট্রোপলিটন পুলিশের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার মো. শরিফুল আলমকে রংপুরে বদলি করা হয়েছে। এ ছাড়া সহকারী পুলিশ সুপার পদমর্যাদার কর্মকর্তাদের মধ্যে ঢাকা মেট্রোপলিটন পুলিশের সহকারী পুলিশ কমিশনার সাগর সরকারকে পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশনে ন্যস্ত করা হয়েছে। ময়মনসিংহ এসএএফের সহকারী পুলিশ সুপার তাহমিনা আক্তারকে ময়মনসিংহ জেলার ফুলপুর সার্কেলে এবং ময়মনসিংহের ফুলপুর সার্কেলের সহকারী পুলিশ সুপার মো. রাকিবুর রহমানকে রাজবাড়ী জেলার পাংশা সার্কেলে বদলি করা হয়েছে। একই আদেশে চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের সহকারী পুলিশ কমিশনার সিরাজ উদ দৌলাকে হাইওয়ে পুলিশে এবং রাঙামাটি জেলার রাজস্থলী সার্কেলের সহকারী পুলিশ সুপার মো. নুরুল আমিনকে পুলিশের অপরাধ তদন্ত বিভাগে বদলি করা হয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:১২.০৮.২০২৬ আসাদ)

# BBC

### TRUMP HID IN CATERING TRUCK IN SECRET PLANE SWAP OVER IRAN THREAT: REPORTS

Donald Trump secretly swapped planes as he left a Nato summit in Turkey last month, as part of an elaborate ruse in response to a possible Iranian threat, US media report. The US president boarded Air Force One in view of television cameras before being transported to a military aircraft with the help of a catering truck, the Washington Post said. Journalists and some White House staff on board did not know he had been smuggled out. Officials told the BBC's US partner CBS News that the US had detected a credible Iranian threat to fire a missile at the plane. The White House has not confirmed the secret switch. Trump had earlier said he was Iran's "number one target" during the summit in Ankara. The clandestine manoeuvre came a day after the US renewed military strikes on Iran following a breakdown of negotiations between Washington and Tehran to end the war.
(BBC News Web Page: 11/08/26, FARUK)

### RUSSIA USING NORTH KOREAN MISSILES TO STRIKE UKRAINE: ZELENSKY

Ukraine and Russia have continued striking each other overnight, with Volodymyr Zelensky accusing Moscow of using North Korean missiles. The Ukrainian president said strikes in Zaporozhzhia - which killed at least six and injured at least 19 - involved ballistic missiles from Russia's ally. In Voronezh, in southern Russia, warehouses belonging to the online retailer, Wildberries, were hit by Ukraine. The company, known as Russia's Amazon, has been repeatedly targeted in recent weeks. The attacks come a day after at least 13 people were killed, including one child, in Ukrainian drone strikes on the Russian republic of Tatarstan, more than 1,100km from the Ukrainian border. In a video address on Monday evening, Zelensky said "for the first time" Russia "cannot wage war without reinforcements from North Korea". (BBC News Web Page: 11/08/26, FARUK)

### OUSTED SYRIAN DICTATOR BASHAR AL-ASSAD SENTENCED TO DEATH IN ABSENTIA

A Syrian court has sentenced ousted dictator Bashar al-Asaad to death in absentia, after convicting him of committing war crimes and crimes against humanity during the country's civil war. It is the first conviction against Assad, who fled from Damascus to Moscow with his family after his regime was overthrown in December 2024, ending his family's five-decade grip on power. Assad's cousin and the former head of political security in southern Syria's

Deraa province, Atef Najib, was also sentenced to death. He had been put on trial and appeared wearing a striped prison uniform inside a cage in the courtroom as the judge read out his sentence. Deraa is widely seen as the birthplace of the uprising against Assad's rule.
(BBC News Web Page: 11/08/26, FARUK)

**LIBYAN AUTHORITIES BATTLE BIG BLAZE AT MAJOR OIL REFINERY**

Libyan emergency services have been battling to contain a huge blaze at a major oil plant after it was targeted by unknown attackers. The Zawiya refinery, west of the capital Tripoli, was hit in a drone strike on Monday evening - the third such incident in two days. The National Oil Corporation (NOC) said a tank containing about 4.5m litres of fuel was directly hit, triggering a huge fire that caused it to collapse. It said it was considering suspending operations if the attacks continued. There were no "serious injuries" from the fire, with most patients treated for smoke inhalation, Libya's Ambulance and Emergency Service said on Tuesday. The Zawiya refinery is the largest operational facility in Libya, with an output of 1,20,000 barrels per day. The NOC condemned similar attacks in past days in Zawiya, including two drone strikes on a naphtha reservoir and a water desalination plant.
(BBC News Web Page: 11/08/26, FARUK)

**AT LEAST 132 KILLED IN COLOMBIA'S LARGEST EARTHQUAKE IN YEARS**

At least 132 people are dead and a state of emergency has been declared after Colombia was hit by one of its largest earthquakes in years. The death toll is likely to rise, with more feared trapped under collapsed buildings. The magnitude 7.4 quake struck at 07:34 at a depth of 103km in Choco province, the country's geological service said. It was felt across an enormous area, stretching for hundreds of miles across western Colombia. Many of the deaths have been concentrated in the city of Pereira, in Colombia's coffee-growing region, with surrounding cities and the Valle del Cauca region also hit hard. The epicenter of the quake was near the village of San Jose del Palmer, in Choco province, but local mayor Leon Fabio Marin Moncada said that there had miraculously been no deaths or injuries - despite the roads in and out being damaged. At least 570 people were injured in the quakes, Colombia's Association of Capital Cities wrote in a statement update on Monday.
(BBC News Web Page: 11/08/26, FARUK)

**TRUMP SIGNS ORDER TO LIMIT CHILDHOOD VACCINES AND SPLIT MMR SHOTS**

US President Donald Trump has signed an order that calls for fewer childhood vaccines and also recommends splitting the mumps, measles and rubella (MMR) shots. "Decades ago, children received only a small fraction of the vaccines required today," Trump said. "In those times, people were much healthier and of course the high rates of autism now observed did not exist." The president has long cast doubt on the safety of MMR vaccines, but multi studies have found no connection between the shots and autism. Medical experts have criticized the new order and said it could reduce vaccination rates and expose children to harmful diseases. The order also recommends that the number of childhood vaccines drop to 11 from the existing 18 recommended by the American Academy of Pediatrics (AAP). Trump's order serves as guidance, not a mandate, since shots required for school attendance are set at the state level, rather than by the federal government.
(BBC News Web Page: 11/08/26, FARUK)

**NEW TRAIN SERVICE CONNECTS FINLAND AND SWEDEN FOR FIRST TIME IN DECADES**

A new passenger train linking Finland and Sweden has begun running, creating the first rail connection between northern Finland and southern Europe in nearly 40 years. Shortly after 05:00 local time on Monday, a double-decker train set off from the coastal Finnish city of Oulu, rumbling its way across the border to Sweden. As the inaugural service crossed the Torne river from Finland and pulled into Sweden's Haparanda station, it was met by crowds of people waving Finnish and Swedish flags. The route was initially suspended in the late 1980s to the early 1990s, due to low passenger numbers and technical differences in the tracks between Finland and Europe. Finland uses the same track widths as Russia, which are wider than the European standard - a holdover from when the Nordic nation was part of the Russian Grand Duchy in the 19th and early 20th centuries.
(BBC News Web Page: 11/08/26, FARUK)

**US JUDGE DROPS BRIBERY AND FRAUD CASE AGAINST INDIAN BILLIONAIRE GAUTAM ADANI**

A US judge has dismissed criminal charges against Indian billionaire Gautam Adani, bringing a high-profile bribery and fraud case against one of India's richest businessmen to an end. In 2024, Adani was accused of allegedly paying bribes to Indian officials for high-profile renewable energy projects and misleading US investors about it. Adani and his companies have consistently denied wrongdoing. Adani has welcomed the court order and said he accepted the decision with "humility" and "deep respect" for the judicial process. In a 47-page order, US District Judge Nicholas Garaufis on Monday approved the Justice Department's request to drop the charges against Adani. However, the judge strongly criticized the way the decision was reached. He said R Trent McCotter, principal associate deputy attorney general, had worked with Adani's lawyers on the dismissal without consulting prosecutors and investigators who had handled the case.
(BBC News Web Page: 11/08/26, FARUK)

**CHINESE ROCKET EXPLODES AFTER LIFT-OFF**

A Chinese rocket, the Long March 7A, failed and exploded on its 10 August launch in Wenchang, Hainan, China. State media reported that the failure occurred due to an "in-flight anomaly". This was the rocket's first failure since its maiden flight in March 2020, according to Reuters. (BBC News Web Page: 11/08/26, FARUK)

**DRC EBOLA DEATH TOLL PASSES 2,000 AMID FASTEST-GROWING OUTBREAK ON RECORD**

More than 2,000 people have died of Ebola in the Democratic Republic of the Congo (DRC) since its outbreak was declared fewer than three months ago. At least 1,000 of the deaths have occurred in the last three weeks, according to official government data, as the virus continues to spread at an alarming rate. A total of 4,381 Ebola cases across five provinces of the DRC have been confirmed as of Tuesday, including 2,011 deaths. It is the fastest-growing outbreak on record in the Central African country and is second in size only to the West African outbreak from 2014 to 2016, during which 11,310 people died. The response to the outbreak has been complicated by several factors, including strikes by unpaid health workers, misinformation and cultural traditions. These have included intimate family burials of some of those killed by the virus, potentially increasing the risk of further transmission. (BBC News Web Page: 11/08/26, FARUK)

**IRAQ'S SEMI-AUTONOMOUS KURDISH REGION SUFFERS AS US-IRAN WAR DRAGS ON**

For the last five months or so, Iraq's Kurdistan region has suffered the impact and ramifications of the ongoing United States-Israel war on Iran. Despite efforts by the government to distance itself and not take sides or allow attacks on Iran from its territories, the repercussions were heavy on the semi-autonomous region and Iraq as a whole. Since the outbreak of the war in February, hundreds of missiles and drones have hit the Kurdish region. Masrour Barzani, prime minister of the Kurdistan Regional Government (KRG), told the BBC, the region has "paid a heavy price" in the war. According to KRG data, the attacks hit military and security sites, energy facilities, bases and headquarters of opposition Iranian Kurdish parties, in addition to civilian areas. (BBC News Web Page: 11/08/26, FARUK)

**:: THE END ::**